possession of your views and of the measures which you have adopted in regard to the examination of Uncovenanted Servants of your Government, and of candidates for employment in the Judicial and Revenue Departments of the Public Service. The subject derives additional importance from the circumstances that an Act (No. VII. of 1857,) has recently been passed by the Legislative Council of India, providing for the more extensive employment of Uncovenanted Agency in those Departments in the Presidency of Madras.

2. You have made it a fundamental rule that no person above the rank of peon, shall be admitted into the Service, and no member of the service shall be promoted, without undergoing the prescribed examination. Adverting to the number of examinations that must follow a strict observance of the rule, and the great demand that must consequently be made upon the time and labor of District Officers, the Presidency Board of Examiners have suggested that the examination of the lowest division of Public Officers, or, as we presume the entrance examination, shall be abandoned and the certificates of the heads of Educational Establishments testifying that the candidates have creditably passed the test required by Government shall be accepted in lieu of the examination. You have very properly negatived this suggestion, for the reasons stated in the 9th paragraph of your Resolution of the 30th January last.

3. The Uncovenanted Service is to be formed into three divisions. The first is to comprise all appointments the salary of which may amount to, or exceed Rupees 250, the second all appointments from Rupees 75 to 250, and the third all appointments below Rupees 75 per mensem. The second division is sub-divided into two classes, comprising respectively appointments from 75 to 150 and from 150 to 250, and the third into three classes as follows :—

1st, all below 25 Rupees.

2nd, from 25 to 50 „

3rd, from 50 to 75 „

4. The candidates are to be placed in the different classes according to the number of marks assigned to them respectively.

5. The examinations are to be held half-yearly, and are to be open to all candidates whose age may exceed 18 years. Every candidate for examination must produce, *first*, a Medical Certificate of physical fitness; *secondly*, testimonials as to character, general respectability, and (if he has already been employed in the Public Service) as to his efficiency as a public servant; and *thirdly*, an authentic statement of age, parentage, profession, birth-place, residence and certain other particulars.

6. The test is to be of three kinds, *first* as to the knowledge possessed by the candidate of certain subjects which are to be designated as "essential" subjects; *secondly*, the same as to certain subjects

যাহে তাহাতে, তোমার গবর্ণমেণ্টের অচিহ্নিত কার্য্যকারকেরদের, ও সরকারী কর্ম্মের বিচারকর্ত্তা, ও রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেণ্টে যাঁহারা পদাকাঙ্খী হন তাঁহারদের পরীক্ষার বিষয়ে তোমার যে অভিপ্রায়, ও পরীক্ষা লইবার যে নিয়ম করিয়াছ তাহা আমরা অবগত হইয়াছি। আরো মান্দ্রাজ রাজধানীর মধ্যে এই ডিপার্টমেণ্টে অচিহ্নিত কার্য্যকারকদিগকে আরো বিস্তারিতরূপে নিযুক্ত করিবার বিধানের এক আইন(অর্থাৎ ১৮৫৭ সালের ৭ আইন)সম্প্রতি ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে জারী হইয়াছে, ইহাতে সেই পরীক্ষার কথা পূর্ব্বাপেক্ষা অতিগুরুতর হয়।

২। তুমি এই মূল বিধান করিয়াছ। নির্দ্দিষ্টমতের পরীক্ষা না দিলে কোন লোক সরকারী কর্ম্মেতে পেয়াদাহইতে উচ্চ পদে নিযুক্ত হইবেন না, ও বর্ত্তমান পদহইতে উচ্চ পদে ভর্ত্তি হইবেন না। এই বিধান দৃঢ়রূপে মানিলে অবশ্য অনেক পরীক্ষা লইতে হইবেক, ও তাহাতে জিলার কার্য্যকারক সাহেবেরদের অনেক সময় হরণ ও পরিশ্রম বৃদ্ধি হইবেক ইহা বিবেচনা করিয়া, রাজধানীর পরীক্ষক বোর্ডের সাহেবেরদের এই পরামর্শ হইয়াছে যে, অধঃশ্রেণীর কর্ম্মকারকেরদের পরীক্ষা ত্যাগ করা যায় (ইহাতে বোধ হয় প্রথম স্থলের পরীক্ষার কথার উল্লেখ করেন) ও ঐ২ পদাকাঙ্খিরা গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট নিয়মমতে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন, বিদ্যালয়ের প্রধান কর্ম্মকারকেরদের এই মর্ম্মের সর্টিফিকট ঐ পরীক্ষার পরিবর্ত্তে গ্রাহ্য হয়। পরন্তু তোমার গত জানুআরি মাসের ৩০ তারিখের নির্দ্ধারণের ৯ দফায় যে২ কারণ প্রকাশ করিয়াছ, সেই২ কারণে তাঁহারদের ঐ পরামর্শ অগ্রাহ্য করিয়াছ, ইহা উচিত করিলা।

৩। অচিহ্নিত কর্ম্মকারকেরদের পদের তিন শ্রেণী হইবেক। অর্থাৎ যে২ পদের ২৫০৲ টাকা কি তাহার অধিক বেতন হয় তাহা প্রধান শ্রেণী। যে২ পদের ৭৫৲ টাকাঅবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত বেতন, তাহা দ্বিতীয় শ্রেণী, ও যে২ পদের ৭৫৲ টাকার কম বেতন তাহা তৃতীয় শ্রেণী। ঐ দ্বিতীয় শ্রেণীর দুই ভাগ। যে২ পদের ৭৫৲ টাকাঅবধি ১৫০৲ টাকাপর্য্যন্ত বেতন তাহা প্রথম ভাগ। ও যে২ পদের ১৫০৲ টাকাঅবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত বেতন তাহা দ্বিতীয় ভাগ। তৃতীয় শ্রেণীর এই তিন ভাগ হইল,

প্রথম, যে২ পদের ২৫৲ টাকার কম বেতন।

দ্বিতীয়, যে২ পদের ২৫৲ টাকাঅবধি ৫০৲ টাকাপর্য্যন্ত বেতন।

তৃতীয়, ৫০৲ ঐ ৭৫৲ ঐ।

৪। পরীক্ষার কালে পদাকাঙ্খিরদের নামে যত অঙ্ক পড়ে তাহা বুঝিয়া তাঁহারা প্রথমপ্রভৃতি শ্রেণীতে ভর্ত্তি হইবেন।

৫। পরীক্ষা ছয়২ মাসান্তর হইবেক। ও ১৮ বৎসরের অধিক বয়সের কোন লোক পরীক্ষা দিতে পারিবেন। পরীক্ষা দেইনাকাঙ্খি প্রত্যেক জনের এই২ পত্রাদি দিতে হইবেক। প্রথম, কায়িক স্বাস্থ্যের বিষয়ে চিকিৎসকের এক সর্টিফিকট। দ্বিতীয়, সুচরিত্রের ও সাধারণমতে মর্য্যাদার প্রমাণপত্র, ও পূর্ব্বে যদি সরকারী কর্ম্ম করিয়া থাকেন তবে সরকারী কার্য্যকারকস্বরূপে তাঁহার উপযোগিতার প্রমাণপত্র। তৃতীয়, তাঁহার বয়স্ ও বংশ ও ব্যবসায় ও জন্মস্থান ও বাসস্থানপ্রভৃতি বিশেষ কএক কথার এক যথার্থ লিপি।

৬। পরীক্ষা তিন বিষয় লইয়া হয়। নিতান্ত আবশ্যক বলিয়া কোন২ বিদ্যাদিতে পদাকাঙ্খির যেপর্য্যন্ত জ্ঞানপ্রাপ্তি হইয়াছে তাহা প্রথম। নিতান্ত আবশ্যক নহে বলিয়া কোন২ বিদ্যাদিতে পদাকাঙ্খির যেপর্য্যন্ত

which are to be designated as "non-essential;" and *thirdly*, as to the moral character of the candidate and in the event of his being already employed in the Public Service as to his experience and proved capacity for business.

7. The examination is to be decided by marks, of which a fixed maximum number is to be allotted for the whole examination. Of this number one portion is assigned to the "essential subjects," one to the "non-essential," and one to character and official experience and capacity. A fixed minimum of the whole must be attained to qualify for admission or promotion, as the case may be, and again one-half of the prescribed minimum number of marks must be for "essential" subjects, and the rest for the other two branches of the test, that is for the "non-essential" subjects, or for character and official experience and capacity, or partly for the one and partly for the other.

8. The essential subjects of examination for all candidates but those to be employed in the English departments of Service, are the Vernacular language of the District in which the candidate seeks employment. English in all but the two lower classes of the third division, Arithmetic, Principles of Law, the Regulations and Acts of the Government and the Judicial and Revenue administration of the Presidency according as the candidate seeks admission into one or other of those branches of the Public Service. In the English Departments a sound knowledge of English and Arithmetic is required. The "non-essential" subjects of examination are History, Geography, Algebra, Political Economy, certain branches of Science, and a higher knowledge than is prescribed as "essential" of Arithmetic and Mathematics and of Civil and Criminal Law. The standard of examination, of course, varies ascending in the scale of acquirement from the lowest to the highest class.

9. It is further provided that ordinarily an Officer must serve five years in the third division, before he can be promoted to the second. Exceptions are made in favor of persons reported by Heads of Offices to have extraordinary claims or qualifications, and of those who have attained high academical distinctions, in which latter case the term of service in the third division may be reduced to two years. In like manner except in very special cases an Officer must serve for five years in the second before he can be eligible for promotion to the first division.

10. There are to be four divisional committees of examination, *viz.*, at Bellary, Trichinopoly, Mangalore, and Rajahmundry, and the examination of candidates resident in the Districts in the neigh-

জ্ঞানপ্রাপ্তি হইয়াছে তাহা দ্বিতীয়। ও নীতিপক্ষে পদাকাঙ্ক্ষীর যে চরিত্র, ও পূর্ব্বে যদি সরকারী কর্ম্ম করিয়া থাকেন তবে সেই কর্ম্মেতে তাঁহার যে অনুশীলন ও যে ক্ষমতার প্রমাণ হইল তাহা তৃতীয়।

৭। পরীক্ষার ফল অঙ্কদ্বারা নির্ণয় হইবেক। অর্থাৎ যে২ বিষয় লইয়া পরীক্ষা হয় তাহা সমুদয়ে যে জন উত্তীর্ণ হন তাঁহার নামে নির্দ্ধারিত কোন উচ্চ অঙ্ক পড়িবেক। ঐ নির্দ্ধারিত অঙ্কের তিন ভাগ করিয়া, নিতান্ত আবশ্যক বিষয়ের এক ভাগ। নিতান্ত আবশ্যক নয়, এমত বিষয়ের অন্য ভাগ। ও সুচরিত্রের ও সরকারী কর্ম্মেতে অনুশীলনের ও ক্ষমতার তৃতীয় ভাগ হইবেক। আর ইহার মধ্যে যত অঙ্ক না পাইলে কোন লোক সরকারী কর্ম্মে গ্রাহ্য হইতে পারিবেন না, কিম্বা বিষয়বিশেষে উচ্চ পদে নিযুক্ত হইবেন না, অতি ন্যূন এমত কোন অঙ্কও নির্দ্ধার্য্য হইবেক। ঐ নির্দ্ধারিত অতি ন্যূন অঙ্কের অর্দ্ধেক নিতান্ত আবশ্যক বিদ্যাদির নিমিত্তে, ও পরীক্ষার অন্য বিষয়ের নিমিত্তে অর্থাৎ নিতান্ত আবশ্যক নয় এমত বিদ্যাদির নিমিত্তে, অথবা সুচরিত্রের ও সরকারী কর্ম্মেতে অনুশীলনের ও ক্ষমতার নিমিত্তে অন্য অর্দ্ধেক হইবেক, কিম্বা ইহার দুই ভাগ করিয়া এক ভাগ এক বিষয়ের ও অন্য ভাগ অন্য বিষয়ের নিমিত্তে হইবেক।

৮। "নিতান্ত আবশ্যক" যে২ বিষয়ের পরীক্ষা সকল পদাকাঙ্ক্ষীর দিতে হইবেক তাহা এই২। যাঁহারদের কেবল ইঙ্গরেজী ভাষা লইয়া কর্ম্ম করিতে হইবেক তাঁহারা ছাড়া, অন্য পদাকাঙ্ক্ষীরা যে২ জিলাতে কর্ম্ম পাইতে চাহেন সেই২ জিলার চলন ভাষা, ও তৃতীয় শ্রেণীর অধো দুই ভাগ ভিন্ন অন্য সকল ভাগে ও শ্রেণীতে ইঙ্গরেজী ভাষা, ও অঙ্কবিদ্যা, ও ব্যবস্থার মূল বিধান, ও গবর্ণমেণ্টের আইন ও আকট, ও পদাকাঙ্ক্ষী সরকারের আদালতসম্পর্কীয় কি রাজস্বসম্পর্কীয় যে পদে ভর্ত্তি হইতে চাহেন তাহা বুঝিয়া, রাজধানীর মধ্যে আদালতের কিম্বা রাজস্বসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহের বিধান। ইঙ্গরেজী ভাষাতে, ঐ ভাষার ও অঙ্কবিদ্যার উত্তম জ্ঞানপ্রাপ্তির আবশ্যক। "নিতান্ত আবশ্যক নহে" এমত যে২ বিষয়ে পরীক্ষা দিতে হইবেক তাহা এই২। পুরাবৃত্ত বিবরণ, ও ভূগোলবিদ্যা, ও বীজগণিত বিদ্যা, ও রাজনীতি, ও অন্য কএক বিদ্যা, ও আবশ্যক বলিয়া অঙ্কবিদ্যার ও মাথিমাটিক বিদ্যার ও দেওয়ানী ও ফৌজদারী আইনের যত জ্ঞানপ্রাপ্তির প্রয়োজন তাহার অধিক জ্ঞান। শ্রেণী বুঝিয়া সুতরাং পরীক্ষারও বিশেষ হয়।

৯। আরো সাধারণমতের এই নিয়ম হইয়াছে, কোন কার্য্যকারক পাঁচ বৎসর তৃতীয় শ্রেণীতে কর্ম্ম না করিলে, দ্বিতীয় শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না। কিন্তু লোকবিশেষের অসাধারণ যোগ্যতা কি গুণাদি থাকে কোন দফ্তরের প্রধান কার্য্যকারক সাহেব যাঁহারদের নামের এমত রিপোর্ট করেন তাঁহারদিগকে লইয়া, ও যাঁহারা বিদ্যালয়ের শিক্ষিত বিদ্যাদিতে বিশেষ নৈপুণ্য প্রাপ্ত হইয়াছেন তাঁহারদিগকে লইয়া ঐ নিয়ম ছাড়া কার্য্য হইতে পারিবেক, ও শেষোক্ত প্রকারের লোকেরা তৃতীয় শ্রেণীতে দুই বৎসর কর্ম্ম করিলে পর উচ্চ শ্রেণীভুক্ত হইতে পারিবেন। তদ্রূপে বিশেষ স্থলছাড়া দ্বিতীয় শ্রেণীতে পাঁচ বৎসর কর্ম্ম না করিলে কোন কার্য্যকারক প্রথম শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না।

১০। চারি এলাকায় অর্থাৎ বেলারিতে ও ত্রিচিঙ্গপল্লিতে ও মাঙ্গালুরে ও রাজামন্দিরীতে পরীক্ষা লইবার কমিটি থাকিবেক, ও রাজধানীর নিকটং জিলাতে

bourhood of the Presidency, is to be conducted at Madras by the Court of Sudder Adawlut.

11. The above is a summary of the rules which you have adopted in regard to this important subject. We have noticed with much satisfaction the deep interest you have taken in it, and the ability with which you have treated it.

12. With one material exception we approve of the standard of qualification in "essential" subjects, which you have laid down as a test of the practical knowledge and ability necessary for the proper discharge of public duties. We do not think, however, that the time has arrived when with due regard to the efficiency of the Public Officers, and the satisfactory despatch of the business of the many millions of native subjects in India, you can require a knowledge of English from every person in your employ drawing a salary of more than 50 Rupees a month. A rule of this kind would have the effect of throwing appointments into the hands of individuals educated at English schools to the exclusion of a large number of persons to be found throughout the Presidency, who notwithstanding their ignorance of English, may prove very valuable public Servants. It may be well to encourage lads of superior abilities to learn English, and we could have no objection to your giving a knowledge of English a high place in the list of "non-essential" subjects for all candidates but those to be employed in offices in which such knowledge is indispensable; but we feel satisfied of the impropriety of a rule which requires from every Moonsiff and Tehsildar a high proficiency in English, as an indispensable qualification for office. We may further remark that the inevitable tendency of surrounding our Covenanted Officers with men conversant with English, will be a neglect on the part of the former of the languages of the Country, a result which for the sake of our native subjects in general we should deeply deplore. We consider it of far greater importance that our European Officers should be able to converse in the native languages with the people of the Country, and to read with ease, and to scrutinize all documents so written than that the Native Officers should be acquainted with the language of their European superiors. We think that this part of your scheme requires further consideration.

13. The limitation of the subjects of examination to such as bear directly upon the future employment of the candidates, would operate injuriously upon the general education of those seeking admission into the public service, by holding out inducements to them to qualify themselves as mere official machines, to the neglect of those branches of knowledge, the study of which is calculated to invigorate the intellect, to nature the judgment, and to render a public servant generally useful and efficient. You have acted judiciously in prescribing that the examination shall embrace the leading features of a

যে পদাকাঙ্ক্ষিরা বাস করেন তাঁহারদের পরীক্ষা মান্দ্রাজের সদর আদালতে হইবেক।

১১। তুমি উক্ত অতিগুরুতর বিষয়ের যে বিধি করিয়াছ তাহার এই সারসংগ্রহ লিখিলাম। আর ইহাতে তোমার যে আনুকূল্য ও তৎসম্পর্কে তুমি যে ক্ষমতা প্রকাশপূর্ব্বক কর্ম্ম করিয়াছ তাহা দেখিয়া আমারদের অত্যন্ত সন্তোষ হইয়াছে।

১২। সরকারী কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করিবার যত জ্ঞান ও ক্ষমতার আবশ্যক হয় তাহার পরীক্ষা করিবার জন্যে, আবশ্যক বিষয়েতে পদাকাঙ্ক্ষিরদের গুণ নিরূপণের যে নিয়ম করিয়াছ তাহাতে গুরুতর এক বিষয়ছাড়া আমরা সম্মত আছি। সরকারী কার্য্যকারকেরদের উপযোগিতা, ও ভারতবর্ষীয় প্রজারদের কোটি২ লোকের মোকদ্দমাপ্রভৃতি সুবোধমতে নির্ব্বাহ হওয়া, এই দুইয়ের উচিতমতে বিবেচনা করিলে বোধ হয় ৫০৲ টাকার অধিক বেতন যাঁহারা পান তাঁহারদের প্রত্যেক জনের ইঙ্গরেজী ভাষা জানিতে হইবেক, এমত হুকুম করিবার সময় এখনও উপস্থিত হয় নাই। সেই বিধান থাকিলে, যাঁহারা ইঙ্গরেজী বিদ্যালয়ে শিক্ষা পাইয়াছেন তাঁহারাই সরকারী সকল কর্ম্ম পাইবেন, ও ইঙ্গরেজী ভাষা না জানিলেও যাঁহারা সরকারী কর্ম্মের অতি উপযুক্ত কার্য্যকারক হইতে পারিবেন, মান্দ্রাজ দেশনিবাসি এমত বহুতর লোক সেই কর্ম্ম পাইতে পারিবেন না। গুণশালি যুবারদিগকে ইঙ্গরেজী ভাষা শিক্ষা করিবার উৎসাহ দেওয়া ভাল হইতে পারে, ও যে২ পদে ইঙ্গরেজী জ্ঞান নিতান্ত আবশ্যক এমত পদে যাঁহারা নিযুক্ত হইবেন তাঁহারদেরছাড়া অন্য সকল পদাকাঙ্ক্ষিরদের "নিতান্ত আবশ্যক নহে" এমত যে২ বিষয়ে পরীক্ষা দিতে হইবেক তাহার মধ্যে ইঙ্গরেজী ভাষার জ্ঞান অতিগুরুতর বলিয়া গণ্য করিলে আমারদের কোন আপত্তি নাই। কিন্তু ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে না জানিলে কোন কেহ মুনসেফী পদ কি তহসীলদারী পদ পাইতে পারেন না এমত বিধি আমরা অনুচিত জ্ঞান করি। আরো আমারদের এই বক্তব্য, আমারদের চিহ্নিত কার্য্যকারকেরদের চতুর্দ্দিগে ইঙ্গরেজী ভাষা বিদিত লোকেরা থাকিলে, তাঁহারদের অবশ্য দেশীয় ভাষা শিক্ষা করিতে শৈথিল্য হইবেক। তদ্রূপ শৈথিল্য হইলে দেশীয় সর্ব্ব সাধারণ প্রজারদের পক্ষে আমারদের অত্যন্ত খেদ জন্মিবেক। ইউরোপীয় উপরিস্থ কার্য্যকারকেরদের ভাষা দেশীয় কর্ম্মকারকেরদের জানাঅপেক্ষা, ইউরোপীয় কার্য্যকারক সাহেবেরা দেশীয় লোকেরদের সঙ্গে তাঁহারদের স্বদেশীয় ভাষাতে কথাবার্ত্তা করিতে পারেন, ও সেই দেশের অক্ষরে লেখা সকল কাগজপত্র অনায়াসে পাঠ করিতে পারেন ও তাহার মর্ম্মের সন্ধান লইতে পারেন ইহা আমরা গুরুতর জ্ঞান করি। আমরা বোধ করি তোমার নিয়মের এ অংশের অধিক বিবেচনার প্রয়োজন।

১৩। পদাকাঙ্ক্ষিরা উত্তর কালে যে কর্ম্ম পাইতে পারেন তাহা বিশেষমতে লক্ষ করিয়া, তাঁহারদের পরীক্ষার জন্যে কেবল তৎসম্পর্কীয় বিষয় মনোনীত হইলে, যাঁহারা সরকারী কর্ম্মে ভর্ত্তি হইতে বাঞ্ছা রাখেন তাঁহারদের সাধারণ বিদ্যাশিক্ষার অমনোযোগ হইতে পারে, কেননা ইহাতে কেবল কলযন্ত্ররূপে সরকারী কর্ম্ম করণার্থে উপযুক্ত হইবার একটা প্রবৃত্তি জন্মে, ও যে২ বিদ্যাতে বুদ্ধির তেজবৃদ্ধি হয় ও বিবেক পরিপক্ক হয় ও সরকারী কার্য্যকারক সাধারণমতে উপযোগী ও কর্ম্মঠ হন, এমত নানা বিদ্যানুশীলনের শৈথিল্য জন্মে। যে২ বিদ্যাদি শিক্ষা করিলে লোককে বিদ্বান বলা যায় এমত প্রধান২ সকল বিদ্যা ঐ পরীক্ষার মধ্যে

liberal education, which as tests of acquirements and of intellect will doubtless prove exceedingly useful in determining both the positive and relative merits of candidates.

14. The rule which prescribes a minimum number of marks in "essential" subjects as the condition of success is manifestly proper, but we think that the provision for allowing the remainder of the full number of marks required for admission or promotion in the public service, to be made up of marks for the "non-essential" subjects, or for character and official experience and capacity, or partly for the one, and partly for the other, may require some modification. The object in view is not so much to obtain men possessing high scholastic attainments as intelligent and well educated, practical and useful men, competent for the discharge of the highly important duties which will devolve upon them. It is provided indeed that candidates shall produce testimonials of character and capacity, but so long as the option is given to a candidate to complete the total number of his marks, under both or either of the second and third branches of the test, we apprehend that the prescribed testimonials may in some instances be of a very inferior kind. We think that it would be better to declare that no candidate shall be admitted to examination without *approved* testimonials, and to retain only the first and second branches of the test, (in which case your system of marks must undergo alteration), or, if the three branches be retained that a given proportion of the marks should be fixed absolutely for the third as well as for the first branch.

15. The rule which prescribes that ordinarily a public servant shall serve for a fixed period of time in a lower before he is promoted to a higher grade of service, is no doubt a sound one, but is not altogether free from objection, when rigidly enforced as one of universal or almost universal application, a rule for instance, which prevents the appointment of a person to the office of Moonsiff, until he has served for five years in some subordinate ministerial office, may have the effect of excluding from our service men of family and standing, competent to discharge the duties of the Judicial office, and desirous of undertaking it as one of dignity and honour, but who would not willingly enter the lower grades of official employment. We cannot expect that our administration should be either respectable or popular if we repel such men, whose services might be secured by a system such as that in force in the Presidency of Bengal, where candidates for the Judicial office receive their diplomas of qualification on passing an examination prescribed for that particular department of the Public Service.

16. Under the rules which you have recently

ধার্য্য করাতে তোমার বিবেচনাসিদ্ধ কার্য্য হইয়াছে বটে, কেননা তাহা জ্ঞানপ্রাপ্তির ও বুদ্ধির প্রমাণ হইয়া ঐ পদাকাঙ্ক্ষিরদের মধ্যে প্রত্যেক জনের নিজগুণ, ও অন্য পদাকাঙ্ক্ষিরদের সঙ্গে তুলনাক্রমেও তাঁহার গুণ নির্ণয় করণ কার্য্যেতে, তাহাতে অবশ্য অধিক ফল দর্শিবেক।

১৪। অতি ন্যূন কোন অঙ্ক নির্দ্ধার্য্য করিয়া, নিতান্ত আবশ্যক বিষয়ের পরীক্ষাতে তত অঙ্ক যাঁহার নামে না পড়ে তিনি সরকারী কর্ম্মে গ্রাহ্য হইবেন না, এই বিধি স্পষ্টই উপযুক্ত বটে। পরন্তু সরকারী কর্ম্মে ভর্ত্তি হইবার কিম্বা উচ্চ পদ পাইবার জন্যে অবশিষ্ট যত অঙ্ক পাওয়া প্রয়োজন তাহা, নিতান্ত আবশ্যক নয় পরীক্ষার এমত বিষয়ের, অথবা সুচরিত্রের ও কর্ম্মানুশীলনের ও কর্ম্মক্ষম হওয়ার নিমিত্তে, কিম্বা তাহার এক অংশ এক বিষয়ের, অন্য অংশ অন্য বিষয়ের নিমিত্তে পাওয়া যাইতে পারে, এই বিধি কিঞ্চিৎ মতান্তর হইবার প্রয়োজন জ্ঞান করি। যাঁহারা ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে নিপুণ এমন লোকদিগকে নিযুক্ত করা তাদৃশ অভিপ্রায় নাই। কিন্তু বুদ্ধিমান ও সুশিক্ষিত ও কর্ম্মঠ ও উপযোগি লোকদিগকে, অর্থাৎ অতিগুরুতর যে কর্ম্ম তাঁহারদের করিতে হইবেক সেই কর্ম্ম নির্ব্বাহ করিবার উপযুক্ত লোকদিগকে পাওয়া অভিপ্রায়। পদাকাঙ্ক্ষিরা সুচরিত্রের ও কর্ম্মক্ষম হওয়ার প্রমাণপত্র দেখাইবেন এমত বিধান আছে বটে। কিন্তু অবশিষ্ট অঙ্ক পরীক্ষার দ্বিতীয় ও তৃতীয় বিষয়েতে, অথবা ইহার মধ্যে এক বিষয়েতে, স্বেচ্ছামতে পূর্ণ করিতে পারিবেন, এমত বিধি যত কাল থাকে, তত কাল কোন২ স্থলে ঐ নির্দ্দিষ্ট প্রমাণপত্র বোধ হয় অতি অকিঞ্চিৎকর হইতে পারে। যে প্রমাণপত্র সুগ্রাহ্য বোধ হয়, এমত প্রমাণপত্র না দিলে কোন পদাকাঙ্ক্ষী পরীক্ষা দিবার জন্যে গ্রাহ্য হইবেন না, ও পরীক্ষার কেবল প্রথম ও দ্বিতীয় বিষয় নির্দ্ধার্য্য থাকিবেক, এমত বিধি হইলে আমারদের বিবেচনায় ভাল হয়। তাহা হইলে তোমার অঙ্কের নিয়মের পরিবর্ত্তন করিতে হইবেক। কিম্বা যদি পরীক্ষার তিন বিষয়ই রাখা যায়, তবে প্রথম বিষয়ের নিমিত্তে যেমন অঙ্কের এক ভাগ নির্দ্ধারিত করা গেল, তেমনি তৃতীয় বিষয়ের নিমিত্তেও কোন অঙ্ক দৃঢ়মতে নির্দ্ধার্য্য করা উচিত।

১৫। সাধারণমতে সরকারী কোন কর্ম্মকারক নিরূপিত কালপর্য্যন্ত অধঃশ্রেণীতে কর্ম্ম না করিলে, উচ্চ শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না, এই বিধি উত্তম বটে। কিন্তু তাহা সর্ব্ব স্থলে কি প্রায় সর্ব্ব স্থলে খাটে বলিয়া অতি দৃঢ়রূপে প্রবল করাইলে তদ্বিষয়ে আপত্তি হইতে পারে। যথা, কোন লোক অধীন কোন আমলার পদে পাঁচ বৎসর কর্ম্ম না করিলে মুনসেফী পদে নিযুক্ত হইতে পারিবেন না এমত বিধি থাকিতে, সদ্বংশের ও সম্ভ্রান্ত যে লোকেরা বিচারপতির কর্ম্ম নির্ব্বাহ করিতে উপযুক্ত হন, ও মর্য্যাদার ও সম্ভ্রমের পদ বলিয়া তাহা গ্রাহ্য করিতে চাহেন, কিন্তু সরকারী কোন অধঃশ্রেণীর পদে ইচ্ছা করিয়া ভর্ত্তি হইতেন না, এমত লোকেরা সরকারী কর্ম্মের বহির্ভূত হইবেন। এমত লোকদিগকে ত্যাগ করিলে আমারদের কর্ত্তৃত্ব মর্য্যাদাজনক কি সর্ব্বলোকের সন্তোষজনক যে হইবেক, তাহার কিরূপে অপেক্ষা হইতে পারে। বাঙ্গলা দেশে যে নিয়ম চলন হইতেছে সেই নিয়মমতে হইলে তদ্রূপ লোকেরা সরকারী কর্ম্মে ভর্ত্তি হইতে চেষ্টা করিতে পারিবেন। সেই দেশে যাঁহারা বিচারপতিপদাকাঙ্ক্ষী হন তাঁহারা সেই বিশেষ কর্ম্মের নিমিত্তে পরীক্ষোত্তীর্ণ হইলে যোগ্যতার পত্র পান।

১৬। তুমি সম্প্রতি যে বিধির অনুমতি করিয়াছ

sanctioned it will be open to any one residing in the Presidency of Madras to compete for admission into the service of Government, and for any member of the Service in the lower grades to compete for promotion to the higher rank. So far the system is to be one of competition ; but we think that you have acted wisely in putting some restriction upon the operation of the purely competitive plan, by allowing Heads of Offices, to select from among the passed candidates, instead of compelling them to take the first on the Examiner's List. In order to assist Officers in making a selection, we suggest the expediency of your directing the insertion in the List of the passed candidates intended for circulation to the controlling District Authorities, the number of marks gained by each candidate under the several branches of the examination test.

সেই বিধিমতে মান্দ্রাজ দেশনিবাসি যাঁহারা চাহেন, তাঁহারা সরকারী কর্ম্মে ভর্ত্তি হইবার জন্যে প্রতিযোগী হইয়া যত্ন করিতে পারেন, ও অধঃস্থ শ্রেণীর কোন কর্ম্মকারক উর্দ্ধ শ্রেণীতে ভর্ত্তি হইবার জন্যে তদ্রূপে যত্ন করিতে পারিবেন। এপর্য্যন্ত তোমার নিয়মমতে প্রতিযোগিতাক্রমে পদপ্রাপ্ত হওয়া যাইতে পারে। পরন্তু পরীক্ষোত্তীর্ণ লোকেরদের নামের যে ফর্দ্দ পরীক্ষক সাহেবেরা প্রস্তুত করেন তাহা দেখিয়া, যাঁহার নাম প্রথমে থাকে তাঁহাকেই দফ্তরখানার প্রধান কার্য্যকারক সাহেবেরদের নিযুক্ত করিতে হইবেক এমত বিধি না করিয়া, তাঁহারদের মধ্যে যাঁহাকে মনোনীত করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন, এমত অনুমতি দেওয়াতে, তুমি কেবল প্রতিযোগিতাক্রমে পদপ্রাপণের নিয়মের কিঞ্চিৎ খর্ব্বতা করিয়াছ, ইহা বোধ হয় সদ্বিবেচনার কার্য্য হইয়াছে। মনোনীত করণেতে প্রধান কার্য্যকারকেরদের সাহায্য হয় এই নিমিত্তে আমারদের এই পরামর্শ। পরীক্ষোত্তীর্ণ লোকেরদের নামের যে ফর্দ্দ জিলার তত্ত্বাবধারক সাহেবেরদের মধ্যে বিলি করিবার নিমিত্তে হয়, সেই ফর্দ্দেতে, পরীক্ষার এক২ বিষয়ে পদাকাঙ্ক্ষি এক২ জনের নামে যত অঙ্ক পড়িয়াছে তাহা লিখিবার আজ্ঞা করা উচিত।

17. It only remains for us to express a hope that you may find means of reducing your scheme to proportions less complicated and cumbersome, in order to preserve the public business from those delays and impediments that seem to us likely to ensue from striving to adhere to all the rules you may have devised. According to these, in addition to the large number of candidates who may be expected to seek admission into the Service, every member of the Service must be examined, and that not once or twice but at every step of his rise not only from division to division, but from class to class. Feeling the difficulty which must arise from the demand created by periodical examinations of large numbers of persons, upon the time and labor of our Civil Servants, who, if they do their duty to the people with the zeal which generally animates them, have no leisure whatever, you propose to call in the aid of the Senior Members of the Uncovenanted Service of Assistant Surgeons, Chaplains, Military Officers, and persons not in the employ of Government ; you may probably derive material assistance from these quarters, but we are nevertheless disposed to concur with the Board of Examiners, that considerable difficulty will be experienced " in providing committees who can devote the requisite time to the periodical examinations."

১৭। এখন আমারদের লিখিবার বাকী কেবল এই। তুমি যে সকল বিধির কল্পনা করিয়াছ তদনুসারে অতিদৃঢ়মতে কার্য্য হইলে, বোধ হয় সরকারী কর্ম্মের অনেক বাধা ও বিলম্ব হইতে পারে, তাহা না হয় এই কারণে তোমার সেই নিয়ম আরো সহজ ও অনায়াসসাধ্য করিবার উপায় হইতে পারিবেক আমারদের এই আশা। সেই নিয়মানুসারে, বহু লোক সরকারী কর্ম্মে ভর্ত্তি হইতে চেষ্টা করিবেন তদ্ভিন্ন সরকারী কর্ম্মের প্রত্যেক জনের পরীক্ষা দিতে হইবেক, তাহাও একবার কি দুইবার নয়, কিন্তু এক ভাগ হইতে অন্য ভাগে ও এক শ্রেণীহইতে অন্য শ্রেণীতে উঠিতে চাহিলে পদে২ পরীক্ষা দিতে হইবেক। বহু লোকেরদের পরীক্ষা নিরূপিত সময়ান্তরে করিতে হইলে, আমারদের চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের অনেক সময় হরণ ও পরিশ্রম বৃদ্ধি হয়, অথচ তাঁহারা সাধারণমতে যে উদ্যোগপূর্ব্বক কর্ম্ম করিয়া আসিতেছেন, সেই উদ্যোগক্রমে লোকেরদের নিকটে আপনারদের কর্ত্তব্য কর্ম্ম করিতে থাকিলে তাঁহারদের কিছুমাত্র অবকাশ হইবেক না। ইহাতে যে ক্লেশ হয় তাহা বুঝিয়া তোমার এই প্রস্তাব হইয়াছে যে, অচিহ্নিত প্রধান২ কার্য্যকারকেরদের ও আসিষ্টাণ্ট চিকিৎসকেরদের ও ধর্ম্মোপদেশকেরদের ও সেনাপতি সাহেবেরদের ও যাঁহারা সরকারী কর্ম্মে নিযুক্ত নহেন এমত লোকেরদের সাহায্য লওয়া যায়। তাঁহারদের স্থানে তোমার অনেক গুরুতর সাহায্য হইতে পারে বটে, তথাপি পরীক্ষক বোর্ডের সাহেবেরদের ন্যায় আমারদেরও এই বিবেচনা হইতেছে, "নিরূপিত সময়ের পরীক্ষা লইবার জন্যে যাঁহারা উপযুক্ত সময় দিতে পারেন এমত লোকেরদের কমিটি নিরূপণ করা" বড় কঠিন হইবেক।

18. We have already stated that we do not approve of the remedy for this difficulty proposed by the Board of Examiners of dispensing with the initiatory examination. It would be a preferable plan in our judgment to dispense with some of the subsequent examinations. By means of ordinary discernment and strict supervision assisted by the register of the official career of every member of the Uncovenanted Service, which you propose to adopt, no

১৮। এই কঠিন কার্য্য এড়াইবার জন্যে পরীক্ষক বোর্ডের সাহেবেরদের এই প্রস্তাব হইয়াছে যে, প্রথম স্কুলের পরীক্ষা ত্যাগ করা যাউক। কিন্তু ইহাতে আমরা সম্মত নহি, এই কথা পূর্ব্বে লিখিয়াছি। বরং তৎপরের কোন২ পরীক্ষা ত্যাগ করা আমারদের বিবেচনায় ভাল হয়। অচিহ্নিত কার্য্যকারকেরদের প্রত্যেক জন যে প্রকারে সরকারী কার্য্য নির্ব্বাহ করিতেছেন, ইহার এক রেজিষ্টর রাখিবার প্রস্তাব করিয়াছ। সেই রেজিষ্টরের সহযোগে, সাধারণ বিবেচনা ও দৃঢ়-

Heads of Offices should experience any difficulty in ascertaining the character and qualifications of individuals in the public employ, and in confidently deciding upon their claims to promotion. We may further observe that, as was to be expected, we have occasionally noticed in the reports which have come before us, complaints on the part of Officers of experience and judgment, that examinations to qualify for promotion have operated prejudicially for the Public Service, by inducing expectant examinees to neglect their official duties, in order that they might attend the more closely to their preparation for examination.

19. We entirely concur in the views expressed in the following extracts from the Minutes of the Hon'ble W. Elliot, dated the 21st of March 1856:—"If candidates are preferred strictly according to "the scheme laid down in paragraph 16,* the basis "of selection will be greatly narrowed. Few of "the Mofussil servants have had an opportunity "of becoming acquainted with the subjects con"tained in the 'non-essential' list even under the "head of 'essential,' although many possess a prac"tical knowledge of English, they do not speak or "write it with purity or grammatical accuracy: "again although excellent Accountants and Book"keepers, they have not been instructed according "to European Rules; under such circumstances, "the number who will be able to appear at the first "examination will be small and the limitation of "age being only 22 years, it is easy to foresee that "the successful candidates must be young men pos"sessing attainments which can only be acquired "at the Presidency.

"I admit the advantage, nay the obligation for "obtaining the best men for the new appointments, "and I allow that a competitive examination af"fords the best means available for appreciating "the merits of untried men. But we have already "an extensive Native Service, estimated by the "Board of Revenue to contain 35,000 individuals not "a thousandth part of whom have had an opportuni"ty of qualifying themselves for the proposed tests. "It is not expecting too much to look for examples of "energy, ability and probity among so large a body "of men. There are many such. The Right Hon'"ble the President recommends that marks shall "be allowed for good conduct and for experience in "the transaction of business. But they will count "for little against the sum of those attainable un-

* Of letter from the Secretary to the Board of Examiners to the Secretary to Government, dated November 25th, 1855.

[*Government Gazette*, 12*th April*, 1859.]

মতের তফাবধারণ থাকিলে, সরকারী কর্ম্মকারক প্রত্যেক জনের চরিত্র ও গুণাগুণ নির্ণয় করিতে, ও তাঁহারদের উর্দ্ধ পদে নিযুক্ত হইবার যোগ্যতার কথা সাহসপূর্ব্বক নিষ্পত্তি করিতে, নানা দফ্তরের প্রধান কার্য্যকারক সাহেবেরদের প্রায় ক্লেশ হইতে পারিবেক না। আরো আমারদের এই বক্তব্য, আমারদের নিকটে যে২ রিপোর্ট পঁহুছিয়াছে তাহাতে বহু কালের বিচক্ষণ কর্ম্মকারক সাহেবেরদের এই আদ্দাস সময়ে২ দৃষ্ট হইয়াছে যে, উচ্চ পদ পাইবার জন্যে যে পরীক্ষা দিতে হয় তাহাতে সরকারী কার্য্যের কিছু হানি হইতেছে, কেননা যাঁহারা পরীক্ষা দিতে চাহেন তাঁহারা পরীক্ষার নানা বিদ্যাদি অধিক মনোযোগপূর্ব্বক অনুশীলন করিতে পারেন, এই নিমিত্তে আপনারদের সরকারী কর্ম্মেতে শৈথিল্য প্রকাশ করেন। বস্তুত এমন ফল সম্ভাবনা বটে।

১৯। শ্রীযুত অনরবিল ডবলিউ এলিয়ট সাহেবের ১৮৫৬ সালের ২১ মার্চ তারিখের মন্তব্য কথাহইতে গৃহীত নীচের লিখিত কথার মধ্যে তাঁহার যে অভিপ্রায় প্রকাশ হইয়াছে, তাহাতে আমারদের সম্পূর্ণরূপে সম্মতি আছে। বিশেষতঃ "১৬ দফাতে * যে নিয়ম নির্দ্ধারিত হইয়াছে তদনুসারে দৃঢ়মতে কার্য্য করিয়া যদি কর্ম্মাকাঙ্ক্ষিরদিগকে গ্রাহ্য করিতে হয়, তবে যে২ গুণাদি বুঝিয়া তাঁহারদিগকে মনোনীত করা যায় তাহা অত্যন্ত সঙ্কুচিত হইবেক। নিতান্ত আবশ্যক নয় বলিয়া যে২ বিদ্যাদির ফর্দ্দ করা গিয়াছে তাহা অবগত হইবার সুযোগ মফঃসলে কতিপয় জন কার্য্যকারকের হইয়াছে। ও নিতান্ত আবশ্যক বলিয়া যাহা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যেও ইঙ্গরেজী ভাষা, যাহাতে কার্য্য চলিতে পারে এইপর্য্যন্ত অনেক লোক জানিয়া থাকিবেন, কিন্তু পরিষ্কাররূপে কিম্বা ব্যাকরণের সূত্রক্রমে শুদ্ধরূপে তাহা লেখাপড়া করিতে পারেন না। আরো খাতাবহী রাখিতে ও হিসাব করিতে যদিও নিপুণ বটেন, তথাপি তাহা ইঙ্গরেজী বিধিমতে শিক্ষা করেন নাই। এমত হওয়াতে, প্রথম পরীক্ষা হইবার কালে কএক জনমাত্র উপস্থিত হইতে পারিবেন, অথচ ২২ বৎসরের অধিক বয়সের লোকের উপস্থিত হইবার অনুমতি না হওয়াতে, কেবল রাজধানীতে যে বিদ্যাপ্রাপ্ত হওয়া যায় এমত বিদ্যা শিক্ষিত যুবা লোক পরীক্ষোত্তীর্ণ হইবেন, ইহা বলা কঠিন নয়।

কোন পদে নূতন লোককে নিযুক্ত করিলে, সর্ব্বাপেক্ষা উত্তম লোককে মনোনীত করা ভাল বরং আবশ্যক, ইহা স্বীকার করি। ও যাঁহারদের কর্ম্ম না দেখা গিয়াছে তাঁহারদের গুণাগুণ নির্ণয় করিবার জন্যে পরীক্ষা লওয়া সর্ব্বাপেক্ষা সদুপায় তাহাও স্বীকার করি। কিন্তু এখনও সরকারী কর্ম্মে এদেশীয় অনেক লোক আছেন। বোর্ড রেবিনিউর সাহেবেরা তাঁহারদের সংখ্যা ৩৫০০০ ধরিয়াছেন। কিন্তু ইঁহারদের মধ্যে যাঁহারা প্রস্তাবিত পরীক্ষা দিবার জন্যে উপযুক্ত হইতে পারিয়াছেন ১০০০ জনের মধ্যে এমত এক জনকেও প্রায় পাওয়া যাইবেক না। এত লোকের মধ্যে উদ্যোগশালি ও কর্ম্মক্ষম ও সত্যবাদি কএক জনকে অবশ্য পাওয়া যাইবেক এমত অপেক্ষা করা অতিরিক্ত নহে। এমত অনেক লোক আছেন। সদাচারের ও বহু কাল কার্য্য করিবার অনুশীলনের নিমিত্তেও অঙ্ক দেওয়া যায় শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট

* অর্থাৎ গবর্নমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে পরীক্ষক বোর্ডের সেক্রেটারী সাহেব ১৮৫৫ সালের ২৫ নবেম্বর তারিখে যে পত্র লেখেন তাহার ১৬ দফাতে।

der the greater number of heads enumerated in "paragraph 16. Such persons will be for the most "part excluded.

"In the present state of native society the choice "must lie between the few possessed of scholastic "acquirements without experience, and the many of "proved capacity for business without an academic "education.

"I believe the balance of usefulness will be found "to be in favor of the latter.

"Men are required to relieve the Heads of Of-"fices from work of detail which they are now com-"pelled to perform themselves. They want persons "ready to undertake business, not to learn how to "do it first."

20. We desire that you will take into your early consideration the bearing of the foregoing remarks upon certain features of your scheme of examination, especially upon such portions of them as refer to the rule prescribing a knowledge of English as an indispensable qualification for appointment to offices of all kinds, paid at a higher rate than 50 Rupees a month, and that which permits an alternative of qualification under either the second or third branch of the test, and that as the question of the examination of Uncovenanted Servants throughout India has been for some time under the consideration of the Governor General in Council, you will report your proceedings on the subject to the Supreme Government, to whom a copy of this Despatch will be transmitted.

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 2ND APRIL 1859.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 26th March 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 6th of June next:—

A Bill to regulate the appointment, employment, and dismissal of Village Watchmen in the Territories under the Government of the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

Whereas it is expedient to regulate by enactment the administration of the rural police; It is enacted as follows:—

[Number of village watchmen.]

I. In default of any special rule or custom, the requisite number of village watchmen shall be held to be one watchman for every hundred houses. Where villages are small and scattered so that one

সাহেব এমত পরামর্শ দিয়াছেন বটে, কিন্তু ১৬ দফাতে যে অনেক বিদ্যাদি গণ্য হইয়াছে তাহাতে যত অল্প পাওয়া যাইতে পারিবেক, তাহার কাছে ঐ সদাচার-প্রভৃতির অল্প অল্পই জ্ঞান হইবেক। তদ্রূপ অধিকাংশ লোককে ত্যাগ করা যাইবেক।

এদেশীয় লোকেরদের বর্ত্তমান অবস্থা বুঝিয়া, যাঁহারা কখন কর্ম্ম না করিয়া ইস্কুলের শিক্ষিত বিদ্যাপ্রাপ্ত হইয়াছেন এমত কতিপয় জন, ও যাঁহারা ইস্কুলের শিক্ষিত বিদ্যাপ্রাপ্ত না হইয়া কর্ম্মের ক্ষমতার প্রমাণ দিয়াছেন এমত বহু জন, এই দুই প্রকারের লোকহইতে লোককে মনোনীত করিতে হইবেক।

ঐ দুই প্রকারের লোককে তুলনা করিলে, বোধ হয় শেষোক্ত প্রকারের লোকেরা কর্ম্মোপযোগী প্রকাশ হইবেন।

নানা দফ্তরের প্রধান কার্য্যকারক সাহেবেরদের যে সকল বিস্তারিত কর্ম্ম এইক্ষণে স্বহস্তে করিতে হয় তাহার কিছু কর্ম্ম যাঁহারা করিয়া তাঁহারদের সাহায্য করিতে পারেন এমত লোকের প্রয়োজন আছে। যাঁহারা কর্ম্ম হাতে লইয়া নির্ব্বাহ করিতে পারেন এমত লোকের প্রয়োজন, যাঁহারদের সেই কর্ম্ম করিবার নিয়ম প্রথমে শিক্ষা করিতে হয়, এমত লোকের নয়।"

২০। তোমার পরীক্ষা লইবার নিয়মের কোন২কথার সঙ্গে পূর্ব্বোক্ত মন্তব্য কথার যেপর্য্যন্ত সম্পর্ক থাকে তাহা তুমি ত্বরায় বিবেচনা কর আমারদের এই বাসনা। বিশেষতঃ যে২ পদের ৫০৲ টাকার অধিক বেতন হয় এমত কোনপ্রকারের পদে কোন লোক ইঙ্গরেজী ভাষা না জানিলে নিযুক্ত হইতে পারিবেন না, এই কথা, ও পরীক্ষার হয় দ্বিতীয় বিষয়ে, না হয় তৃতীয় বিষয়ে যোগ্য হইবার অনুমতি ঐ বিধির যে২ অংশে আছে তাহা পুনর্ব্বিবেচনা কর। ভারতবর্ষের সকল স্থানে অচ্ছিত কার্য্যকারকেরদের পরীক্ষার কথা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর বহু কাল বিবেচনা করিয়াছেন, অতএব এই বিষয়ে তুমি যে সকল কার্য্য কর তাহার রিপোর্ট সুপ্রিম গবর্ণমেণ্টের নিকটে কর। এই পত্রের এক কেতা নকল তাঁহার নিকটে পাঠান যাইতেছে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৬ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি জুন মাসের ৬ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন দেশে গ্রামের চৌকীদারদিগকে নিযুক্ত করিবার ও তাহারদের কর্ম্মের ও তাহারদিগকে তগীর করিবার বিধি করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

মফঃসল দেশের পোলীসের কার্য্য নির্ব্বাহ হইবার বিধানের আইন করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[গ্রামে২ যত জন চৌকীদার থাকিবেক তাহার কথা।]

১ ধারা। কোন বিশেষ বিধি কি দাঁড়া যে স্থলে না থাকে সেই স্থলে গ্রামের চৌকীদারের সংখ্যা এই হিসাবে ধরিতে হইবেক, অর্থাৎ এক২ শত ঘরের এক২ জন চৌকীদার। ক্ষুদ্র২ গ্রামেতে ঘরসকল অধিক

man cannot watch one hundred houses, the number of watchmen relatively with the number of houses may be increased by the Magistrate with the approval of the Commissioner; provided always that a watchman shall not be appointed to fewer than sixty houses.

[Nomination of village watchmen.]

II. The nomination of village watchmen shall rest with those who have heretofore nominated them, whether Zemindars, Gomastahs, or village headmen, or villagers. If they fail to nominate on the requisition of the Magistrate, or if their nomination shall be disapproved by the Magistrate, and shall not be cancelled on requisition by the Magistrate, the Magistrate shall nominate, and his nomination shall be final.

[Responsibility of appointing or paying watchmen, if disputed, by whom to be determined.]

III. If it be disputed with whom the responsibility of appointing, or of paying a village watchman lies, the Magistrate, after hearing all the parties concerned, shall determine. The decision of the Magistrate shall be open to appeal within thirty days to the Commissioner, whose decision shall be final.

[Remuneration of watchmen.]

IV. The proper pay of a village watchman shall be held to be not more than five, and not less than three Rupees per mensem. Whatever has been the nature of the remuneration of a watchman, whether by land, or money, or clothes, or grain, the nature of such remuneration shall not be changed without the consent of the payers, but the Magistrate shall encourage payment in money, and whatever the nature of the remuneration, the total value of the same shall not be less than three Rupees per mensem for each watchman.

[If remuneration falls short of three Rupees per mensem.]

V. If the sum hitherto paid by the inhabitants of a watchman's beat does not amount to three Rupees per mensem, the Magistrate may cause the parties responsible to make good that sum, or may amalgamate such watchman's beat with the beat of another watchman or other watchmen, and make the pay of the watchman dispensed with payable to such other watchman or to such other watchmen in such portions as may appear proper. The decisions of a Magistrate under this Section shall not be appealable by right to the Commissioner, but the Commissioner shall have authority to call for the Magistrate's proceedings in any such cases in which he may see cause to interfere, and to pass such orders as he may deem proper.

ফাক২ থাকাতে যদি এক জন এক শত ঘরের চৌকী দিতে না পারে, তবে যত ঘর থাকে তাহার [illegible]কা মাজিষ্ট্রেট সাহেব কমিশনর সাহেবের অনুমতি লইয়া অধিক চৌকীদারকে নিযুক্ত করিতে পারিবেন, কিন্তু ষাইট ঘরের কমে এক জন চৌকীদার নিযুক্ত না হয় ইতি।

[গ্রামের চৌকীদারদিগকে মনোনীত করিবার কথা।]

২ ধারা। গ্রামের চৌকীদারদিগকে যাঁহারা মনোনীত করিয়া আসিতেছেন, অর্থাৎ জমীদার হউন কি গোমাশ্তা কি মোড়ল কিম্বা গ্রামের লোকেরাই হউক, তাঁহারদের উপর ঐ মনোনীত করিবার ভার থাকিবেক। তাঁহারা মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইয়া যদি চৌকীদারকে মনোনীত না করেন, কিম্বা যাহাকে মনোনীত করেন তাহাকে মাজিষ্ট্রেট সাহেব যদি অগ্রাহ্য করেন, ও মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইয়া যদি তাঁহারা সেই লোককে ত্যাগ না করেন, তবে মাজিষ্ট্রেট সাহেব এক জনকে মনোনীত করিবেন, ও তিনি যাহাকে মনোনীত করেন সে বহাল থাকিবেক ইতি।

[চৌকীদারকে নিযুক্ত করিবার কি তাহার বেতন দিবার ভার যাঁহার উপর থাকে এই কথা লইয়া বিবাদ হইলে যাঁহার দ্বারা নিষ্পত্তি হইবেক তাহার কথা।]

৩ ধারা। গ্রামের চৌকীদারকে নিযুক্ত করিবার কিম্বা তাহার বেতন দিবার ভার কাহার উপর থাকে, এই কথা লইয়া যদি বিবাদ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ের সম্পর্কীয় সকল লোকের কথা শুনিয়া সেই বিবাদ নিষ্পত্তি করিবেন তাঁহার নিষ্পত্তির উপর ত্রিশ দিনের মধ্যে কমিশনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। কমিশনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[চৌকীদারদিগের মেহনতানা।]

৪ ধারা। গ্রামের চৌকিদারের উপযুক্ত বেতন মাসে পাঁচ টাকার অধিক নয় ও তিন টাকার কম নয়, এমন হিসাবে ধরিতে হইবেক। চৌকীদার যে কোন প্রকারে মেহনতানা পাইয়া থাকে, অর্থাৎ জমীতে কি টাকাতে কি বস্ত্রেতে কি শস্যেতে হউক, সেই প্রকারে পাইতে থাকিবেক ও যাঁহারা সেই মেহনতানা দেন তাঁহারদের অনুমতিবিনা ঐ নিয়মের পরিবর্ত্তন হইবেক না। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব নগদ দিতে প্রবৃত্তি দিবেন। মেহনতানা যে প্রকারে দেওয়া যাউক এক২ জন চৌকীদার যাহা পায় তাহার মূল্য মাসে তিন টাকার কম হইবেক না ইতি।

[মেহনতানা মাসে তিন টাকার কম হইলে তাহার বিধি।]

৫ ধারা। কোন চৌকীদারের পাড়ানিবাসি লোকেরা যত দিয়া আসিতেছে তাহা যদি মাসে তিন টাকা না হয়, তবে তাহার মেহনতানা দিবার ভার যাঁহারদের উপর থাকে তাঁহারদিগকে মাজিষ্ট্রেট সাহেব ঐ পূরা বেতন দিতে আজ্ঞা করিবেন। অথবা তাহার পাড়া অন্য এক কি অধিক জন চৌকীদারের পাড়ার শামিল করিয়া দিবেন। ও যে চৌকীদারকে ছাড়াইয়া দেওয়া যায় তাহার বেতন সেই অন্য চৌকীদারকে দেওয়াইবেন, কিম্বা অধিক চৌকীদার হইলে তাহারদের মধ্যে ঐ বেতন যত উচিত বোধ করেন তত করিয়া বাঁটিয়া দিবেন। এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহার উপর হক বলিয়া কমিশনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক না, কিন্তু কমিশনর সাহেব যদি সেই প্রকারের কোন স্থলে হস্তক্ষেপ করিবার কারণ বুঝেন, তবে তিনি সেই স্থলে মাজিষ্ট্রেট সাহেবের যে সকল রুবকারী হইয়াছে তাহা তলব করিয়া যাহা উচিত বোধ করেন এমত হুকুম করিতে পারিবেন ইতি।

[Punchayet.]

VI. In places where the village watchmen are paid by the inhabitants, circles of villages shall be formed comprising about one thousand houses, and in every circle there shall be a Punchayet of five respectable persons, to be elected every third year by the inhabitants. If any member of a Punchayet shall die, or resign, or become disqualified, his place shall be filled up by the election of another person by the inhabitants.

[Assessment of cess.]

VII. The Punchayet shall determine the cess necessary for the payment of the village watchmen, and shall cause a statement of the sum payable by each inhabitant to be prepared and forwarded to the Thannah where it shall be hung up in a conspicuous place for fifteen days. Any party dissatisfied with the assessment imposed on him may appeal to the Magistrate whose order shall be final.

[Collection of tax.]

VIII. *Clause* 1. The Punchayet shall collect the tax monthly, and pay it to the watchmen, and forward their receipts to the Darogah. If any party fail to pay the tax assessed on him for the period of two months, the Punchayet shall, through the Darogah, report the defaulter to the Magistrate. The Magistrate shall issue a summons to the defaulter to appear in person before him, and show cause why attachment should not issue. Should the party fail to appear, or appearing, fail to show good cause for not paying the arrear, the Magistrate shall, by warrant to the Darogah of Police to whom such watchman may be subordinate, cause the amount due, with costs, to be recovered by distress and sale of any goods and chattels belonging to or found on the premises of the defaulter.

[If defaulter be an absentee land-holder.]

Clause 2. Or if, by reason of the defaulter being an absentee land-holder, the realization of the arrear by means of summons and attachment is impracticable, it shall be competent to the Magistrate to call on the Collector to levy the arrear, and the Collector shall levy the sum called for by the Magistrate as he would levy an arrear of revenue due by such absentee land-holder. There shall be no appeal of right from the orders of a Magistrate under this Section, but they shall be subject to the review of the Commissioner as provided for in Section V.

[Appointment of one or more watchmen may in certain cases be dispensed with.]

IX. It shall be lawful for a Magistrate, when he may consider it conducive to the efficiency of the Police, to dispense with the appointment of one or more watchmen, and to cause the money leviable as the pay of the watchman or watchmen dispensed with to be paid to another watchman with a view to

[পঞ্চায়তের কথা।]

৬ ধারা। যে২ স্থলে গ্রামনিবাসি লোকেরা চৌকীদারের বেতন দিয়া থাকেন সেই২ স্থলে যাহাতে সর্ব্বসুদ্ধ কম বেশ এক হাজার ঘর হইতে পারে এমত কএক গ্রাম জুটিয়া এক২ ডিহি হইবেক ও প্রত্যেক ডিহিতে ভদ্র পাঁচ জনকে লইয়া পঞ্চায়ত নিযুক্ত হইবেন। গ্রামের লোকেরা তিন২ বৎসরান্তর নূতন পঞ্চায়ত মনোনীত করিবেন। ইহার মধ্যে যদি পঞ্চায়তের কোন লোক মরেন কিম্বা কর্ম্ম ত্যাগ করেন কি কর্ম্ম করিতে অযোগ্য হন তবে গ্রামের লোকেরা তাঁহার স্থানে অন্য লোককে মনোনীত করিয়া ভর্ত্তি করিবেন ইতি।

[টাক্স বসাইবার কথা।]

৭ ধারা। চৌকীদারেরদের বেতনের জন্যে যত টাক্স ধরিতে হইবেক তাহা পঞ্চায়ত নির্দ্ধার্য্য করিবেন, ও গ্রামনিবাসি লোকেরদের যাহার যত দিতে হইবেক তাহার এক ফর্দ্দ করিয়া থানাতে পাঠাইবেন। ও সেই ফর্দ্দ পনের দিনপর্য্যন্ত থানার কোন প্রকাশ স্থানে লট্‌কান থাকিবেক। কোন লোকের উপর যত টাক্স বসান গেল তাহাতে সেই লোক সন্তুষ্ট না হইলে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেক তাহাতে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[টাক্স আদায়ের কথা।]

৮ ধারা।—১ প্রকরণ। পঞ্চায়ত মাসে২ টাক্স আদায় করিয়া চৌকীদারদিগকে দিবেন ও তাহারদের রসীদ দারোগার নিকটে পাঠাইবেন। যাহার উপর যে টাক্স বসান যায় সে যদি দুই মাসপর্য্যন্ত ঐ টাক্স না দেয় তবে পঞ্চায়ত দারোগার দ্বারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই বাকীদারের নামের রিপোর্ট করিবেন। তাহাতে মাজিষ্ট্রেট সাহেব ঐ বাকীদারের হাজির হইবার জন্যে ও ক্রোকের পরওয়ানা জারী না হয় ইহার কারণ দেখাইবার জন্যে তাহার নামে সমন জারী করাইবেন। যদি সেই লোক হাজির না হয়, কিম্বা হাজির হইয়া ঐ বাকী পাওনা না দিবার উপযুক্ত কারণ না জানায়, তবে ঐ চৌকীদার পোলীসের যে দারোগার তাবে থাকে তাহার নামে মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা দিয়া ঐ বাকীদারের যে কোন দ্রব্য ও জিনিস পাওয়া যায় কিম্বা তাহার বাড়ীতে যাহা পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ঐ বাকী পাওনা খরচাসমেত আদায় করিতে হুকুম করিবেন।

[বাকীদার বিদেশগত জমীদার হইলে তাহার কথা।]

২ প্রকরণ।—অথবা সেই বাকীদার যদি ভূম্যধিকারী হন ও উপস্থিত না থাকাতে যদি সমন দিয়া ও ক্রোক করিয়া বাকী আদায় হইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব কালেক্টর সাহেবকে সেই বাকী আদায় করিতে আদেশ করিবেন তাহাতে কালেক্টর সাহেব সেই অনুপস্থিত ভূম্যধিকারির বাকী মালগুজারী যে প্রকারে আদায় করিতেন সেই প্রকারে মাজিষ্ট্রেট সাহেব যত পাওনা তলব করেন তাহা আদায় করিবেন। এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহার উপর হক বলিয়া কোন আপীল হইবেক না। কিন্তু ৫ ধারাতে যেমন হুকুম হইয়াছে তেমনি কমিস্যনর সাহেব ঐ হুকুমের পুনর্ব্বিচার করিতে পারিবেন ইতি।

[কোন২ স্থলে এক কি অধিক জন চৌকীদারকে ছাড়াইয়া দিবার কথা।]

৯ ধারা। পোলীসের কর্ম্ম আরো সফলরূপে নির্ব্বাহ হইতে পারিবেক মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে, এক কি অধিক জন চৌকীদারের নিযুক্ত করা নিবৃত্ত করিতে পারিবেন, ও তাহার কি তাহারদের বেতনের নিমিত্তে যত টাকা আদায় হইত, তাহা লইয়া অন্য চৌকীদারের বেতন বৃদ্ধির জন্যে ও তাহাকে সর-

the increase of the pay of such watchman, and to his appointment as a head watchman.

[Magistrate may collect watchmen of several villages to form a watch-post.]

X. It shall be lawful for a Magistrate, whenever he may consider it needful to collect the watchmen of several contiguous villages or beats in order to the establishment of a watch-post, and to make one of the watchmen so collected head of the watch-post, and to place several contiguous villages or beats under such head watchman, and to make such head watchman and the watchmen placed under him, answerable for the peace of all the villages or beats included in the tract of country under such watch-post.

[Removal of watchmen.]

XI. Should the parties responsible for the appointment of a watchman desire the removal of an incumbent, and the appointment of another watchman in his place, they shall apply to the Magistrate, either through the Darogah of Police, or direct, and the Magistrate shall comply with their request, or reject the application, as he may think proper, and his order shall be final. It shall be competent to a Magistrate, whenever he may think it necessary, to dismiss a village watchman from employment, and to direct the parties responsible, to appoint another watchman in the room of the watchman dismissed, and his order shall be final.

[Punishment for watchmen guilty of neglect or misconduct.

XII. Any village watchman who may be convicted before a Magistrate of any wilful neglect or misconduct in the discharge of his duty as a Police Officer, shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment with or without hard labor for a period not exceeding one month, or to both, provided that he shall not be so liable if he shall have been punished for the same act as a criminal offence. Provided further that punishment for neglect shall not bar prosecution for a criminal offence should it be found that a village watchman, besides neglecting his duty as a watchman, has committed a criminal offence.

[Remuneration of collecting Officers.]

XIII. It shall be lawful for a Magistrate to cause such a percentage from the aggregate sum collected for the pay of watchmen as shall suffice to pay the Officers necessary to make the collections, conduct the disbursements, and keep the accounts to be set apart for that purpose.

[Magistrate may assign any of his duties under this Act to a Joint, Deputy, or Assistant Magistrate.]

XIV. It shall be lawful for the Magistrate to

দার চৌকীদার করিবার জন্যে তাহাকে দেওয়াইবেন ইতি।

[অনেক গ্রামের চৌকীদারদিগকে একত্র করিয়া চৌকীঘর করিবার কথা।]

১০ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যখন প্রয়োজন জ্ঞান করেন তখন নিকট২ অনেক গ্রামের কি পাড়ার চৌকীদারদিগকে একত্র করিয়া চৌকীঘর করিতে পারিবেন ও সেই প্রকারের একত্র করা চৌকীদারেরদের এক জনকে সরদার করিতে পারিবেন ও ঐ চৌকীঘরের তাবের মহল্লার মধ্যে যত গ্রাম কি পাড়া থাকে সেই সকলের শান্তি রক্ষার জন্যে ঐ সরদারকে ও তাহার তাবের চৌকীদারদিগকে দায়ী করিবেন ইতি।

[চৌকীদারদিগকে তগীর করিবার কথা।]

১১ ধারা। চৌকীদারকে নিযুক্ত করিবার ভার যাহারদের প্রতি থাকে তাঁহারা যদি কোন চৌকীদারকে তগীর করিয়া তাহার স্থানে অন্য চৌকীদারকে নিযুক্ত করিতে চাহেন, তবে তাঁহারা হয় পোলীসের দারোগার দ্বারা, না হয়, একেবারে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিবেন, ও মাজিষ্ট্রেট সাহেব তাঁহারদের প্রার্থনামতে করিবেন কিম্বা উচিত বোধ করিলে তাঁহারদের দরখাস্ত অগ্রাহ্য করিবেন, ও তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক। মাজিষ্ট্রেট সাহেব যখন আবশ্যক জ্ঞান করেন তখন গ্রামের কোন চৌকীদারকে তগীর করিতে পারিবেন, ও চৌকীদারকে নিযুক্ত করিবার ভার যাঁহারদের প্রতি থাকে তাঁহারদিগকে ঐ চৌকীদারের স্থানে অন্য জনকে নিযুক্ত করিতে হুকুম করিতে পারিবেন ও তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

[চৌকীদারেরা শৈথিল্য কি অসদাচার করিলে তাহারদের দণ্ডের কথা।]

১২ ধারা। পোলীসের কর্ম্মকারক হইয়া তাহার যে কর্ম্ম করা উচিত এমত কোন কর্ম্মেতে সে জানিয়াশুনিয়া কসুর করিয়াছে কিম্বা অনুচিত কর্ম্ম করিয়াছে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যদি গ্রামের কোন চৌকীদারের এমত দোষ সাব্যস্ত হয় তবে সে চৌকীদারের বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা এক মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার উভয় দণ্ড হইতে পারিবেক। পরন্তু যদি ফৌজদারী দোষ বলিয়া সেই অপরাধের জন্যে তাহার দণ্ড হইয়া থাকে, তবে তাহার ঐ জরীমানা কি কয়েদ হইবেক না। আরো সেই লোক যদি আপন চৌকীদারী কর্ম্মেতে কসুর করিয়া তদ্ভিন্ন ফৌজদারী অপরাধও করিয়াছে, তবে সেই কসুরের নিমিত্তে তাহার দণ্ড হইয়াছে বলিয়া, সেই ফৌজদারী অপরাধের কারণে তাহার নামে নালিশ হইবার বাধা হইবেক না ইতি।

[যাহারা বেতন আদায় করে তাহারদের মেহনতানা।]

১৩ ধারা। চৌকীদারেরদের বেতনের টাকা আদায় ও খরচ করিতে ও তাহার হিসাব রাখিতে যে কর্ম্মকারকদিগকে রাখিতে হয় তাহারদের বেতন যত কুলায় তত টাকা, মাজিষ্ট্রেট সাহেব চৌকীদারেরদের বেতনের জন্যে আদায়করা সকল টাকার উপর শতকরা হিসাবে ধরিয়া আলাহিদা রাখিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের এই আইনমতের কর্ম্মের ভার জাইন্ট কি ডেপুটী কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটকে দিবার কথা।]

১৪ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের

assign any of his duties under this Act to a Joint, or Deputy, or Assistant Magistrate.

[Appointment of Commissioners.]

XV. It shall be lawful for the Government of Bengal, to appoint a Commissioner or Commissioners for settling the liabilities of land-owners, headmen, villagers, &c., in respect to the appointment of village watchmen under this Act, and to vest such Commissioner or Commissioners with the powers of a Magistrate in that behalf.

W. MORGAN,
Clerk of the Council.

যে২ কর্ম্ম করিতে হয় তাহার মধ্যে কোন কর্ম্ম তিনি কোন জাইণ্ট কি ডেপুটী কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[কমিস্যানরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১৫ ধারা। এই আইনমতে গ্রামের চৌকীদারদিগকে নিযুক্ত করিবার কার্য্যসম্পর্কে গ্রামের মালিকের কি মণ্ডলের কি গ্রামের লোকপ্রভৃতির যে দায় আছে তাহা নির্দ্ধার্য্য করিবার জন্যে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট এক কি অধিক জন কমিস্যানরকে নিযুক্ত করিতে পারিবেন, ও সেই কর্ম্মের নিমিত্তে সেই কমিস্যানরকে কি কমিস্যানরদিগকে মাজিষ্ট্রেটের ক্ষমতা দিতে পারিবেন ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা পূরণিয়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল মালগুজারীর বাকীর জন্যে ১৮৫৯ সালের আপ্রিল মাসের ২৬ তারিখে মোতাবেক বাঙ্গলা সন ১২৬৬ সালের ১৪ বৈশাখ মঙ্গলবারে ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক।

বাঙ্গলা সন যে স্থানে চলে।

প্রথম শ্রেণী। ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৪২৮ নম্বর। মৌজা বঙ্গানওয়ান ও হাঁসখোয়াড় পরগনে ফতেপুর সিংহিয়া। লিখিত মালিক বিশ্বনাথ ঝা ও আলমচাঁদ ওগয়রহ। সদর জমা ১৮৪ ।/৮ টাকা।

ফসলী সন যে স্থানে চলে।

প্রথম শ্রেণী। ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৯ নম্বর। মিলিক বাজেয়াপ্তী আনন্দবিলাস পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক ছলাস মাঝী নীলামের খরীদার। সদর জমা ৭৯ ।৵৭ টাকা।

২৬ নম্বর। মৌজা ধূমদহ জিলা বীরনগর পরগনে ঐ লিখিত মালিক হেমনারায়ণ সিংহ। সদর জমা ৫৯ ।১ টাকা

৫৩ নম্বর। চকলা ফকরাণা মৌজা মাকনাহা। জিলা ঐ। পরগনে ঐ। লিখিত মালিক মসম্মৎ আমিরুন্নিসা বেগম। সদর জমা ৭৮॥৵৭ টাকা।

১০৩ নম্বর। মৌজা ধূমদহ। জিলা ঐ। পরগনে ঐ। লিখিত মালিক জওয়াহির সিংহ ওগয়রহ। সদর জমা ৭৪৸৶৩ টাকা।

T. WATSON, *Asstt. Collector in Charge.*

জিলা চব্বিশপরগনা।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবত ইংরেজী সন ১৮৫৯ সালের ৩০ আপ্রিল মোতাবেক বাঙ্গলা সন ১২৬৬ সাল ১৮ বৈশাখ রোজ শনিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরেজী সন ১৮৫৯ সাল তারিখ ৮ আপ্রিল মোতাবেক সন ১২৬৫ সাল তারিখ ২৭ চৈত্র।

প্রথম শ্রেণী এস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৮১ নং তৌং পঃ মাগুরা মৌজে ভবানীপুর লিখিত মালিক কালীধন বন্দ্যোপাধ্যায় সদর জমা কোং ৩৭১৶২

চতুর্থ শ্রেণী অন্য২ হালের বাকী মালগুজারীর বাবত যে২ মহাল নীলাম হইবেক।

১০২ নং পঃ মানপুরা কিং কাকুড়া ওং লিখিত মালিক সৌদামিনী দাসী সদর জমা কোং ৩৭২ ।৵০

২৮১ নং পঃ মেদনমল্ল কিং কন্দর্পপুর ওং লিখিত মালিক ঐ সদর জমা কোং ৫৯৭৸৶১

দ্বিতীয় শ্রেণী গএর বন্দোবস্তীহওয়া মহাল।

১৩৬৭ নং বিল দাঁতভাঙ্গা লিখিত মালিক হরিনারায়ণ ঘোষ ওং সদর জমা কোং ১১০০৶০

প্রথম শ্রেণী এস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

১৩৬৮। ৩ নং পঃ বুড়ন মৌজে বৈকুণ্ঠকারী লিখিত মালিক রায় প্রিয়নাথ চৌং ওং সদর জমা কোং৭৮৫ ।১০

দ্বিতীয় শ্রেণী গএর বন্দোবস্তীহওয়া মহাল।

১৪৬৭ নং ৬৭ নং লাট গাঁকদহ লিখিত মালিক সেখ মহামুদ গোলাম হোসেন হাজী ওং সদর জমা বিঃ রুসদী কোং ২০৬।

G. BRIGHT, *Offg. Collector.*

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

জিলা ঢাকা।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার নীচের লিখিত মহাল বাকী জমার নিমিত্তে ইংরেজী ১৮৫৯ সনের ২৫ এপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৬৬ সনের ১৩ বৈশাখ তারিখে সোমবারে ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক ইতি সন ১৮৫৯ ইংরেজী তারিখ ১ আপরেল।

প্রথম শ্রেণী চিরকালের বন্দোবস্তহওয়া মহাল।

৮৯১৪ নং। চরজালনা কামতা। মালিক জালান বুহেমান। ও খোদেজা বিবি। মাদুরে মফীজদী খনকার। সদর জমা ১৮৪৸৬

C. F. Carnac, *Offg. Collector.*

জিলা মেদিনীপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নীচের লিখিত বক্ত বাকীর নিমিত্তে ইঙ্গরেজী সন ১৮৫৯ সালের ২৮ আপরেল মোতাবক বাঙ্গলা সন ১২৬০ সালের ১৬ বৈশাখ মওয়াফকে আমলি সন ১২৬৬ সালের ১৭ বৈশাখ রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলাম হইবেক ইতি সন ১৮৫৯ সাল তারিখ আপরেল।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকীর নিমিত্তে যে নীলাম।

গোলোকনাথ দাসের জায়দাদ পং খান্দার মৌজে কলস্কই গ্রামে বাস্তু বাটী সায় পুষ্করিণী লাখেরাজ আন্দাজী জমিন ১/ এক বিঘা সায় মর্ত্ত হকহকুক নীলাম হইবেক।

ঐ ব্যক্তির জায়দাদ উক্ত মৌজার বৈষ্ণবপাড়ায় রাধু দাসের যোত দরুন কালাজমিন মোওয়াজী ।৩ আট কাঠা হকহকুক নীলাম হইবেক।

ঐ ব্যক্তির জায়দাদ উক্ত মৌজার জল জমীন ১/ এক বিঘা হকহকুক নীলাম হইবেক।

ঐ ব্যক্তির জায়দাদ ঐ পরগনার মৌজে ধোয়া পলাস্যা গ্রামে আন্দাজী জমিন ১।০ এক বিঘা দশ কাঠা হকহকুক নীলাম হইবেক।

A. Elliot, *Offg. Collector.*

জিলা নদীয়া।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১৮৫৯ সালের ২৮ মার্চপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৯ সালের ২৫ আপ্রিল তারিখ মোতাবক সন ১২৬৬ সালের ১৩ বৈশাখ তারিখে এ জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৯ সাল তারিখ ৪ আপ্রিল।

মোং সন ১২৬৫ সাল তাং ২৩ চৈত্র।

প্রথম শ্রেণী।

২৮৭০ নং মৌং শ্রীনগর চাকলে শ্রীনগর মালিক নীলাম খরিদদার রঘুনাথ গঙ্গোপাধ্যায় সদর জমা ৭৪৸/৮৸ টাকা

C. E. Belli, *Offg. Collector.*

জিলা রাজশাহী।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা রাজশাহির মোতালক নীচের লিখিত মহালের সরকারী রাজস্ব আদায় জন্যে ইংরেজী ১৮৫৯ সালের ২ মেই মোতাবেক বাঙ্গলা ১২৬৬ সালের ২০ বৈশাখ সোমবার এই জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৫৯ ইং তাং।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১১৩৫

কিসামত গণশেড় পরগনা শুজানগর জমীদার কাশীনাথ চৌধুরী ও তারিণীপ্রসাদ চক্রবর্ত্তী সদর জমা ৫৬/২

F. S. Lushington, *Collector.*

জিলা পশ্চিম বৰ্দ্ধমান।

জেলা পশ্চিমাংশ বৰ্দ্ধমান মোকাম বাকুড়া।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বৰ্দ্ধমান মোকাম বাকুড়ার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবৎ ইংরাজী সন ১৮৫৯ সালের ১৯ আপ্রিল মোতাবক সন ১২৬৬ সালের ৭ বৈশাখ মঙ্গলবার দিবসে এই জেলার কালেক্টরী কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল ১৪৫ নং হুজুরি মহল পুরুষোত্তমপুর ১ মৌজা মালিক নেহালচন্দ্র মুখোপাধ্যায় ও পদ্মলোচন মুখোপাধ্যায় সাকীম তেলিবেড়িয়া জমা ১৬৩৸০

দ্বিতীয় শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল ৪৫৭ নং হুজুরি মহল পলাশডাঙ্গার আরাজি মালিক নীলমণি মুখোপাধ্যায় সাকীম পলাশডাঙ্গা জমা ৫॥৶১

J. S. Spankie, *Deputy Collector.*

জিলা ভুলুয়া।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ভুলুয়ার নীচের লিখিত মহাল বাকী মালগুজারী আদায়ের নিমিত্তক সন ১৮৫৯ সনের ২৫ আপ্রিল মোতাবেক সন ১২৬৬ সনের ১৩ বৈশাখ রোজ সোমবার এ জিলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৯ তাং ৩০ মার্চ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

২০০ নং হুজুরী মহাল চর লক্ষ্মী আবজল ফকিরামধ্যে লাখেরাজ জিং গিদ্ধেশ্বরী হাল তালুক পার্ব্বতী-সুমিত্রা গোলামমহিয়দ্দিন ওরফে গোলাম মাহামুদ ও সীতারাম বুদ্ধিমন্ত মালিক পার্ব্বতী সুমিত্রা গোলাম মহিয়-দ্দিন ওরফে গোলাম মাহামুদ ও সীতারাম বুদ্ধিমন্ত সদর জমা ১৩০৸৴৪

C. E. Lance, *Offg. Deputy Collector.*

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল মুরশিদাবাদ জেলার ঐ জেলার কালেক্টরীর কাছারীতে বাকী মালগুজারীর নিমিত্তে সন ১৮৫৯ সালের ২ মেই মোতাবক্ সন ১২৬৬ সালের ২০ বৈশাখ সোম-বার নীলামে উপস্থিত হইবেক।

শ্রেণী ১ কায়েমি বন্দোবস্তী মহাল।

৬০৫ নং কিশমত মৌজে কালিকাপুর পরগনে মুরারিপুর তালুক ৺ লক্ষ্মীগোবিন্দ দেব ঠাকুর ও লক্ষ্মী-জনার্দ্দন দেব ঠাকুর ও শ্রীধর দেবঠাকুর ও গুপ্ত গদাধর দেবঠাকুর সেবাইত দয়াময়ী দাস্যা সদর জমা ১৯৬৸/ ১১

W. Morris Beaufort, *Offg. Collector.*

জিলা বাকরগঞ্জ।

সন ১৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকর-গঞ্জের নীচের লিখিত মহাল ১২৬৫ সনের লাং কিস্তী ফাল্গুণের বাকীর নিমিত্তে এবং চলিত আইন ও আক-টের দ্বারায় অন্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ইংরেজী ১৮৫৯ সনের ২৫ আপ্রিল মোতাবেক বাঙ্গলা ১২৬৬ সনের ১৩ বৈশাখ রোজ সোমবার অত্র কালেক্টরির কাছা-রিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮২৯। ১ আপ্রিল মোং ১২৬৫ সন ২০ চৈত্র।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

সাবেক নং ১৫৲৪ হাল নং ১৫৫৬ খারিজা পরগনে বোজরোগওমেদপুর কৃষ্ণদাস ভট্টাচার্য্য তালুক লিখিত মালিক মির মাহামুদ ছমী সদর জমা ৩৮৩।৶৭॥ কোম্পানি।

C. Limond, *Offg. Collector.*

জিলা ত্রিপুরা।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এইং মহাল বাকী জমার নিমিত্তে ইংরেজী সন ১৮৫৯ সালের ২৬ আপ্রিল মোতাবকে সন ১২৬৬ সন বাঙ্গলার ১৪ বৈশাখ রোজ মঙ্গলবার ঐ জিলার কালেক্টরী কা-ছারীতে বিনা ওজরে নীলাম হইবেক ইতি সন ১৮৫৯ ইং ২৯ মার্চ মোং ১২৬৫ তাং ১৭ চৈত্র।

প্রথম শ্রেণী ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

১০৭১ নং পং মহবতপুর তাং লক্ষ্মীনারায়ণ রায় মুং বৈদ্যনাথ রায় মালিক সূর্য্যমণি শাহা চন্দ্রমণি শাহা গোসাইদাস শাহা নাবালগ লক্ষ্মীকান্ত শাহা নাবালগ কমলাকান্ত শাহা নাবালগ সদর জমা ২১৪।৶৫

L. Barber, *Deputy Collector in Charge.*

জিলা দিনাজপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের কালেক্টরিভুক্ত নীচের লিখিত মহাল সদর মালগুজারির বাকীর দায়ে ইংরেজী ১৮৫৯ সালের ২৬ আপ্রিল মোতাবেক ১২৬৬ সালের ১৪ বৈশাখ রোজ মঙ্গলবার উক্ত কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি।

প্রথম শ্রেণী এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৫১ নম্বর মৌজে কড়ই পরগনে করদহ মিলকিয়ত মজহরদ্দিন চৌধুরী সদর জমা ১২০৩৸৶৭

তারিখ ৪ আপ্রিল সন ১৮৫৯ ইংরেজী।

Fras. A. Elphinstone Dalrymple, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

ইজারা।

রাজেন্দ্র দত্ত — বাদী।

চণ্ডীচরণ দত্তদিগর — প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯ সালের ২৭ আপরেল বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেশ ওএলচ সাহেব তাঁহার আফিসে ৺ কালীপ্রসাদ দত্তের ইষ্টেটের বস্তু জেলা হুগলীর অন্তঃপাতি পরগনে চৌমহার মহালক লাট মহাদেব বাটী দুই গ্রাম নিজ মহাদেব বাটী ও দেবীপুরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হই-বেন ইতি।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌউস।

রিসিবর আফিস তারিখ ৭ আপরেল ১৮৫৯ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

SALT. নিমক।

মামকাবাড়ী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ৩১ মার্চ সন ১৮৫৯ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের।

এজেন্সীর নাম।		সন ১২৬০ সাল মোতাবক ইংরাজী ১৮৫৩।৫৪ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪।৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬।৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭।৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮।৫৯ সাল	মৌজুদ নেমকের একুন।
হিজলী।								
পাক্কা নেমক ঘাট রসুলপুর		০	০	০	১৫/	৯৪২/৩৸	০	৯৫৭/৩৸
ঐ কৃষ্ণনগর।		০	০	০	১,৯৩২/	৯৩,২২৮৸২	০	৯৫,১৬০৸২
ঐ রামনগর।		০	০	০	১,২৩,০৪৮৸০	১,৮২,৫৫৩৸৯	০	৩,০৫,৬০২॥৯
ঐ উত্তর কালীনগর।		০	০	০	০	১০,১৮৯॥৫॥	০	১০,১৮৯॥৫॥
ঐ পুরীঘাট।		০	০	০	০	৩৩,০০৪/	০	৩৩,০০৪/
	একুন।	০	০	০	১,২৪,৯৯৫৸০	৩,১৯,৯১৮॥০।	০	৪,৪৪,৯১৪।০।
তমলুক।								
পাক্কা নেমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	৬,৫৬১।৮॥/	০	৬,৫৬১।৮॥/
	একুন।	০	০	০	০	৬,৫৬১।৮॥/	০	৫,৬৬১।৮॥/
২৪ পরগনা।								
পাক্কা নেমক ঘাট্ তোনা।		০	০	০	৭৪৩৸২॥	০	০	৭৪৩৸২॥
ঐ বাগুণ্ডি।		০	০	৩১/৯	৮,১১১॥৮॥	০	০	৮,১৪২৸৭॥
	একুন।	০	০	৩১/৯	৮,৮৫৫।১	০	০	৮,৮৮৬৸০

এজেন্সীর নাম।	সন১২৬০ সাল মোতাবেক ইংরাজী ১৮৫৩।৫৪ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৬১ সাল মোতাবেক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবেক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবেক ইং ১৮৫৬। ৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবেক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮। ৫৯ সাল	মৌজুদ নেমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগখালী ঘাট।	•	•	•	•	১৮,২৭৩॥৫	•	১৮,২৭৩॥৫
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।	•	•	•	•	১,২৪,৭৮৯ ।৯৸৶	•	১,২৪,৭৮৯ ।৯৸৶
ঐ আরাকিন।	•	•	•	•	•	•	•
করকচ মান্দ্রাজ।	•	•	•	৩১,৪৪৪/	২,৬৪ ৭৪৮/ ।৶	•	২,৯৬,১৯২/ ।৶
একুন।	•	•	•	৩১,৪৪৪/	৪,০৭,৮১১/৫ ।/	•	৪,৩৯,২৫৫/৫ ।/
শালিখা।							
পাঙ্গা নেমক কটক।	•	•	•	২১,১৩৫/	৮৫,৫৯৭/	•	১,০৬,৭৩২/
ঐ বালেশ্বর।	•	•	•	•	•	•	•
ঐ খোরদা।	•	•	•	৪৪২/	৫২০/	•	৯৬২/
ঐ চিলকা।	•	•	•	•	৬১,০৭০/	•	৬১,০৭০/
ঐ ২৪ পরগনা।	•	•	৪,৩২০/	১৩,৬৩১/	•	•	১৭,৯৫১/
ঐ ঐ নারায়ণপুর।	২,০০,৫৯৭॥০	•	•	•	•	•	২,০০,৫৯৭॥০
ঐ ঐ বাগুণ্ডী।	•	•	১,৮৪৬/	১,৩৮,১৬৮॥০	•	•	১,৪০,০১৪॥০
ঐ ঐ ধোলা।	•	•	১,৭৬০/	৭১,০৫৮/	•	•	৭২,৬১৮/
করকচ মান্দ্রাজ পরমিট।	•	২,৫৯,২৩২৸০	৬,৯১,৮৮৬/	•	•	•	৯,৫১,১১৮৸০
ঐ চিলকা।	•	•	৩২,৭৫৯/	৩,৯৯,২০০॥০	১,৫৭,১০০/	•	৪,৮৯,০৫৯॥০
ঐ সিন্দ।	•	•		•	•	২২,৮৫৭/	২২,৮৫৭/
মিশ্রিত করকচ।	•	•	•	•	•	২,২২৬/	২,২২৬/
পাঙ্গা নেমক পুরী ঘাট।	•	•	•	•	৬১,৯০৫/	•	৬১,৯০৫/
ঐ রামনগর।	•	•	•	২৮,৮৫৭/	•	•	২৮,৮৫৭/
মিশ্রিত পাঙ্গা।	•	•	•	•	•	৫৬২/	৫৬২/
একুন।	২,০০,৫৯৭॥০	২,৫৯,২৩২৸০	৭,৩২,৩৭১/	৬,৭২,৪৯২/	৩,৬৬,১৯৭/	২১,৬৪৫/	২২,৫৬,৫৩০।০
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।	•	•	•	•	৯,৫৭৪/	•	৯,৫৭৪/
একুন।	•	•	•	•	৯,৫৭৪/	•	৯,৫৭৪/
মোট একুন।	২,০০,৫৯৭॥০	২,৫৯,২৩২৸০	৭,৩২,৪০২/৯	৮,০৪,৭৮৭ ।১	১১,১০,০৫৭/ ৪৶	২৫,৬৬৫/	৩১,৬৪,৭২১৬৪৶

ই টি ট্রেবর। সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 19, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১৯ আপ্রিল।

PUBLIC LIBRARY · CALCUTTA

ACT.

HOME DEPARTMENT.

No. 707.

FORT WILLIAM,

THE 4TH APRIL 1859.

Notifications.

The following Ordinance No. 30 of 1858, enacted by the Legislature of the Colony of Mauritius on the 20th October last, and the Regulations made by the Governor of the said Colony in Council, in pursuance of the aforesaid Ordinance, are published for general information :—

ORDINANCE No. 30 OF 1858.

ENACTED *by the Governor of Mauritius,* W. STEVENSON, *with the advice and consent of the Council of Government thereof.*

AN ORDINANCE to legalize Contracts of Service made in India, and authorize Government to allot Newly Arrived Immigrants.

(20th October 1858.)

WHEREAS it is expedient to legalize Contracts of Service to be entered into in India with Immigrants to Mauritius;

And whereas it is also expedient to enable the Government of Mauritius to allot to employers Indian Immigrants newly arrived in Mauritius who shall not have entered into such Contracts ; Be it therefore enacted by His Excellency the Governor, with the advice and consent of the Council of Government, as follows :

[Contracts of Service in India legalized.]

I.—From and after the date when this Ordinance shall come into operation, Contracts of Service to be performed in Mauritius for periods not exceed-

আইন।

দেশীয় ডিপার্টমেণ্ট।

৭০৭ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৪ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইঙ্গরেজী ১৮৫৮ সালের ৩০ নম্বরের এই আইন গত অক্‌টোবর মাসের ২০ তারিখের মরিচ উপদ্বীপের ব্যবস্থাপক কৌন্সেলে জারী হয়। ও সেই আইনঅনুযায়ি ঐ উপদ্বীপের শ্রীযুত গবর্নর সাহেব হজুর কৌন্সেলে যে বিধান করেন তাহা সর্ব্ব সাধারণের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৮ সাল ৩০ আইন।

মরিচ উপদ্বীপের গবর্নমেণ্টের কৌন্সেলের পরামর্শ ও সম্মতিক্রমে শ্রীযুত গবর্নর সাহেব জারী করেন।

ডবলিউ ষ্টিবন্‌সন।

মরিচ উপদ্বীপে চাকরী করিবার যে করার ভারতবর্ষেতে করা যায় তাহা আইনসিদ্ধ করিবার, ও যে লোকেরা নূতন পঁহুছে তাহারদিগকে কর্ম্মে ভর্ত্তি করিয়া দিতে গবর্নমেণ্টের ক্ষমতা হইবার আইন।

১৮৫৮ সাল ২০ অক্‌টোবর।

মরিচ উপদ্বীপে গিয়া চাকরী করিবার যে করার ভারতবর্ষেতে কোন লোকের সঙ্গে করা যায় তাহা আইনসিদ্ধ করা বিহিত।

ও সেই প্রকারের কোন করার না করিয়া যে মজুরপ্রভৃতি ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে নূতন পঁহুছে তাহারদিগকে নানা মুনিবের নিকটে কর্ম্মে ভর্ত্তি করিতে মরিচ উপদ্বীপের গবর্নমেণ্টের ক্ষমতা থাকা বিহিত। এই কারণে গবর্নমেণ্টের কৌন্সেলের সাহেবেরদের পরামর্শ ও সম্মতিক্রমে শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব এই আইন করুন।

[চাকরী করিবার যে করার ভারতবর্ষে করা যায় তাহা আইনসিদ্ধ করিবার কথা।]

১ ধারা। এই আইন যে তারিখে চলন হইতে লাগে সেই তারিখঅবধি, যাহারা ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে যাইতে চাহে তাহারা ঐ উপদ্বীপনিবাসি

ing three years may be lawfully entered into in India between Immigrants from India to Mauritius and persons residing or having landed property in the Colony, provided that such Contracts shall be entered into in the manner prescribed by this Ordinance, and by any Regulations to be made and published as hereinafter provided.

[Such Contracts valid if made according to law.]

II. Every such Contract of Service entered into in terms of this Ordinance and of the said Regulations, shall be equally valid and effectual (except as hereinafter provided) as if it had been entered into in Mauritius, according to the law and practice existing there at the date of such Contract.

[Employer to pay passage money, &c.]

III.—In every case in which a passage to Mauritius shall have been taken for any Immigrant, who shall have entered into a Contract as hereinaforesaid, the party whom such Immigrant shall have engaged to serve, shall pay to the Government of Mauritius the passage money and all other expenses which may be incurred on account of such Immigrant, together with the proportional expense chargeable upon him on account of females accompanying Immigrants, under Regulations existing at the time.

[Arrival of engaged Immigrants to be published.]

IV.—The arrival at the Immigration Depôt in Mauritius of every Immigrant who shall have entered into a Cantract in India, as aforesaid, shall, as soon as possible, be published or notified to the intended employer under such Contract, in terms of the Regulations to be framed under this Ordinance.

[Immigrant engaged in India to be free from stamp-duty for Contract with first employer.]

V.—Every Immigrant who shall have made a Contract in India, as aforesaid, and who shall enter on service with the original or substituted employer under the same, shall be free from stamp duty or other impost on account of the same or any subsequent Contract of Service which he may make with such employer or those in his right.

[Employer may release Immigrant from Contract.]

It shall also be in the power of such employer or those in his right so long as the Immigrant shall remain in his or their service, with the consent of such Immigrant to release him from all obligation to serve under the said Contract made in India; and every such Immigrant if released in the form to be prescribed by regulation, shall be free from the said Contract, and from all obligation of industrial residence or otherwise under the same.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৯ আপ্রিল।]

কিম্বা ঐ উপদ্বীপের মধ্যে ভূম্যধিকারি কোন লোকের নিকটে তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত ঐ উপদ্বীপে চাকরী করিবার করার ভারতবর্ষে করিতে পারিবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে এই আইনের নির্দ্দিষ্টমতে ও যে কোন বিধান এই আইনের লিখিতমতে করা যায় ও প্রকাশ হয় সেই বিধানমতে ঐ করার করা যায় ইতি।

[সেই প্রকারের করার আইনমতে করা গেলে সিদ্ধ হইবার কথা।]

২ ধারা। চাকরী করিবার যে সকল করার এই আইনের ও উক্ত বিধানের নিয়মমতে করা যায় তাহা, ঐ করার করিবার তারিখে যে আইন ও দাঁড়া মরিচ উপদ্বীপে চলন থাকে তদনুসারে ঐ উপদ্বীপে করা গেলে যেমন সিদ্ধ ও সফল হইত তেমনি ইহার পরের বর্জ্জিত স্থল ছাড়া সিদ্ধ ও সফল হইবেক ইতি।

[যাইবার খরচপ্রভৃতি মুনিবের দিবার কথা।]

৩ ধারা। উক্তমতে কোন লোকের সঙ্গে করার হইলে পর মরিচ উপদ্বীপে তাহার যাইবার জাহাজ প্রভৃতি স্থির হইলে, ঐ লোক যাঁহার নিকটে চাকরী করিতে করার করিয়াছে, তিনি ঐ লোকের যাইবার জাহাজের কেরায়া ও তাহার নিমিত্তে অন্য যে খরচ লাগে তাহা, ও মজুরপ্রভৃতি লোকেরা বিদেশে গেলে তাহারদের সঙ্গে২ যে মেয়া লোকেরদিগকে পাঠান যায় তাহারদের খরচ তৎকালের চলিত আইনমতে পুরুষপ্রতি যত করিয়া ধরা যায় তাহার হিসাব করিয়া ঐ লোকের নিমিত্তে যত দেনা হয় তাহা মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টে দিবেন ইতি।

[করারবদ্ধ যে লোকেরা যায় তাহারা পঁহুছিলে তাহার সম্বাদ দিবার কথা।]

৪ ধারা। যে কোন লোক ভারতবর্ষে থাকিয়া সেই প্রকারের করার করে, সে যখন মরিচ উপদ্বীপে বিদেশগত লোকেরদের বারিক ঘরে পঁহুছে, তখন তাহার পঁহুছিবার কথা, এই আইনমতের করা বিধানের নিয়মমতে সাধ্যমতে শীঘ্র করিয়া প্রকাশ করা যাইবেক, কিম্বা সেই করারমতে যিনি মুনিব হন তাঁহাকে সম্বাদ দেওয়া যাইবেক ইতি।

[ভারতবর্ষে যে লোক করার করিয়া থাকে তাহার প্রথম মুনিবের সঙ্গে করারনামার ইষ্টাম্পের মাসুল না লাগিবার কথা।]

৫ ধারা। ভারতবর্ষেতে যখন কেহ করার করিয়া মরিচ উপদ্বীপে যায় ও সেই করারনামায় যে মুনিবের নাম লেখা আছে তাঁহার নিকটে কিম্বা তাঁহার পরিবর্ত্তে অন্য মুনিবের নিকটে চাকরী করিতে লাগে, তখন সেই মুনিবের সঙ্গে কিম্বা তাঁহার যথাক্রমে অন্য লোকেরদের সঙ্গে ঐ যে করার করিয়াছে কিম্বা তাহার পর অন্য যে করার করে তাহার উপর ইষ্টাম্পের কি অন্য কোন মাসুল লাগিবেক না।

[সেই করারহইতে ঐ লোককে মুক্ত করিতে মুনিবের ক্ষমতার কথা।]

আরো ঐ লোক যত কাল সেই মুনিবের কি তাঁহার যথাক্রমে অন্য সাহেব লোকের নিকটে চাকরী করিয়া থাকে, তত কাল ঐ লোকের অনুমতিমতে ঐ মুনিব কি তাঁহার যথাক্রমে অন্য সাহেব ঐ লোককে ভারতবর্ষেতে করা ঐ করারমতে চাকরী করিবার সকল দায়হইতে মুক্ত করিতে পারিবেন। ও বিধানের নির্দ্দিষ্ট পাঠের লিখনমতে সেই লোককে যদি মুক্ত করা যায় তবে সে ঐ করারহইতে মুক্ত হইবেক, ও সেই করারমতে সেই দেশে থাকিয়া কর্ম্ম করিবার কি অন্য প্রকারের সকল দায়হইতে মুক্ত হইবেক ইতি।

[If not re-engaging to be subject to stamp duty, or to buy up industrial residence.]

VI.—If such Immigrant shall at the termination of his said Contract of Service, refuse to re-engage with the employer under the same, he shall either enter into a Contract of Service with another employer or other employers successively, subject to a stamp duty of £1-12-0 per annum, to be paid by such new employer or employers for the time required to complete the Immigrant's full term of five years industrial residence in the Colony: Or if he shall desire to redeem the residue of his industrial residence, he shall pay to the Colonial Treasury a sum at the said rate of £1-12-0 per annum for every year or part thereof remaining unexpired of his said term of industrial residence.

[Such amount to be paid to first employer.]

VII.—Any sums which may be recovered by Government under the preceding Article shall in each case be paid on demand to the employer under the said first mentioned Contract, or to those in his right, upon sufficient evidence to be by them produced of the right to receive the same.

[Magistrate may cancel Contracts made in India.]

VIII.—Nothing contained in the preceding articles shall be held to prevent or restrict the power of the Magistrate having jurisdiction therein, upon lawful grounds from ordering the cancellation of any Contract of Service hereinaforesaid. But when such cancellation shall have been ordered on account of any fault or wrong on the part of the employer, or those for whom he is responsible, he shall have no right to any sum which may be received by Government for the Immigrant by way of stamp duty on engagement, or for redemption of industrial residence.

[Immigrant not claimed within seven days may elect to be free from Contract.]

IX.—In case the services of any Immigrant who shall have entered in India into a Contract, as aforesaid, shall not be claimed by the intended employer under the same, within seven days after the Immigrant's arrival at the Depôt in Mauritius; (such arrival being duly published or notified in terms of Regulations) such Immigrant may elect either to enforce the Contract by proceeding before the proper Stipendiary Magistrate against the intended employer under the same, or to be entirely free from the obligations of the said Contract, subject to claim of damages for any loss which may arise to him in consequence of non-fulfilment of the Contract, which damages may be recovered before the proper Stipendiary Magistrate.

Every such election shall be intimated to the Protector of Immigrants, and shall by him be re-

[নূতন করার না করিলে ইষ্টাম্পের মাসুল লাগিবার কথা কিম্বা সেই দেশে থাকিয়া কর্ম্ম করিতে না হয় ইহার নিমিত্তে কিছু টাকা দিয়া মুক্ত হইবার কথা।]

৬ ধারা। চাকরী করিবার ঐ করারের মিয়াদ ফুরাইলে পর, যদি সেই লোক ঐ করারের লিখিত মুনিবের সঙ্গে নূতন করার করিতে স্বীকার না করে, তবে সে অন্য মুনিবের কিম্বা ক্রমশঃ অন্য২ মুনিবের নিকটে চাকরী করিবার করার করিবেক। সেই করারের উপর বৎসরে ১ পৌণ্ড ১২ শিলিং (অর্থাৎ ১৬৲ টাকার) ইষ্টাম্পের মাসুল লাগিবেক, অর্থাৎ ঐ উপদ্বীপে বাস করিয়া কর্ম্ম করিবার পাঁচ বৎসর মিয়াদ ফুরাইবার যত বৎসর থাকে তত বৎসরের নিমিত্তে ঐ নূতন মুনিব কি মুনিবেরা ঐ মাসুল দিবেন। অথবা সে যদি ঐ দেশে কর্ম্ম করিবার অবশিষ্ট কালের নিমিত্তে টাকা দিয়া মুক্ত হইতে চাহে, তবে তাহার সেই অবশিষ্ট কাল ফুরাইবার যত বৎসর কি যত কাল থাকে তাহার নিমিত্তে বৎসরপ্রতি ১ পৌণ্ড ১২ শিলিঙ্গের হিসাবে উপযুক্ত টাকা কলোনিয়ল ট্রেজুরীতে দাখিল করিবেক ইতি।

[সেই টাকা প্রথম মুনিবকে দেওয়া যাইবার কথা।]

৭ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে গবর্ণমেণ্টে যত টাকা আদায় হয় তাহা পাইবার অধিকারের উপযুক্ত প্রমাণ যদি ঐ প্রথম করারমতের মুনিব কি তাঁহার স্বত্বক্রমে অন্য সাহেবেরা দেখাইতে পারেন, তবে সেই টাকা তাঁহারদের দাওয়ামতে তাঁহারদিগকে দেওয়া যাইবেক ইতি।

[ভারতবর্ষে যে করার করা যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের বাতিল করিতে পারিবার কথা।]

৮ ধারা। ইহার পূর্ব্বের লিখিত চাকরী করিবার কোন করার বাতিল করিবার যদি উপযুক্ত কারণ থাকে, তবে তাহাতে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার ঐ করার বাতিল করিতে হুকুম করিবার ক্ষমতা রহিত হইয়াছে কি খর্ব্ব হইয়াছে ইহার পূর্ব্বের কোন ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবেক না। কিন্তু যদি মুনিবের, কিম্বা ঐ মুনিব যাঁহারদের সদাচারের নিমিত্তে দায়ী হন তাঁহারদের কোন দোষ কি অন্যায় কর্ম্মপ্রযুক্ত ঐ করার বাতিল হইবার হুকুম হয়, তবে অন্য করার হওয়াতে যে ইষ্টাম্পের মাসুল, কিম্বা ঐ উপদ্বীপে থাকিয়া কর্ম্ম না করিবার নিমিত্তে যে টাকা ঐ বিদেশগত ব্যক্তির নিমিত্তে গবর্ণমেণ্টে আদায় হয়, তাহা পাইতে ঐ মুনিবের কোন অধিকার হইবেক না ইতি।

[কোন লোক ঐ উপদ্বীপে পঁহুছিলে সাত দিনের মধ্যে যদি তাহার চাকরীর উপর কোন দাওয়া না হয় তবে ঐ করারহইতে মুক্ত হইবার তাহার ক্ষমতার কথা।]

৯ ধারা। কোন লোক ভারতবর্ষে উক্ত প্রকারের করার করিয়া মরিচ উপদ্বীপের বারিক ঘরে পঁহুছিলে পর ও তাহার পঁহুছিবার কথা আইনের বিধানমতে উপযুক্তরূপে প্রকাশ হইলে কিম্বা তাহার সম্বাদ দেওয়া গেলে পর, যে জন তাহাকে কর্ম্ম দিতে চাহিয়াছিলেন তিনি যদি সাত দিনের মধ্যে তাহাকে চাকর বলিয়া দাওয়া না করেন, তবে সেই লোক চাহিলে, ষ্টিপেণ্ডিয়রি উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ মুনিবের নামে নালিশ করিয়া ঐ করার বলবৎ করিতে পারিবেক, কিম্বা সেই করারের নিয়মহইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবার, ও সেই করারমতে কার্য্য না হওয়াতে তাহার যে কিছু ক্ষতি হইয়া থাকিবেক সেই ক্ষতির শোধ পাইবার প্রার্থনা করিতে পারিবেক, সেই ক্ষতির পরিশোধ ষ্টিপেণ্ডিয়রি উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হইতে পারিবেক।

ইহার মধ্যে সে যাহা পসন্দ করে তাহার কথা বিদেশগমনশীল লোকেরদের রক্ষক সাহেবকে জ্ঞাত করা

corded in terms of Regulations to be framed under this Ordinance.

[In such case intended employer to pay half expense of introduction.]

X.—In case the Immigrant shall elect to be free from his Contract, the party on behalf of whom he shall have been introduced, shall forfeit and pay to the Government one-half of the passage money and other expenses applicable to such Immigrant, and of the proportional expense chargeable on him on account of the introduction of females; and every such Immigrant shall be in the same position in all respects as if he had been introduced into the Colony without having made any Contract in India with an individual employed.

[Contract made in India may be transferred.]

XI.—It shall moreover be lawful to any Immigrant and intended employer under a Contract made in India to transfer the same with all its rights and obligations to a substitute employer; and every such transfer shall assign and transfer to the substituted employer the whole rights and interest under such Contract and all the obligations incumbent upon the intended employer therein.

Such transfer shall only be valid if made with the full consent of the original and substituted employer and of the Immigrant, and with the approval and concurrence of the Government upon satisfactory reasons being assigned therefore.

Every such transfer shall be in the form and be executed in the manner prescribed by Regulations under this Ordinance.

Such transfer may be made either on the Immigrant's arrival in Mauritius or at any time during the currency of his engagement.

[Engaged Immigrant to be maintained at Depôt.]

XII.—During the interval between the arrival at the "Depôt" in Mauritius of any Immigrant who shall have entered into a Contract in India, and his entering the service of his original or substituted employer under the Contract or of any employer to whom he may be allotted, he shall be maintained by the Government; and the expense of such maintenance shall be recovered from the intended employer under the Contract or those in his right.

[Governor authorized to allot Immigrants not engaged in India.]

XIII.—When any Immigrant shall arrive at Mauritius without having contracted in India, as hereinaforesaid, it shall be lawful to the Governor, by such Officer as may be entrusted with the duty, to allot such Immigrant to any person applying for

যাইবেক, ও তিনি এই আইনের মত করা বিধানের লিখিত নিয়মমতে সেই কথা রিকার্ড করিবেন ইতি।

[এমত স্থলে ঐ লোকের সেই দেশে যাইবার খরচ যে সাহেব তাহাকে চাকরী দিতে চাহিয়াছিলেন সেই সাহেবের দিবার কথা।]

১০ ধারা। সেই লোক যদি করারহইতে মুক্তহওয়া পসন্দ করে, তবে যাঁহার নিমিত্তে তাহার সেই দেশে যাওয়া হইয়াছিল, সেই সাহেব ঐ লোকের জাহাজের কেরায়া ও অন্য যে সকল খরচ হয় তাহার অর্দ্ধেক ও মেয়া লোকদিগকে ঐ দেশে লইয়া যাইবার খরচের হিসাব করিয়া যত খরচ ঐ লোকের উপর পড়ে তাহার অর্দ্ধেক গবর্ণমেণ্টে দাখিল করিবেন। ও ভারতবর্ষেতে নিযুক্ত কোন বিশেষ লোকের সঙ্গে করার না করিয়া কোন লোক সেই উপদ্বীপে পঁহুছিলে তাহার যে দশা হয়, ঐ লোকেরও সর্ব্বতোভাবে সেই দশা হইবেক ইতি।

[ভারতবর্ষে যে করার করা যায় তাহা হস্তান্তর হইতে পারিবার কথা।]

১১ ধারা। ভারতবর্ষেতে করা কোন করারমতে যে লোক চাকরী করিতে করার করে ও যে সাহেব তাহাকে চাকরী দিতে চাহিয়াছেন তাঁহারা সেই করার ও তৎক্রমে যে অধিকার ও দায় হয় তাহাসমেত অন্য মুনিবের হাতে হস্তান্তর করিয়া দিতে পারিবেন। ও সেই প্রকারে হস্তান্তর করা গেলে, ঐ করারমতের সকল অধিকার ও সম্পর্ক, ও তদনুসারে যে সাহেব চাকরী দিতে চাহিয়াছিলেন তাঁহার উপর যে সকল দায় হইত তাহা ঐ নূতন মুনিবকে দেওয়া যাইবেক ও তাঁহার প্রতি বর্ত্তিবেক।

যে সাহেব প্রথমে চাকরী দিতে চাহিয়াছিলেন ও যে সাহেব নূতন মুনিব হন ও যে জন চাকরী করিবেক এই তিন জনের সম্পূর্ণ সম্মতি না হইলে, ও সেই হস্তান্তর করিবার উপযুক্ত কারণ প্রকাশ হইয়া গবর্ণমেণ্টের সম্মতি ও অনুমতি না হইলে, ঐ হস্তান্তর কার্য্য সিদ্ধ হইবেক না।

সেইরূপ হস্তান্তর করণের প্রত্যেক পত্র, এই আইনমতে করা বিধানের নির্দ্দিষ্ট পাঠের লিখনমতে লিখিতে হইবেক ও দস্তখৎ করিতে হইবেক।

যে জন চাকরী করিবার করার করে তাহার মরিচ উপদ্বীপে পঁহুছিবার সময়ে কিম্বা তাহার করার চলন হইবার কোন সময়ে ঐ হস্তান্তর কার্য্য হইতে পারিবেক ইতি।

[কোন লোক করার করিয়া গেলে বারিক ঘরে তাহার খোরাকপোশাক দিবার কথা।]

১২ ধারা। কোন লোক ভারতবর্ষে করার করিয়া যখন মরিচ উপদ্বীপে যায়, তখন তাহার সেই উপদ্বীপের বারিক ঘরে যাইবার কালঅবধি যত দিন সেই করারমতে আসল মুনিবের কি তাঁহার পরিবর্ত্তে অন্য মুনিবের নিকটে, কিম্বা যে কোন মুনিবের কর্ম্মে ভর্ত্তি হয় তাঁহার নিকটে চাকরী করিতে না লাগে, তত দিন তাহার খোরাকপোশাক গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবেক। ও সেই করারমতে যে সাহেব তাহাকে চাকরী দিতে চাহিয়াছিলেন সেই সাহেবের কিম্বা তাহার স্বত্বক্রমে অন্য সাহেবের স্থানে ঐ লোকের খোরাকপোশাকের খরচ আদায় হইবেক ইতি।

[যে লোকেরা ভারতবর্ষে করার না করে তাহারদিগকে চাকরীতে ভর্ত্তি করিয়া দিতে গবর্ণর সাহেবের ক্ষমতার কথা।]

১৩ ধারা। যদি কোন লোক ইহার পূর্ব্বের লিখনমতে ভারতবর্ষেতে করার না করিয়া মরিচ উপদ্বীপে পঁহুছে, তবে যে কোন সাহেব তাহাকে চাকরী দিতে চাহেন তিনি উপযুক্তমতের লোক হইলে, ও সেই চাকরের উপযুক্ত বেতন ও উপরি খরচ দিতে পারিলে ও

his services who may be selected therefore, and who shall be able and willing, and shall oblige himself to pay and provide a fair rate of wages and allowances for such Immigrant.

All such allotments shall be made in terms of Regulations to be proclaimed from time to time under this Ordinance.

[Immigrant allotted to be in same position as if engaged.]

XIV.—Every Immigrant who shall thus be allotted to an employer shall be subject to the law existing in the Colony at the time as to his industrial residence, and his allotment to or engagement with such employer shall be subject to the stamp duty now payable on Contracts with new Immigrants introduced entirely at the expense of the Colonial Treasury, except such allotment shall be made in excess of the number to which the employer would be entitled by Regulation.

[Governor in Executive Council to make Regulations.]

XV.—It shall be lawful to the Governor in Executive Council from time to time to make Regulations, for carrying out the purposes of this Ordinance, and from time to time to alter the same; and all such Regulations, on being published in the *Government Gazette*, shall have the same effect as if they had been contained *verbatim* herein; provided that they are not inconsistent with the spirit and meaning of any of the provisions hereof.

[Ordinance No. 12 of 1855 repealed.]

XVI.—Ordinance No. 12 of 1855, entitled "An Ordinance to enable persons to procure at their own expense Immigrants from India," is hereby repealed, except in so far as it relates to any Immigrants already introduced, or who may be introduced, or embarked under its provision before the present Ordinance shall have been known at the agency in India whence they shall have been transmitted, and all powers and remedies thereunder in such respects.

[Promulgation.]

XVII. This Ordinance shall take effect from the twenty-third day of October, one thousand eight hundred and fifty-eight.

PASSED in Council at Port Louis, Island of Mauritius, this twentieth day of September, one thousand eight hundred and fifty-eight.

R. Y. CUMMINS,
Secretary to the Council.

Published by order of His Excellency the Governor,

HUMPHRY SANDWITH,
Colonial Secretary.

(To be continued.)

[*Government Gazette*, 19th *April*, 1859.]

চাহিলে ও দিবার করার করিলে. শ্রীযুত গবরনর সাহেব অন্য যে কার্য্যকারক সাহেবের হস্তে এ কর্ম্ম অর্পণ করেন তাঁহার দ্বারা, এ লোককে ঐ সাহেবের চাকরীতে ভর্ত্তি করিয়া দিতে পারিবেন।

সেই প্রকারের ভর্ত্তি করিবার সকল কার্য্য এই আইনমতে যে সকল বিধান সময়ে২ প্রকাশ হয় সেই বিধানের নিয়মমতে করিতে হইবেক ইতি।

[সেই প্রকারে যে লোককে চাকরীতে ভর্ত্তি করিয়া দেওয়া যায় তাহার দশা করারমতে নিযুক্ত লোকের দশার ন্যায় হইবার কথা।]

১৪ ধারা। উক্ত প্রকারে যে সকল লোককে কোন মুনিবের চাকরীতে ভর্ত্তি করিয়া দেওয়া যায়, সেই লোকের উপর ঐ উপদ্বীপে থাকিয়া কর্ম্ম করিবার নিয়মের যে আইন তৎকালে ঐ উপদ্বীপে চলন থাকে সেই আইন খাটিবেক। ও নূতন কোন লোক কেবল কলোনিয়ল ত্রেজুরীর খরচে সেই উপদ্বীপে পঁহুছান গেলে তাহার সঙ্গে কেহ চাকরীর নিমিত্তে করার করিলে সেই করারনামার উপর মামুলের মত ইষ্টাম্প লাগে, এ মুনিবের চাকরীতে এ লোককে ভর্ত্তি করিলে যে লেখাপড়া হয় কি যে করারনামা হয় তাহার উপরও মামুলের মত ইষ্টাম্প লাগিবেক, কিন্তু এ মুনিব বিধানমতে যত মজুর পাইতে পারেন, ঐ লোককে ভর্ত্তি করিলে যদি তত লোকের অধিক হয় তবে সেই মামুল লাগিবেক না ইতি।

[এক্সেকিটিব কৌন্সেলে শ্রীযুত গবরনর সাহেবের বিধান করিবার কথা।]

১৫ ধারা। এই আইনের অভিপ্রায় সফল করিবার জন্যে শ্রীযুত গবরনর সাহেব এক্সেকিটিব কৌন্সেলে সময়ে২ বিধান করিতে পারিবেন ও সময়ে২ সেই বিধান পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তদ্রূপ সকল বিধান গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে, এই আইনেতে কথার২ লেখা গেলে যেমন বলবৎ হইত, তেমনি বলবৎ হইবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ বিধান এই আইনের কোন বিধির মর্ম্মের কি অর্থের সঙ্গে অসঙ্গত না হয় ইতি।

[১৮৫৫ সালের ১২ নম্বরের আইন রদ হইবার কথা।]

১৬ ধারা। "কোন লোককে ভারতবর্ষহইতে আপনার খরচে মজুরদিগকে আনাইবার ক্ষমতা দিবার আইন" নামে ১৮৫৫ সালের ১২ আইন ইহাতে রদ হইল। কিন্তু যে মজুরদিগকে ইহারপূর্ব্বে আনা গিয়াছে, ও ভারতবর্ষের যে এজেণ্টীহইতে মজুরদিগকে পাঠান যায় সেই এজেণ্টীতে এই আইনের বিধান জ্ঞাতহওয়া যাইবার পূর্ব্বে, ঐ পূর্ব্বের আইনের বিধানমতে যে সকল মজুরকে ঐ উপদ্বীপে পাঠান গিয়াছে কি তাহাকে উঠাইয়া দেওয়া গিয়াছে তাহারদের সম্পর্কে, ও সেই আইনানুসারে তাহারদের সম্পর্কীয় সকল ক্ষমতার ও উপায়ের বিষয়ে, ঐ আইন বহাল থাকিবেক ইতি।

(চলন হইবার সময়ের কথা।)

১৭ ধারা। এই আইন ১৮৫৮ সালের ২৩ অক্টোবর তারিখঅবধি চলন হইবেক ইতি।

মরিচ উপদ্বীপের পোর্ট লুইতে ১৮৫৮ সালের ২০ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে জারী হইল।

আর ওয়াই কমিন্স।
কৌন্সেলের সেক্রেটারী।

শ্রীলশ্রীযুক্ত গবরনর সাহেবের আজ্ঞামতে প্রকাশ করা গেল।

হমফ্রিসাণ্ডুইথ।
কলোনিয়ল সেক্রেটারী।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 9TH APRIL 1859.

The following Bill was read a second time in the Legislative Council of India on the 9th April 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 13th of July next :—

A Bill to amend Act XIII. of 1856 *(for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.)*

[Preamble.]

WHEREAS it is expedient to amend certain provisions of Act XIII. of 1856 : It is enacted as follows :—

[Sections repealed.]

I. Sections XIII., L., LIX., LXXVI., LXXVIII., and Clause 13 of Section LXXXI. of Act XIII. of 1856 (for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca) are repealed, and the following Sections are substituted in lieu thereof.

[Police Officers taking bribes.]

II. Whoever, being a member of the Police Force or being employed in any Police Office, asks for or takes any bribe or unauthorized reward, shall be dismissed by order of the Commissioner, and upon conviction before a Magistrate, shall be liable to fine not exceeding five hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding six months.

[CALCUTTA, MADRAS, AND THE STRAITS' SETTLEMENT. Penalty for keeping taverns and places of public entertainment without a license from the Commissioner of Police. (BOMBAY.) Penalty for keeping such house and for retailing spirits in any place without a license.]

III. Whoever in the Towns of Calcutta and Madras, or in any Station of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, has or keeps any hotel, tavern, punch-house, ale-house, arrack or toddy-shop, or place for smoking chandoo or other preparation of opium ; or any eating-house, coffee-house, boarding-house, lodging-house, or other place of public resort and entertainment, wherein provisions, liquors, or refreshments of any kind are sold or consumed (whether the same be kept or retailed therein or procured elsewhere), without a license from the Commissioner of Police ; and whoever, in the Town of Bombay has or keeps any such hotel, tavern house, shop, or place, or who sells by retail in any place any spirituous or fer-

আইনের মুসাবিদা

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৯ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ৯ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি জুলাই মাসের ১৩ তারিখের পর সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিলাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতির নানা সদর মোকামের পোলীসের বিধান করিবার আইন নামে ১৮৫৬ সালের ১৩ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

(হেতুবাদ।)

১৮৫৬ সালের ১৩ আইনের কোন২ বিধান সংশোধন করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ ধারা রদ হইল তাহার কথা।]

১ ধারা। "কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিলাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতির নানা মোকামের পোলীসের বিধান করিবার আইন" নামে ১৮৫৬ সালের ১৩ আইনের ১৩ ও ৫০ ও ৫২ ও ৭৬ ও ৭৮ ধারা ও ৮১ ধারার ১৩ প্রকরণ ইহাতে রদ করা গেল। ও তাহার পরিবর্ত্তে এই২ ধারা দেওয়া গেল ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের ঘুস লইবার কথা।]

২ ধারা। পোলীসের আমলা হইয়া, কিম্বা কোন পোলীস আফিসে কোন কর্ম্মে ভর্ত্তি হইয়া, কোন লোক যদি কিছু ঘুষ চাহে কি লয়, কিম্বা যাহা লইবার অনুমতি নাই এমত কিছু বক্‌শীশ চাহে কি লয়, তবে সেই লোক কমিস্যনর সাহেবের হুকুমমতে তগীর হইবেক। ও মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা, ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ইতি।

[কলিকাতায় ও মান্দ্রাজে ও মোহনার বসতি স্থানে পোলীসের কমিস্যনর সাহেবের পাট্টা না পাইয়া পঞ্চ ঘর ও সাধারণ লোকেরদের আহারাদি করিবার ঘর রাখিবার দণ্ড। ও বোম্বাইয়ে পাট্টা না পাইয়া সেই প্রকারের ঘর রাখিবার ও কোন স্থানে শরাব খুঞ্জরা বিক্রয় করিবার দণ্ড।]

৩ ধারা। কলিকাতা কি মান্দ্রাজ নগরের মধ্যে কিম্বা পুলুপিলাঙ্গ কি সিংহপুর কি মলাকা বসতি স্থানের কোন মোকামে, কোন হোটেল, কি টাবর্ণ, কি পঞ্চ ঘর, কি এলঘর, কিম্বা আড়ক কি তাড়ির দোকান, কিম্বা চণ্ডু কি আফীনে প্রস্তুত অন্য দ্রব্য তামাকুর মতে খাইবার স্থান, অথবা আহার করিবার কোন ঘর, কি কাফী হৌস' কি আহার শয়নাদির ঘর, কি বাসার ঘর, অথবা সাধারণ লোকেরদের গমনাগমন ও আহারাদি করিবার অন্য যে স্থানে আহারীয় মাংস কি শরাব কিম্বা মিষ্টান্নপ্রভৃতি আহারীয় কোন প্রকারের দ্রব্য বিক্রয় হয় কি খাওয়া যায়, সেই শরাবাদি সেই ঘরে রাখা যাউক কি তাহাতে খুঞ্জরা বিক্রয় হউক কি অন্য কোন স্থানহইতে ক্রয় করিয়া আনা যাউক, এমত ঘর পোলীসের কমিস্যনর সাহেবের স্থানে পাট্টা না পাইয়া, যে কোন ব্যক্তির থাকে কিম্বা যে কেহ রাখে সেই ব্যক্তি, ও বোম্বাই নগরের মধ্যে সেই প্রকারের পাট্টা না পাইয়া যে কোন ব্যক্তির সেই প্রকারের কোন হোটেল, কি টাবর্ণ ঘর, কি দোকান, কি স্থান থাকে, কিম্বা যে কেহ তাহা রাখে,

mented liquors without such license, shall be liable to a fine not exceeding fifty Rupees for every day that such unlicensed house or place is kept open or that such unlicensed sale by retail is continued.

কিম্বা যে কেহ সেই প্রকারের পাট্টা না পাইয়া কোন স্থানে কিছু উগ্রশরাব কি গাঁজাধরা শরাব খুজরা বিক্রয় করে, সেই ব্যক্তি পাট্টাবিনা ঐ ঘর কি স্থান যত দিন খোলা রাখে, কিম্বা বিনানুমতিতে সেই খুজরা বিক্রয় যত দিন করিতে থাকে, তাহার দিনপ্রতি, সেই ব্যক্তির পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[Common gaming-houses.]

IV. When any cards, dice, gaming-table or cloth, board, or other instruments of gaming, which are found in any house, room, or place, of which information has been given on oath to the Commissioner of Police that it is suspected of being used as a common gaming-house, or about the person of any of those who are found therein, it shall be evidence, until the contrary is made to appear, that such house, room, or place is used as a common gaming-house, and that the persons found therein were there present for the purpose of gaming, although no play was actually seen by the Police Officer, or any of his assistants.

[সামান্য জুয়া খেলার ঘরের কথা।]

৪ ধারা। কোন ঘর কি কুঠরি কি স্থান সামান্য জুয়া-খেলার ঘরের মতে ব্যবহার হইতেছে এমত শোবে হয়, এই কথা যদি কোন ঘরাদির বিষয়ে পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে জ্ঞাত করা যায়, ও যদি সেই ঘরের মধ্যে, কিম্বা তাহাতে যে কোন লোককে পাওয়া যায় তাহার বস্ত্রাদিতে, কিছু তাস, কি পাশা, কি জুয়া খেলার মেজ, কি ছক, কি তক্তা, কি জুয়া খেলার অন্য দ্রব্য পাওয়া যায়, তবে পোলীসের কর্ম্মকারক কিম্বা তাহার সহায় কোন লোক কোন খেলা হইতে না দেখিলেও যাবৎ অন্যরূপ প্রমাণ না হয় তাবৎ ঐ তাস-প্রভৃতি সেই স্থানে পাওয়া গেল বলিয়া ঐ ঘর কি কুঠরি কি স্থান সামান্য জুয়া খেলার ঘরের মতে ব্যবহার হইতেছে ও যে লোকেরদিগকে ঐ স্থানে পাওয়া গেল তাহারা জুয়া খেলার নিমিত্তে সেই স্থানে ছিল ইহার প্রমাণ হইবেক ইতি।

[Powers of Inspector, &c., to enter shops to seize false weights and measures.]

V. Any Inspector or superior Officer of Police may enter any shop or premises for the purpose of inspecting the weights and measures and instruments for weighing, kept or used therein, and may seize any weight, measure, or instrument for weighing which he may have reason to believe is false.

[অনুপযুক্ত বাটখারা ও গজপ্রতি মাপিবার দ্রব্য ক্রোক করিবার জন্যে দোকানে প্রবেশ করিতে ইন্‌স্পেক্টর-প্রভৃতির ক্ষমতার কথা।]

৫ ধারা। পোলীসের কোন ইন্‌স্পেক্টর কিম্বা উপরিস্থ অন্য কার্য্যকারক কোন দোকানে কি বাড়িতে রাখা কি ব্যবহারকরা বাটখারা ও মাপিবার গজপ্রভৃতি ও ওজন করিবার যন্ত্র দেখিয়া লইবার জন্যে সেই দোকানে কি বাড়িতে প্রবেশ করিতে পারিবেন, ও যে কোন বাটখারা কি গজপ্রভৃতি কি ওজন করিবার যন্ত্র অনুপযুক্ত বোধ করিবার কারণ জানেন তাহা তিনি ক্রোক করিতে পারিবেন ইতি।

[In Calcutta and the Ports of the Straits' Settlement, passenger boats to be registered.]

VI. No boat shall ply for passengers in the Port of Calcutta, or in any of the Ports of the said Settlement, unless duly registered at the Police Office. The following particulars shall be entered in the Register.

First.—Number of the boat.

Second.—Name and residence of the owner, and of the manjee.

Third.—Number of the crew.

Fourth.—Number of persons the boat is permitted to carry.

[কলিকাতায় ও সমুদ্রের মোহনার বসতি স্থানের বন্দরে চড়নদার লইবার নৌকা রেজিষ্টর হইবার কথা।]

৬ ধারা। পোলীসের দপ্তরখানায় উপযুক্তমতে রেজিষ্টরী না হইলে, কোন নৌকা কলিকাতার বন্দরে কিম্বা উক্ত বসতিস্থানের কোন বন্দরে, চড়নদারদিগকে লইবার জন্যে যাওয়া আসা করিবেক না। রেজিষ্টরী বহীতে এই২ কথা লিখিতে হইবেক।

প্রথম। নৌকার নম্বর।

দ্বিতীয়। স্বামির ও মাঝির নাম ও বাসস্থান।

তৃতীয়। দাঁড়িমাঝি যত জন থাকে।

চতুর্থ। নৌকাতে যত লোককে লইয়া যাইবার অনুমতি হয়।

[Registration.]

The registration shall be in force for one year; and every change of the owner or manjee within that time shall be therein noted. A fee of one Rupee shall be paid on registration.

[রেজিষ্টরী করণের কথা।]

ঐ রেজিষ্টরী এক বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক। ইতিমধ্যে স্বামির কি মাঝির যতবার পরিবর্ত্তন হয় তাহার কথা তাহাতে লেখা যাইবেক। রেজিষ্টরী করিবার সময়ে এক টাকা রসুম দিতে হইবেক।

[Name of owner or manjee, number, &c. to be painted.]

The owner or manjee of every such registered boat shall cause to be painted on a conspicuous part of it, in the English and Vernacular languages, the registered number thereof, the number of the crew, and the number of passengers permitted to be carried.

[স্বামির কি মাঝির নাম, ও নম্বরপ্রভৃতি রঙ্গ দিয়া লেখা যাইবার কথা।]

ঐ নৌকার রেজিষ্টরীকরা নম্বর, ও দাঁড়িমাঝি যত জন থাকে ও যত জন চড়নদারকে তাহাতে লইবার অনুমতি হয় এই সকল কথা সেই প্রকারের রেজিষ্টরীকরা প্রত্যেক নৌকার স্বামী কি মাঝি ইঙ্গরেজী ও দেশীয় ভাষাতে ঐ নৌকার কোন প্রকাশ স্থানে রঙ্গ দিয়া লেখাইবেক।

[*Government Gazette*, 19*th April*, 1859.]

[Penalty.]

The owner or manjee of a boat plying for passengers without being duly registered, or carrying more passengers, or with a less crew, than is stated in the register, or not having the prescribed particulars painted on it, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Discharging fire-arms, fire-works, &c.]

VII. Whoever sets fire to, or burns any straw or other matter, or lights any bon-fire, or wantonly discharges any fire-arm, or air-gun, or lets off or throws any fire work, or sends up any fire-balloon, in or near any public street, road, or thoroughfare, except at such times and places as shall be from time to time allowed by the Commissioner of Police, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Construction.]

VIII. This Act shall be read with and taken as part of the said Act XIII. of 1856.

W. MORGAN,
Clerk of the Council.

[দণ্ডের কথা।]

যদি কোন নৌকা উপযুক্তমতে রেজিষ্টরী না হইয়া চড়নদারেরদের নিমিত্তে আসাযাওয়া করে, কিম্বা রেজিষ্টরী বহীতে যত জন চড়নদারকে লইতে পারিবার কথা লেখা আছে তাহার অধিক লয়, কিম্বা যত জন দাঁড়িমাজি লেখা আছে তাহার কম লোক লয়, কিম্বা যদি ঐ নির্দ্দিষ্ট কথা রঙ্গ দিয়া লেখা না যায়, তবে সেই নৌকার স্বামির কি মাজির পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[বন্দুকপ্রভৃতি ও আতশবাজীপ্রভৃতি ছুড়িবার কথা।]

৭ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব সময়ে২ যে স্থানের কি সময়ের অনুমতি করেন, সেই২ স্থান কি সময় ছাড়া, অন্য কোন স্থানে কি সময়ে, যদি কোন লোক কোন সরকারী রাস্তায় কি পথে কি দুই রাস্তার মধ্যস্থ সকল লোকের যাইবার পথে, কি তাহার নিকটে, কিছু খড় কি অন্য দ্রব্য জ্বালায় কি পোড়ায়, কি বড় আগুন করে, কিম্বা কৌতুকে কোন বন্দুকপ্রভৃতি কি বাযুতে পূরা কোন বন্দুক ছুড়ে কি আতসবাজী ছুড়ে কি ফেলে, কিম্বা কোন আগুনের বেলুন উড়ায়, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অর্থ করিবার কথা।]

৮ ধারা। এই আইন ১৮৫৬ সালের ১৩ আইনের সঙ্গে ও তাহার এক অংশ বলিয়া পড়িতে হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 993.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Under orders of the Government of India in the Financial Department I have the honor to request in modification of the Circular Instructions of this Office of the 4th ultimo No. 9 57 that in future you will withhold advances of money to Officers of the Telegraph Department except upon sanctioned Estimates or applications duly countersigned by the Superintendent of Electric Telegraph in India.

(Signed) R. P. HARRISON,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of the Acctt., to the Govt. of Bengal,
The 14th March 1859.

No. 994.

To the Collector of Land Revenue, Lower Provinces.

The Accountant in the North Western Provinces having intimated to this Office that there is no Civil Treasury at Nowgong in those Provinces, I have the honor to advise you of the fact for your information and guidance.

(Signed) R. P. HARRISON,
Offg. Acct. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 16th March, 1859.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৯৯৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

LX. All Contracts and other documents mentioned in the Schedule shall as far as possible be

[*Government Gazette*, 3*rd May*, 1859.]

গবর্ণমেণ্টের বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবেরদের নিকটে পাঠাইবার জন্যে, মজুরপ্রভৃতির রক্ষক সাহেব এই আইন জারী হইবার পর সাধ্যমতে ত্বরা করিয়া শ্রীযুত গবর্নর্ সাহেবকে দিবেন। ও সেই ফর্দ্দের মধ্যে, প্রথম, যে মজুরপ্রভৃতি নূতন পঁহুছে, ও দ্বিতীয় যাহারা তিন বৎসর এ উপদ্বীপে আছে, ও তৃতীয় যাহারা বহু কালাবধি আছে, তাহারদিগকে যে২ হিসাবে বেতন দেওয়া যায় তাহা বিশেষ করিয়া লিখিবেন।

৫৪ দফা। তৎপর বৎসরে সামান্য যে কৃষাণের কর্ম্মে ভর্ত্তি হইবেক তাহারা, ও বিশেষ এজেণ্টেরদের উদ্যোগবিনা যাহারদিগকে ভর্ত্তি করা যায় তাহারা যে হারে বেতন ও উপরি খরচ পাইবেক তাহা শ্রীযুত গবর্নর্ সাহেবের আজ্ঞামতে এ ফর্দ্দ দেখিয়া ধার্য্য হইবেক।

আরো ছুতার রাজ কামারপ্রভৃতি ও ঘরের চাকরের অত্যধিক ও অতিক্রম যে২ হারে বেতন ও উপরি খরচ তৎকালে পাইয়া থাকে তাহার এক ফর্দ্দও প্রস্তুত করা যাইবেক।

বেতনের ঐ হার এমন নির্দ্ধার্য্য হইবেক যে চাকরী করিবার প্রথম মিয়াদে বৎসরে২ তাহার বৃদ্ধি হয়।

বেতনের হারের ফর্দ্দ প্রস্তুত হইলে সাধ্যমতে ত্বরা করিয়া গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যাইবেক।

৫৫ দফা। প্রতিবৎসরে আগষ্ট মাসের পর না হয়, ঐ প্রকারের ফর্দ্দ করিতে হইবেক, ও তাহা দেখিয়া বেতন ও উপরি খরচের সেই প্রকারের ফর্দ্দ প্রস্তুত হইয়া প্রকাশ হইবেক।

৫৬ দফা। উপরের কএক দফাতে যে ফর্দ্দের কথা আছে তাহা সুযোগমতে শীঘ্র করিয়া, নানা রাজধানীতে বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবের নিকটে পাঠাইয়া দেওয়া যাইবেক, ও তাঁহারা রাজধানীতে যে ভাষা চলন আছে সেই ভাষাতে ঐ ফর্দ্দ লেখাইয়া আপনারদের বারিক ঘরের মধ্যে কিম্বা তাহার নিকটে প্রকাশ২ স্থানে লটকাইয়া দেওয়াইবেন।

আরো মরিচ উপদ্বীপে যে সকল ভাষা চলন আছে সেই ভাষাতে ঐ ফর্দ্দ লেখা হইয়া, ঐ উপদ্বীপের বারিক ঘরে ও তাহার নিকটে স্থানে২ লটকাইয়া দেওয়া যাইবেক।

৫৭ দফা। যে মজুরপ্রভৃতি নূতন পঁহুছে তাহারদের বারিক ঘরে যাইবার আগে তাহারদের সঙ্গে, যাঁহারা তাহারদিগকে কর্ম্ম দিতে চাহেন তাঁহারদের কি তাঁহারদের পক্ষে কোন লোকের স্পষ্টরূপে কি চক্রান্তে কিছু কথোপকথন হইবার দৃঢ় নিষেধ হইতেছে।

৫৮ দফা। সেই প্রকারের কোন কথোপকথন হইয়াছে এই কথার প্রমাণ রক্ষক সাহেবের খাতিরজমামতে করা গেলে, যদি সেই কথোপকথনপ্রযুক্ত কোন মজুরপ্রভৃতি কোন বিশেষ মুনিবের নিকটে কর্ম্ম করিতে পসন্দ করে, তবে রক্ষক সাহেব তাহাকে ঐ মুনিবের চাকরীতে ভর্ত্তি হইবার অনুমতি দিতে নারাজ হইতে পারিবেন।

৫৯ দফা। আরো কোন মজুরপ্রভৃতি ভারতবর্ষে থাকিয়া যাহার নিকটে কর্ম্ম করিবার জন্যে প্রেরিত হয় নাই, কিম্বা বারিক ঘরে পঁহুছিবার আগে যাঁহারদিগকে মুনিবস্বরূপে পসন্দ করে নাই, এমত কোন মুনিবের সঙ্গে করার করিতে প্রবৃত্তি দিবার অভিপ্রায়ে কি মানসে কোন লোক ঐ বারিক ঘরে গিয়াছে, রক্ষক সাহেব ইহা বুঝিবার কারণ জানিলে সেই লোককে বারিকে যাইতে নিষেধ করিতে পারিবেন।

৬০ দফা। সকল করার ও তফসীলের লিখিত অন্য সকল কাগজপত্র সাধ্যমতে ছাপাকরা পাঠে হইবেক

upon printed forms to be furnished by a duly authorized Officer of Government; and when such forms can be obtained, none other shall be used for the purpose.

LXI. When any document requiring to have any official signature of any Magistrate or Public Officer under these Regulations, shall bear *ex facie* to have such signature, it shall be received in all Courts of Justice as genuine, without such signature requiring to be proved; and it shall continue to be so received until the said signature shall have been proved to be a forgery.

LXII. The present Regulations shall take effect from the thirteenth day of November, one thousand eight hundred and fifty-eight.

Given in Executive Council at Government House, this twelfth day of November 1858.

R. Y. CUMMINS,
Secretary to the Council.

By Command,

HUMPHRY SANDWITH,
Colonial Secretary.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 7.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 22d March 1859.

I am directed by the Board of Revenue to forward herewith, for the information and guidance of yourself and your subordinates, copy of a letter No. 426, dated the 28th ultimo, from the Secretary to the Government of India in the Home Department to the Secretary to the Government of Bengal, together with copy of the opinion of Mr. Advocate General Ritchie, regarding the execution of deeds and the making of contracts by the several Governments in India.

(Signed) E. T. TREVOR,
Secretary.

No. 426.

From C. Beadon, Esquire, Secretary to the Government of India, to A. R. Young, Esquire, Secretary to the Government of Bengal.

Dated Fort William, the 28th February 1859.

I am directed to transmit for information and guidance the accompanying copy of the opinion of Mr. Advocate General Ritchie, on the subject of the execution of deeds and the making of contracts by the several Governments in India.

2nd. Mr. Ritchie's opinion of course has reference only to documents which may be brought into the Presidency Courts where English Law prevails. But in the Mofussil the practice of executing deeds and making contracts in the name of the Government, (Sirkar) which has always existed may continue as heretofore.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩ মে।]

সেই২ পাঠ গবর্ণমেণ্টের উপযুক্তমতের ক্ষমতাপন্ন কার্য্যকারক সাহেবের স্থানে পাওয়া যাইবেক। ও সেই প্রকারের পাঠ যখন পাওয়া যাইতে পারে, তখন সেই কর্ম্মের নিমিত্তে অন্য কোন কাগজ লইয়া কার্য্য হইবেক না।

৬১ দফা। এই বিধানমতে যে কোন কাগজপত্রেতে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি সরকারী অন্য কোন কার্য্যকারক সাহেবের পদসংক্রান্ত দস্তখৎ থাকা প্রয়োজন, তাহাতে সেই প্রকারের দস্তখৎ বলিয়া কোন দস্তখৎ থাকিলে, তাহা প্রমাণ বিনা সকল আদালতে প্রকৃত বলিয়া গ্রাহ্য হইবেক, ও সেই দস্তখৎ জাল করা হইয়াছে এমত প্রমাণ যাবৎ না হয় তাবৎ প্রকৃত বলিয়া গ্রাহ্য হইতে থাকিবেক।

৬২ দফা। এই বিধান ১৮৫৮ সালের নবেম্বর মাসের ১৩ তারিখঅবধি চলিবেক।

১৮৫৮ সালের ১২ নবেম্বর তারিখে গবর্ণমেণ্ট হৌসে সমাগত একসেকিটিব কৌন্সেলে দেওয়া গেল।

আর ওয়াই কমিন্স।
কৌন্সেলের সেক্রেটারী।

হুকুমমতে।

হমফ্রি সাণ্ডউইথ।
কলোনিয়ল সেক্রেটারী।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যানর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ২২ মার্চ।

ভারতবর্ষের নানা স্থানের গবর্ণমেণ্টের দ্বারা দস্তাবেজ করিবার ও চুক্তিপত্র করিবার বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে গত মাসের ২৮ তারিখের ৪২৬ নম্বরের যে পত্র লেখেন তাহার এক কেতা নকল, ও আডবোকেট জেনরল শ্রীযুত রিচি সাহেব তদ্বিষয়ে যে মত লিখিয়াছেন তাহার এক কেতা নকল, বোর্ড রেবিনিউর সাহেবেরদের আদেশমতে তোমার নিজের ও তোমার অধীন কার্য্যকারকেরদের জানিবার জন্যে ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

৪২৬ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের নিকটে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত সি বীডন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

ভারতবর্ষের নানা গবর্ণমেণ্টের দ্বারা দস্তাবেজ ও চুক্তিপত্র করা যাইবার বিষয়ে আডবোকেট জেনরল শ্রীযুত রিচি সাহেব যে মত লিখিয়াছেন তাহার এক কেতা নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে আমি আজ্ঞাক্রমে পাঠাইতেছি।

২। রাজধানীর মেয়র আদালতে ইঙ্গরেজী আইন চলন আছে সেই২ আদালতে যে সকল দস্তাবেজ উপস্থিত করা যাইতে পারিবেক কেবল সেই প্রকারের দস্তাবেজের কথা রিচি সাহেব লিখিয়াছেন। কিন্তু মফঃসলে সরকারের নামে দস্তাবেজ ও চুক্তিপত্র করিবার যে রীতি পূর্ব্বাবধি হইয়া আসিতেছে তাহা চলিয়া থাকিতে পারিবেক।

3rd. A copy of Mr. Ritchie's opinion will be forwarded to the Right Honorable the Secretary of State by the next Mail, in order that, as suggested by Mr. Ritchie, an Act may be passed by Parliament to remove all doubts as to the power of the Governor General in Council, or the local Governments, or any officer of the Government authorized on that behalf, to execute deeds and enter into contracts which shall be binding on the Government.

4th. I am directed to add that the Right Honorable the Secretary of State will be requested, in the event of an Act of the nature suggested by Mr. Ritchie being passed by Parliament, to have six Seals engraved in England, with a suitable device, and sent out for the use of the Governments named on the margin.*

(Signed) C. BEADON,
Secy. to the Govt. of India.

OPINION.

1st. I think it of importance that in order to meet the doubts that have arisen at Bombay and Madras, as well as in Calcutta, an Act of Parliament should be passed during the next Session, expressly empowering the several Governments in India (including the Lieutenant Governor's), and such Officers as may, from time to time, be authorized by those Governments, to sell, dispose of, lease, or assign all real and personal estate within their respective Governments, vested in Her Majesty, under the Act 21 and 22, Vic. Cap. 106, as may be thought fit, and to make the proper assurances for that purpose either in the name and under the seal of the Secretary of State in Council, or in such other name and form as the Government shall, from time to time direct, without previous reference to the Secretary of State in Council in England.

2nd. I think that as many conveyances have doubtless been executed in India, and particularly in the North Western Provinces since the Act came into operation, it is very desirable that this provision should take a declaratory form, and should have a retrospective effect given to it, so that it may operate in the several Presidencies from the time of the Proclamation of the Act.

3rd. Although I fully concur with the law Officers at Bombay and Madras in thinking an Act of this description desirable, I do not quite agree in

* Two for Government of India, (Home and Foreign Departments,)

One	ditto,	Fort St. George,
One	ditto	Bombay,
One	ditto	Bengal,
One	ditto	Straits' Settlements,

[*Government Gazette, 3rd May*, 1859.]

৩। গবর্ণমেণ্ট যাহাতে বন্ধ থাকিবেন এমত দস্তাবেজ ও চুক্তিপত্র করিতে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্টের, কিম্বা সেই কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্টের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সাহেবের ক্ষমতা থাকার বিষয়ে যে কিছু সন্দেহ থাকিতে পারে, তাহা দূর করিবার জন্যে পার্লিমেণ্টহইতে আইন জারী হয়, শ্রীযুত রিচি সাহেবের এই পরামর্শ। অতএব সেই প্রকারের আইন জারী হইবার নিমিত্তে শ্রীযুত রিচি সাহেব যে মত লিখিয়াছেন তাহার এক কেতা নকল আগামি মেইলের দ্বারা রাজ্যের শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যাইবেক।

৪। আমাকে আরো এই কথা লিখিতে আদেশ হইয়াছে। শ্রীযুত রিচি সাহেব যে আইন হইবার পরামর্শ দিয়াছেন, এমত আইন যদি পার্লিমেণ্টহইতে জারী হয়, তবে রাজ্যের শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী সাহেব ইঙ্গলণ্ডে উপযুক্ত চিহ্নবিশিষ্ট ছয়খান মোহর খোদাইয়া নীচের লিখিত * গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে এই দেশে পাঠান, তাঁহার নিকটে এমত প্রার্থনা হইবেক।

মি বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

মত।

১। বোম্বাইয়েতে ও মান্দ্রাজে ও কলিকাতায় যে সকল সন্দেহ হইয়াছে তাহা দূর করিবার জন্যে, শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়মতে নানা গবর্ণমেণ্টের অধীন দেশের স্থাবর ও অস্থাবর যত সম্পত্তি শ্রীশ্রীমতীর প্রতি বর্ত্তে, তাহার মধ্যে যাহা বিক্রয়াদি করা উপযুক্ত বোধ হয় তাহা বিক্রয় কিম্বা হস্তান্তর করিবার কিম্বা তাহার পাট্টা দিবার কিম্বা তাহা অন্যের প্রতি অর্পণ করিবার ক্ষমতা, ও তৎপ্রযুক্ত হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে ও তাঁহার মোহর দিয়া, কিম্বা ইঙ্গলণ্ডে উক্ত সাহেবকে জিজ্ঞাসা করিবার প্রয়োজন না রাখিয়া গবর্ণমেণ্ট যাঁহার নামে ও যে পাঠে লিখিতে সময়ে২ আদেশ করেন তাঁহার নামে ও সেই পাঠে উপযুক্ত দস্তাবেজ করিবার ক্ষমতা, ভারতবর্ষের নানা গবর্নর সাহেবদিগকে, ও লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবদিগকে, ও সেই গবর্নর সাহেবেরা সময়ে২ অন্য যে কার্য্যকারক সাহেবদিগকে ক্ষমতা দিতে পারেন, তাঁহারদিগকে দিবার এক আইন পার্লিমেণ্টের আগামি বৈঠকে জারীহওয়া নিতান্ত প্রয়োজন বোধকরি।

২। ঐ (১০৬ অধ্যায়ের) আইন চলন হইবার পরে, ভারতবর্ষের মধ্যে, ও বিশেষমতে উত্তরপশ্চিম দেশে অনেক হস্তান্তর করণপত্র করা গিয়াছে, এই কারণে আমি যে নূতন আইন হইবার পরামর্শ দিতেছি তাহাতে ঐ আইনের অর্থ করিবার ধারা থাকে, ও জারী হইবার পূর্ব্বের কতক কালাবধি তাহা প্রবল হইবার কথা থাকে ইহা অতিপ্রয়োজনীয় জ্ঞান করি। তাহাতে সেই নূতন আইন ঐ ১০৬ অধ্যায়ের আইন জারী হইবার কালাবধি নানা রাজধানীতে প্রবল করা যাইতে পারিবেক।

৩। এই প্রকারের আইনহওয়া বিহিত বটে, ইহাতে বোম্বাইয়ের ও মান্দ্রাজের আইনসম্পর্কীয় কার্য্যকারকেরদের মতে আমারও সম্মতিআছে। তথাপি ঐ আ-

* বিশেষতঃ ভারতবর্ষের গবর্ণমেণ্টের দেশীয় ও বিদেশীয় ডিপার্টমেণ্টের জন্যে দুইটী।

মান্দ্রাজের	ঐ	এক।
বোম্বাইয়ের	ঐ	এক।
বাঙ্গলা দেশের	ঐ	এক।
মোহনার বসতি স্থানের	ঐ	এক।

the view taken by them of the difficulties arising under the 40th Section of the Act. I do not think that that provision can be treated as excluding the power of the Indian Governments to dispose of property, real and personal, in India, without previously obtaining from England the express authority of the Secretary of State in Council, but as pointing out the mode by which the Secretary of State in Council may deal with property which it may be determined by the Home Government to deal with in England.

The property so dealt with may be situated either in England or India, but practically the mode thus provided would be generally applicable to property in England, and not to property in India, save in exceptional cases.

If this be not so, and if the 40th Section be imperative and exclusive, it would follow that in no case could the Government of India legally sell any old stores or buy any new ones, or grant a pottah or enter into the most trifling contract (all of which acts fall as much within the provision of the 48th Section as the sale or mortgage of real estate does) without the previous sanction of the Secretary of State in Council, with the concurrence of a majority of votes at a meeting, which of course could not have been the intention of Parliament.

4th. My impression is, that it was intended by the Act to leave all contracts, conveyances, and assurances entered into or made in India with reference to property there on the same footing as before the Act, without disturbing the power previously committed to the Government of India to act in such cases without previous reference to the Home Government; and that it was further intended that wherever the name of the East India Company could have been properly used in contracts or deeds by the Government of India before the passing of the Act, the name of the Secretary of State in Council might be used under the Act; while in cases wherein, according to usage or local law, the name of a Government Officer was formerly used on behalf of Government, and not that of the East India Company, no change would be necessary. No difficulty according to this view would exist in sales or other dispositions of personal property, or in the grant of pottahs or other assurances of such property, which according to recognized custom ran in the name of the Collector or Commissioner, and not in that of the East India Company. But a practical difficulty would arise even according to this view in the execution of such assurances of real estate as used before the late Act to run in the name of the East India Company, as for instance in the sale of lands in the Presidency Towns or in leases or sales of property in the interior to Europeans—these can no longer be executed in India under the corporate seal of the grantors, as the Secretary of

ইনের ৪০ ধারাতে যে আপত্তি হয়, তদ্বিষয়ে তাঁহারদের যে অনুভব হইল তাহাতে আমি সম্মত নই। হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের অনুমতি ইঙ্গলণ্ডহইতে না পাওয়া গেলে, ভারতবর্ষের অন্তঃপাতি স্থাবর কি অস্থাবর সম্পত্তি হস্তান্তর করিতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ক্ষমতা যে থাকে না, আমার বিবেচনায় ঐ ধারার এ মত অর্থ করা যাইতে পারে না। কিন্তু ইঙ্গলণ্ড দেশস্থ গবর্ণমেণ্ট তদ্দেশে ঐ সম্পত্তি হস্তান্তরপ্রভৃতি করিতে নির্দ্ধার্য্য করিলে, হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের যে নিয়মমতে কার্য্য করিতে হইবেক, সেই নিয়ম প্রকাশ করা ঐ ধারার অভিপ্রায় বোধ হয়।

যে সম্পত্তি সেই প্রকারে হস্তান্তরাদি করিতে হইবেক তাহা ইঙ্গলণ্ডে কিম্বা ভারতবর্ষে থাকিলেও হয়, কিন্তু যে নিয়মের বিধান হইল তাহা কার্য্যক্রমে ইঙ্গলণ্ড দেশস্থ সম্পত্তির উপর সাধারণমতে খাটে, কেবল কোন২ স্থলে ভারতবর্ষস্থ সম্পত্তির উপর খাটিতে পারিবেক।

তাহা যদি না হয়, অর্থাৎ ৪০ ধারার কথা যদি নিতান্ত দৃঢ় ও বিশেষ আজ্ঞারূপে মানিতে হইবেক, তবে তদনুসারে হজুর কৌন্সেলে সভাগত অধিকাংশ সাহেবের সম্মতিক্রমে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের অনুমতি না হইলে, ভারতবর্ষের গবর্ণমেণ্ট কোন পুরাতন মালও বিক্রয় করিতে পারেন না, কোন নূতন মালও কিনিতে পারেন না, কোন পাট্টাও দিতে পারেন না ও অতিক্ষুদ্র কার্য্যের কোন চুক্তিপত্রও করিতে পারেন না, ফলতঃ স্থাবর সম্পত্তি বিক্রয় কি বন্ধক দেওয়ার কার্য্য যেমন ৪০ ধারাতে লক্ষিত হইয়াছে তেমনি ঐ সকল বিষয়ও তাহার মধ্যে আইসে। কিন্তু পার্লিমেণ্টের সেই অভিপ্রায় অসম্ভব।

৪। আমার অনুভব এই। ভারতবর্ষেতে যে সকল সম্পত্তি থাকে, তাহার সম্পর্কে যে সকল চুক্তিপত্র ও হস্তান্তর করণপত্র ও দস্তাবেজ ভারতবর্ষে করা যায় তাহা ঐ আইন জারী হইবার পূর্ব্ববৎ অবস্থায় রাখা, ও সেই২ বিষয়ে ইঙ্গলণ্ডের গবর্ণমেণ্টে জিজ্ঞাসা না করিয়া কার্য্য করিবার যে ক্ষমতা ভারতবর্ষের গবর্ণমেণ্টে পূর্ব্বে অর্পিত ছিল সেই ক্ষমতা খর্ব্ব না করা ঐ আইনের অভিপ্রায়। আরো ভারতবর্ষের গবর্ণমেণ্টের করা চুক্তিপত্রে কি দস্তাবেজে ঐ আইন জারী হইবার পূর্ব্বে যদি কোম্পানি বাহাদুরের নাম উচিতমতে দেওয়া যাইতে পারিত, তবে সেই২ স্থলে ঐ আইনমতে হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নাম দেওয়া ঐ আইনের অভিপ্রায়। আরো দাঁড়ামতে কিম্বা স্থানবিশেষের আইনমতে, যে২ স্থলে গবর্ণমেণ্টের তরফে কোম্পানি বাহাদুরের নাম না দিয়া গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক সাহেবের নাম দেওয়া যাইত সেই২ স্থলে নিয়মের কিছু পরিবর্ত্তনের আবশ্যক নাই। আইনের যদি এই অভিপ্রায় বোধ হয়, তবে অস্থাবর যে সম্পত্তির কওয়ালা কি হস্তান্তর করণপত্র কিম্বা তদ্রূপ যে সম্পত্তির পাট্টা কিম্বা অন্য দস্তাবেজ কোম্পানি বাহাদুরের নামে না হইয়া, সকলের স্বীকৃত দাঁড়ামতে কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যানর সাহেবের নামে দেওয়া যাইত, সেই সম্পত্তির নীলাম কি হস্তান্তরকরণ কিম্বা তাহার পাট্টা কি অন্য দস্তাবেজ করণ কিছু কঠিন হয় না। কিন্তু আইনের সেই অভিপ্রায় মানিলেও স্থাবর সম্পত্তির যে সকল দস্তাবেজ ঐ আইন জারী হইবার পূর্ব্বে কোম্পানি বাহাদুরের নামে দেওয়া যাইত, অর্থাৎ রাজধানীর প্রধান নগরে জমী বিক্রয় হইলে তাহার কওয়ালা, কিম্বা মফঃসলে ইউরোপীয় লোকেরদিগকে সম্পত্তি পাট্টা করিয়া দেওয়া গেলে কি বিক্রয় হইলে সেই পাট্টা, কি কওয়ালাপ্রভৃতি করাতে কিছু কঠিন

State in Council, though invested with the power of sueing and being sued as a body corporate, is not a corporation for all purposes, and has no corporate seal.

Therefore, in order to pass the legal estate in real property thus situated and subject to English law, where by that law a conveyance under seal is required, it would be necessary that such conveyance should be executed in England by the Secretary of State in Council under Section 40, or under a special power of attorney under seal from the Secretary in Council. In such cases, however, the beneficial interest in the land would, if my view be correct, be bound by the contract for the sale or disposal of it, entered into by the Government of India, and the Government would be entitled in the name of the Secretary of State in Council to sue upon all express covenants contained in the conveyance, though not executed on the part of the Secretary of State in the mode prescribed by Section 40.

5th. With respect to the acquisition of real property by purchase or grant, I do not myself feel the difficulties pointed out by Mr. Boyson. As before observed, I do not think the power of contracting for the purchase of such land is taken away from the Government of India by the new Act, and if the legal estate in any land thus contracted for be conveyed to the Secretary of State in Council, or to any of the Indian Governments, by name of office, I doubt not that the property in such lands would become vested in Her Majesty for the service of the Government of India, although the purchase may have been made without the direct authority of the Secretary of State in Council at a meeting of Council as prescribed by Section 40.*

6th. Even however if the view above taken by me be the correct one, the doubts that have arisen on the subject, and other doubts that may reasonably arise as to the effect of those portions of the Act, as well as the real difficulty which exists as to passing the legal estate in cases where English law applies, renders it very desirable, I think, that an Act of Parliament, of the nature above pointed out, should be passed as speedily as possible.

7th. The powers given should extend to the acquiring of land, as well as to disposing of it; and the name in which conveyances should be executed

* See further on this point a Memorandum dated the 16th November 1858, sent by me to the Government of India, Public Works Department, upon the execution of a mining lease to Messrs. Rees, Davis and Co.

হইবেক বটে। ফলতঃ ঐ পাট্টা কি কওয়ালাপ্রভৃতি দেওনিয়ার সমাজের মোহর তাহাতে এখন বসান যাইতে পারে না। কেননা কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব যদিও চার্টরপ্রাপ্ত সমাজের হইয়া নালিশ করিতে পারেন ও তাঁহার নামে নালিশ তুল্য হইতে পারে, তথাপি তিনি তাবৎ কর্ম্মের পক্ষে চার্টরপ্রাপ্ত সমাজের তুল্য নহেন ও তাঁহার সমাজের মোহর নাই।

এই কারণে স্থাবর যে সম্পত্তি তদ্রূপ স্থানে থাকে ও ইঙ্গলণ্ডীয় আইন যাহার উপর খাটে, এমত স্থাবর সম্পত্তির স্বত্ব আইনসিদ্ধমতে হস্তান্তর করিবার জন্যে যদি ইঙ্গলণ্ডীয় আইনমতে হস্তান্তর করণপত্রেতে মোহর দেওয়া প্রয়োজন, তবে সেই হস্তান্তর করণপত্র হয় ইঙ্গলণ্ডে ঐ ৪০ ধারামতে কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের করিতে হইবেক, না হয় তাঁহার মোহরযুক্ত বিশেষ মোক্তারনামাক্রমে তাহা করা আবশ্যক। পরন্তু এই বিষয়ে আমার অনুভব যদি যথার্থ হয়, তবে তদ্রূপ স্থলে ঐ সম্পত্তিতে লক্ষ্যের যে সম্পর্ক থাকে তাহা ঐ সম্পত্তি বিক্রয় কি হস্তান্তর করিবার যে করার ভারতবর্ষের গবর্নমেণ্টহইতে হয় তদনুসারে ভোগ হইবেক, ও সেই হস্তান্তর করণপত্র যদিও ৪০ ধারার নির্দ্দিষ্ট প্রকারে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের তরফে করা যায় নাই, তথাপি ঐ পত্রের যে নিয়ম থাকে তাহার উপর নালিশ করিতে হইলে, হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নাম ধরিয়া গবর্নমেণ্টের নালিশ করিবার অধিকার থাকে।

৫। ক্রয় কি দানক্রমে স্থাবর সম্পত্তি গ্রহণের বিষয়ে যে আপত্তি শ্রীযুত বয়সন সাহেব প্রকাশ করিয়াছেন তাহা আমি দেখিতে পাই না। নূতন আইনমতে সেই প্রকারের সম্পত্তি ক্রয় করিবার করার করিতে ভারতবর্ষের গবর্নমেণ্টের যে ক্ষমতা ছিল তাহা রহিত হয় নাই আমার এই বিবেচনা পূর্ব্বে লিখিয়াছি। আর সেই প্রকার করার যে কোন জমী লইয়া হয়, তাহার আইনসিদ্ধ স্বত্ব যদি হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের পদসম্পর্কীয় খ্যাতি ধরিয়া, তাঁহার কিয়া ভারতবর্ষের কোন গবর্নমেণ্টের প্রতি হস্তান্তর করণপত্রক্রমে দেওয়া যায়, তবে ৪০ ধারার বিধানমতে সভাগত সাহেবেরদের বৈঠকে হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের স্পষ্ট ক্ষমতা না পাইয়াও সেই জমী ক্রয় করা গেলে ভারতবর্ষের কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তে।*

৬। পরন্তু ঐ আইনের অর্থের বিষয়ে আমি যে অনুভব করিয়াছি তাহা যদ্যপি যথার্থ হয়, তথাপি তদ্বিষয়ে যে সকল সন্দেহ হইয়াছে, ও সেই আইনের ঐ২ অংশের ফলবিষয়ে অন্য যে২ সন্দেহ যুক্তিমতে হইতে পারে, ও ইঙ্গলণ্ডীয় আইন যে২ স্থলে খাটে সেই২ স্থলে আইনসিদ্ধ স্বত্ব প্রদান করা নিতান্ত কঠিন, এই সকল কথা বিবেচনা করিলে, পার্লিমেণ্টহইতে পূর্ব্বোক্ত প্রকারের এক আইন সাধ্যমতে ত্বরা করিয়া জারীহওয়া উচিত বোধ হয়।

৭। তদনুসারে ভূমি হস্তান্তর করিবার ক্ষমতা যেমন দেওয়া যায়, তেমনি ভূমি গ্রহণ করিবারও ক্ষমতা দেওয়া উচিত। ও যাঁহার নামেতে, অর্থাৎ শ্রীশ্রীমতী মহারা-

* রীস ডেবিস কোম্পানিকে আকর খনন করিবার পাট্টা দেওয়ার বিষয়ে ১৮৫৮ সালের ১৬ নবেম্বর তারিখের যে মরহা কথা পবলিক ওর্ক ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্নমেণ্টের নিকটে পাঠাইলাম তাহাও দেখ।

r taken, *i. e.* whether that of the Crown or of the Secretary of State in Council should be defined. Considering that nearly all such conveyances contain covenants upon which the Secretary of State in Council may have to sue or to be sued, it seems more convenient that the latter name should be used than that of Her Majesty.

8th. The power given should not, I think, be limited to the Governor General, or Governors in Council, but should extend to all Officers properly authorized in that behalf by the several Governments, for extreme inconvenience would result from the necessity of sending every conveyance that required execution to the seat of Government for execution.

9th. With respect to contracts, I do not take the same view that Mr. Lewis takes of the difficulties occasioned by the present Act. On the contrary, I think that in some respects greater facilities are given to entering into contracts in India on behalf of the Government than existed before the Act; where a contract was entered into with the East India Company and duly executed under the corporate seal, no difficulty could arise so far as the form of execution was concerned; and wherever conveniently it was practicable, this mode of execution was adopted. But numerous cases arose especially as to contracts executed out of the Presidency Towns, as to which it was impossible to consult the Law Officers, or to procure the execution of a regular deed under the Company's seal. In these cases great uncertainty often existed as to whether the contract, however binding in other respects, was binding on the East India Company as being a corporation, which in ordinary cases could only be bound under its corporate seal or upon the other contracting party who, according to English law, was not bound by an executory contract with a corporation, unless the corporation was itself bound. The result was that although the objection of the want of a corporate seal was never set up as a defence by the Government, to the performance of a contract on its part, the objection though waived by it was one to which it was frequently exposed; and thus contracts complete in all respects, save that they did not admit of execution under the Company's seal, *e. g.* contracts entered into in the name of an Officer expressly on behalf of the East India Company, have been defeated.

10th. This objection, I apprehend, will no longer prevail under the present Act, where the contract has been entered into with the authority of Government in India. For assuming the Government here to have authority to enter into such a contract so as to render the Secretary of State in Council liable upon it, no technical rule as to the necessity of the contract being under the corporate

নীর নামে. কিম্বা হজুর কৌন্সেলে রাজ্ঞের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামেতে হস্তান্তর করণপত্র দিতে কি লইতে হইবেক, এই কথাও নিশ্চিতরূপে লেখা উচিত। সেই প্রকারের প্রায় সমস্ত হস্তান্তর করণপত্রে নিয়ম থাকে, ও সেই নিয়ম ধরিয়া হজুর কৌন্সেলে রাজ্ঞের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নালিশ করিবার কিম্বা তাঁহার নামে নালিশ হইবার প্রয়োজন হইতে পারিবেক, ইহা বিবেচনা করিয়া বোধ করি শ্রীমতী মহারাণীর নাম না দিয়া, শ্রীযুত সেক্রেটারী সাহেবের নাম উল্লেখ করিলে ভাল হয়।

৮। যে ক্ষমতা দেওয়া যায় তাহা বোধ করি কেবল শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবদিগকে দেওয়া উচিত নহে। কিন্তু নানা গবর্ণমেণ্টহইতে যাঁহারা সেই কার্য্য করিবার উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত হন সেই সকল কার্য্যকারক সাহেবদিগকেও সেই ক্ষমতা দেওয়া উচিত। তাহা না হইলে যত হস্তান্তরকরণপত্রে দস্তখৎ করিতে হয় তাহা দস্তখৎ হইবার জন্যে গবর্ণমেণ্টের দূর স্থানে পাঠাইবার আবশ্যক হইলে, অত্যন্ত ক্লেশ জন্মিবেক।

৯। চুক্তিপত্রের বিষয়ে ঐ ১০৬ অধ্যায়ের আইনদ্বারা আপত্তি জন্মে বলিয়া শ্রীযুত লুইস সাহেব যে কথা লিখিয়াছেন তাহাতে আমি সম্মত নহি। বরং আমার বিবেচনাতে, গবর্ণমেণ্টের পক্ষে ভারতবর্ষেতে চুক্তিপত্র করা ঐ আইন জারী হইবার পূর্ব্বে আরো কঠিন ছিল। ফলতঃ যখন কোম্পানি বাহাদুরের সঙ্গে চুক্তি হইয়া সেই চুক্তিপত্রেতে সমাজের মোহর দিয়া দস্তখৎ হইত, তখন তাহাতে দস্তখৎ করিবার দাঁড়া লইয়া কিছু আপত্তি হইতে পারিত না বটে। আর যে স্থলে অক্লেশে হইতে পারিত, সেই স্থলে ঐ নিয়মমতেই দস্তখৎ হইত। পরন্তু অনেকবার, বিশেষতঃ রাজধানীর প্রধান নগরের বাহিরে যে চুক্তিপত্র করা যাইত, তৎসম্পর্কে উকীল সাহেবেরদের পরামর্শ লওয়া, কিম্বা কোম্পানির মোহরক্রমে দাঁড়ামতের দস্তাবেজ করা অসাধ্য ছিল। এমন স্থলে সেই চুক্তিপত্র যদিও অন্যান্য ভাবে প্রবল ছিল বটে, তথাপি চার্টরপ্রাপ্ত সমাজ বলিয়া কোম্পানি বাহাদুর তাহাতে বদ্ধ ছিলেন কি না এই কথা লইয়া অনেকবার সন্দেহ হইত, যেহেতুক সাধারণমতে ঐ কোম্পানি কেবল সমাজের মোহরকরা তমাসুকে বদ্ধ হইতে পারিতেন। ঐ চুক্তির অন্য পক্ষরা তাহাতে বদ্ধ ছিলেন কি না এই কথা লইয়াও সন্দেহ হইত, যেহেতুক ইঙ্গলণ্ডীয় আইনমতে চার্টরপ্রাপ্ত সমাজের সঙ্গে কোন কর্ম্ম করিবার চুক্তি করা গেলে, যদি সেই সমাজ তাহাতে বদ্ধ না হন, তবে অন্য পক্ষও তাহাতে বদ্ধ হন না। ফলতঃ সমাজের মোহরেতে চুক্তিপত্রেতে মোহর করা যায় নাই বলিয়া গবর্ণমেণ্ট যদিও কখন এজর করেন নাই বটে, তথাপি গবর্ণমেণ্ট সেই আপত্তি অগ্রাহ্য করিলেও, অন্য পক্ষহইতে সেই আপত্তি দ্বারা অনেকবার ক্লেশ পাইতে পরিতেন। এই প্রকারে কোম্পানি বাহাদুরের পক্ষে কোন কার্য্যকারক সাহেবের নামেতে যে চুক্তি করা যাইত ইত্যাদিপ্রকারের চুক্তিপত্রে কোম্পানি বাহাদুরের মোহর দিয়া দস্তখৎ না হওয়া ছাড়া সেই চুক্তিপত্র অন্য সকল ভাবে সম্পূর্ণ হইয়াও অসিদ্ধ হইয়াছে।

১০। ঐ ১০৬ অধ্যায়ের আইনমতে, যদি ভারতবর্ষেতে গবর্ণমেণ্টের ক্ষমতাক্রমে চুক্তি করা যায়, তবে বোধ হয় সেই আপত্তি চলিতে পারিবেক না। কারণ এই। এই দেশীয় গবর্ণমেণ্ট সেই প্রকারের চুক্তি করিলে কৌন্সেলে রাজ্ঞের শ্রীযুত সেক্রেটারী সাহেবও তাহাতে দায়ী হন এমন চুক্তি করিতে গবর্ণমেণ্টের ক্ষমতা আছে এই অনুভব হইলে, সমাজের মোহর দিয়া চুক্তিপত্রে দস্তখৎ হওয়ার আবশ্যক বলিয়া, পারিভাষিক

seal can now arise. The Secretary of State in Council not being a corporation, and if I am right in thinking that the Indian Governments have the power to bind the Secretary of State in Council by contracts entered into, and to be performed in India, it follows that both parties to such a contract would be bound, whether it were under seal or technically in the name of the Secretary of State in Council, or not, provided it were in other respects concluded as a contract with the Government.

বিধির কোন আপত্তি এখন হইতে পারে না। যেহেতুক হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব চার্টরপ্রাপ্ত সমাজতুল্য নহেন। ও ভারতবর্ষের নানা গবর্ণমেণ্ট ভারতবর্ষেতে যে চুক্তি করেন ও যে চুক্তিমতে ভারতবর্ষে কার্য্য করিতে হইবেক, এমত চুক্তি করিয়া হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবকেও বদ্ধ করিতে গবর্ণমেণ্টের ক্ষমতা আছে, আমার এই অনুভব যদি যথার্থ হয়, তবে গবর্ণমেণ্টের সঙ্গে চুক্তি বলিয়া অন্যং ভাবে সিদ্ধ হইলে, তাহাতে মোহর দেওয়া গেলে কি না গেলেও, কিম্বা পারিভাষিকরূপে হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে হইলে কি না হইলেও, উভয় পক্ষ সেই চুক্তিতে বদ্ধ থাকেন।

11th. I do not therefore think that in respect of contracts any alteration in the Act is required. But the opinions expressed on the subject at Bombay are entitled to much weight, and in the doubt that exists as to the correctness of my view, I think it will be preferable if the Act be amended as to conveyances, to introduce an express declaratory provision as to contracts also. But if any alteration be made, I would respectfully suggest that it be made in terms sufficiently large to give validity to all contracts whether under seal or not, and whether in the name of the Secretary of State in Council, or in any other name, entered into with the authority direct or indirect of any of the Indian Governments by any Officer of the Government. The power given should be sufficient to comprehend a contract by correspondence between a Government Officer acting within the scope of his authority, and a third person, which would be binding as against the Government if it were a private person and the principal of such Officer, but which the other contracting party might, when the Government represented the East India Company, have repudiated on the ground that the Officer did not contract, and was not liable individually, being a Government Officer acting within the scope of his duty, and that his principal had not contracted, and were not liable for the want of their corporate seal.

১১। অতএব আমার বিবেচনাতে চুক্তিপত্রের বিষয়ে ঐ আইনের কিছু পরিবর্ত্তন করা আবশ্যক নাই। কিন্তু বোম্বাইতে সেই বিষয়ে যে মত প্রকাশ হইয়াছে তাহা অত্যন্ত গুরুতর বলিয়া মানিতে হয়। আর আমার সেই অনুভব যথার্থ আছে কি না এই বিষয়ের সন্দেহ হওয়াতে, বোধ করি হস্তান্তর করণপত্র ধরিয়া যদি সেই আইন সংশোধন করা যায়, তবে চুক্তিপত্রের বিষয়েও সেই আইনের স্পষ্ট অর্থ করিবার বিধান হইলে ভাল হয়। পরন্তু যদি কিছু পরিবর্ত্তন করা যায় তবে, স্পষ্টরূপে কিম্বা ভাবক্রমে ভারতবর্ষের কোন গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতাপ্রাপ্ত হইয়া গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক সাহেব যে সকল চুক্তিপত্র করেন তাহাতে মোহর করা গেলে কি না গেলেও, ও হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে হইলে কি অন্য কোন কাহার নামে হইলে, সেই সমস্ত চুক্তিপত্র যাহাতে সিদ্ধ হইতে পারে এমত বিস্তারিত ভাবের কথা লিখিয়া সেই পরিবর্ত্তন করা উচিত, আমি আদরপূর্ব্বক এই পরামর্শ দিতেছি। ও যে ক্ষমতা দেওয়া যায় তাহাও কিছু বিস্তারিত করিয়া দেওয়া উচিত। অর্থাৎ গবর্ণমেণ্ট যদি কোন সাধারণ লোক হইয়া কোন কার্য্যকারকের মুনিবস্বরূপে তাঁহার দ্বারা চুক্তি করেন তবে ঐ মুনিবও তাহাতে বদ্ধ হন, তেমনি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক আপনার ক্ষমতার মধ্যে কর্ম্ম করিয়া লিখনপঠন দ্বারা অন্য ব্যক্তির সঙ্গে চুক্তি করিলে গবর্ণমেণ্টও তাহাতে বদ্ধ হন, এমন বিস্তারিত ভাবের ক্ষমতা দেওয়া উচিত। পরন্তু সেই গবর্ণমেণ্ট যখন কোম্পানি বাহাদুরের স্থলাভিষিক্ত ছিলেন, তখন, "ঐ কার্য্যকারক আপনি চুক্তি করেন না, ও গবর্ণমেণ্টের কার্য্যকারক হইয়া আপনার কর্ত্তব্য কর্ম্মমাত্র করিতেছেন ইহাতে আপনি দায়ী নহেন, ও তাঁহার মুনিবও চুক্তি করেন না ও সমাজের মোহর না থাকাতে সেই মুনিবও দায়ী নহেন" এমত আপত্তি করিয়া ঐ চুক্তির অন্য পক্ষ সেই চুক্তিপত্র অগ্রাহ্য করিতে পারিতেন।

12th. I think it will be desirable also to call to the attention of the Secretary of State the question as to the mode in which the purchase of ships in this country by the Indian Governments should be effected. Such ships undoubtedly become the property of Her Majesty. But it seems advisable to show on the face of the Bill of Sale, that they are acquired for the purpose of the Government of India, in order to distinguish those from other ships belonging to Her Majesty. This may be done by making the Bill of Sale run either in the name of Her Majesty expressly for the purposes of the Government of India, or in the name of the Secretary of State in Council of India, on account of Her Ma

১২। আরো এদেশে জাহাজ যেরূপে ক্রয় করিতে হয় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ইহার নিয়ম করিবার কথায় রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবকে মনোযোগ করান আমার বিবেচনাতে উচিত হয়। কোন জাহাজ সেই প্রকারে ক্রয় করা গেলে অবশ্য শ্রীশ্রীমতী মহারাণীর সম্পত্তি হয়, পরন্তু শ্রীশ্রীমতী মহারাণীর অন্য জাহাজহইতে ভিন্ন করিয়া ঐ জাহাজ চিনা যায় এই জন্যে, ভারতবর্ষের কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহ হইবার জন্যে তাহা গ্রহণ করা গিয়াছে, এই কথা বিক্রয়পত্রের মূলপাঠে প্রকাশ করা বিহিত বোধ হয়। সেই বিক্রয়পত্র স্পষ্টরূপে ভারতবর্ষের কর্ত্তৃত্ব কার্য্যের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর নামে লেখা গেলে, অথবা শ্রীশ্রীমতী মহারাণীর নিমিত্তে ভারতবর্ষের হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে লেখা গেলে হয়।

jesty, which in some respects, may be more convenient. No legislative provision is required for this purpose, and the sale of such ships if resold, will follow the general law as to the sale of personal property by the Government of India which I have already discussed.

13th. Another question of minor importance has been brought to my attention by the Government Solicitor, (Mr. Sandes) and may be here conveniently noticed, viz. as to the mode of filing an answer to a Bill of Equity in the Supreme Courts in India. The Secretary of State in Council is empowered to sue, and be sued as a body corporate.

The usual mode of answering on behalf of a corporation is by answer under the corporate seal, and in London there would be no difficulty probably in filing an answer under the hand and seal of the Secretary of State affixed in Council.

But in this country a litigious plaintiff might object to accept the authentication under the hand or seal of any Government official in this country, and might insist on its being signed and sealed in England. It is not probable that any such difficulty will arise, as if raised it will only delay the plaintiff. I apprehend that practically a power of attorney, or even a letter from the Secretary of State in Council to the Governor General in Council, or to the Government Solicitor in Calcutta, will suffice to authorize the filing an answer which shall be virtually binding.

14th. In these remarks I have assumed that the Secretary of State in Council is not invested with the general powers of a corporation. I do not think the capacity to sue and be sued as a corporate body, which is conferred on the Secretary of State in Council, constitutes him a body corporate for general purposes; a doubt, however, may possibly be raised on this point from the words of Section 44, which preserves in force and makes applicable to the Secretary of State in Council, in place of the East India Company, all Acts or provisions then in force under Charter or otherwise concerning India. As the East India Company is incorporated by Charter and as nearly all the privileges secured to the East India Company by Charter alone, had been before the passing of the last Act either annulled by, or merged into provisions by Act of Parliament, except the privileges of a corporation conferred by the Charter of 1698, it may perhaps be thought that among the provisions thus made applicable by the late Act to the Secretary of State in Council, are those which incorporated the East India Company and gave it perpetual succession and a common seal. I do not think, however, that the clause can have this effect, because the provisions thus rendered ap-

কোন২ কারণে শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে লেখা আরো ভাল হয়। ইহার নিমিত্তে আইনের কোন বিধানের প্রয়োজন নাই। ও সেই জাহাজ যদি পুনরায় বিক্রয় করিতে হয় তবে ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বারা অন্যবর সম্পত্তি বিক্রয় করিবার যে সাধারণ বিধির কথা পূর্ব্বে লিখিয়াছি সেই বিধিমতে হইতে পারিবেক।

১৩। উক্ত সকল কথাঅপেক্ষা লঘু অন্য এক কথাতে গবর্ণমেণ্টের কৌন্সেলী শ্রীযুত সাণ্ডিস সাহেব আমাকে মনোযোগ করাইয়াছেন। সেই কথা এই স্থলে বিবেচনা করিতে হয়। অর্থাৎ ভারতবর্ষের সুপ্রিম কোর্টে একটি পক্ষের বিলের জওয়াব দাখিল করিবার নিয়মের কথা। হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের এই ক্ষমতা আছে যে চার্টরপ্রাপ্ত সমাজতুল্য তিনি নালিশ করিতে পারেন ও তাঁহার নামে নালিশ হইতে পারিবেক।

চার্টরপ্রাপ্ত সমাজের পক্ষে জওয়াব দাখিল করিতে হইলে রীতিমতে ঐ সমাজের মোহরযুক্ত জওয়াব দাখিল করা হয়। লণ্ডন নগরে হইলে, হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের দস্তখৎ ও মোহরকরা জওয়াব দাখিল করা কঠিন না হইবেক।

কিন্তু এই দেশে যদি ফরিয়াদী দুঃখ দিতে চাহে তবে গবর্ণমেণ্টের এই দেশের কোন কার্য্যকারকের দস্তখৎ কি মোহর স্বীকার করিবার আপত্তি করিতে পারে, ও ইঙ্গলণ্ডে তাহাতে দস্তখৎ ও মোহর করা যাইবার দাওয়া করিতে পারে। কেহ যে তাহা করিবেক এমত সম্ভাবনা নাই বটে, করিলে তাহাতে কেবল ফরিয়াদীর বিলম্ব হয়। আমি বোধ করি যে, মোখ্তারনামা হইলে, কিম্বা হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের নামে, কিম্বা কলিকাতায় গবর্ণমেণ্টের কৌন্সেলী সাহেবের নামে পত্র দিলে জওয়াব দাখিল করিবার প্রচুর ক্ষমতা হয়, ও তাহা ফলিতার্থে সিদ্ধ হইবেক।

১৪। হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব চার্টরপ্রাপ্ত সমাজের তুল্য সাধারণ ক্ষমতাপ্রাপ্ত হন না, এই কথা অনুভব করিয়া এই পত্র লিখিয়াছি। হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবকে চার্টরপ্রাপ্ত সমাজের ন্যায় নালিশ করিবার ও তাঁহার নামে নালিশ হইবার যে ক্ষমতা দেওয়া গিয়াছে, তাহাতে তিনি সর্ব্ব সাধারণ কার্য্যের নিমিত্তে চার্টরপ্রাপ্ত সমাজের তুল্য হন এমত বোধ করি না। কিন্তু ৪৪ ধারার কথার দ্বারা আমার এই অনুভবের কিছু সন্দেহ হইতে পারে। যেহেতুক সেই ধারাক্রমে ভারতবর্ষের বিষয়ে চার্টরক্রমে কি প্রকারান্তরে যে সকল আইন কি বিধান তৎকালে চলন ছিল, তাহা কোম্পানি বাহাদুরের পরিবর্ত্তে হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের উপর বহাল রাখা গেল ও খাটান গেল। কোম্পানি বাহাদুর চার্টরদ্বারা সমাজভুক্ত হন ও কেবল চার্টর দ্বারা যে সকল ক্ষমতা কোম্পানি বাহাদুরের প্রতি অর্পিত হইয়াছিল তাহার প্রায় সমস্ত ক্ষমতা ঐ আইন জারী হইবার আগে বাতিল হইয়াছিল, কিম্বা আক্ট পার্লিমেণ্টের দ্বারা আইনের বিধানের শামিল করা গিয়াছিল, কেবল চার্টরপ্রাপ্ত সমাজের যে সকল ক্ষমতা ১৬৯৮ সালের চার্টরদ্বারা দেওয়া গিয়াছিল তাহাই বজায় রহিল। ইহাতে ঐ আইনের দ্বারা হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী

plicable to the Secretary of State in Council, are those in force under Charter or otherwise concerning India, and are applied to the Secretary of State in Council in the place of the Company, and the Court of Directors, &c. As the provision in the Charter incorporating the Company is not a provision specially concerning India, and as the East India Company itself is left by the Act in existence as a corporation, it is clear, I think, that that provision cannot be held to apply to the Secretary of State in Council in substitution for the East India Company.

It is desirable however that it should be ascertained upon the reference now about to be made to the Secretary in Council, whether my view as above stated is right, and if not, that it should be corrected.

15th. It may perhaps be thought that the simplest mode of meeting the difficulty as to the transfer of property in India, is by expressly incorporating the Secretary of State in Council. Some convenience would no doubt attend that course, but it would, I think, be outweighed by the inconvenience arising from it in this country, unless the Act clothing the Secretary in Council with a full corporate character provided expressly for the execution of assurances and contracts in India, in a mode similar to that already pointed out as advisable. In England actions against the East India Company for pensions, &c., which it would have been extremely inconvenient to entertain in the ordinary Courts of Justice, have been defeated upon the simple ground that the defendants were a corporation, and that the contract sued on was not under the corporate seal.* Probably those actions might have been defeated upon other grounds. But the objections founded on the corporate character of the defendants afforded a convenient check upon the maintenance of actions of a harassing nature, respecting matters not properly within the cognizance of a Court of Justice. In this country, however, as already stated, the objection arising from the corporate character of the East India Company, generally operated unjustly, and even the balance of convenience was against it. If therefore the Secretary in Council be invested with a corporate character, I think a provision as to the execution of deeds and contracts in India should still be introduced.

16th. Even in the case of deeds executed under seal of the East India Company in India, before the

সাহেবের উপর যে সকল বিধান খাটান গেল তাহার মধ্যে যে বিধানক্রমে কোম্পানি বাহাদুরকে সমাজভুক্ত করা গিয়াছে ও তাঁহার ক্রমশঃপর্য্যায় ও সাধারণ মোহর দেওয়া যায় সেই বিধানও ধরা গিয়াছে, এমত অনুভব হইলে হইতেও পারে। পরন্তু আমার বিবেচনায় ঐ প্রকরণের এমন ভাব হইতে পারে না, কেননা হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের উপর যে সকল বিধান খাটান গিয়াছে তাহা চার্টরক্রমে কি প্রকারান্তরে ভারতবর্ষ সম্পর্কীয় চলিত বিধান। ও কোম্পানি বাহাদুর ও কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবপ্রভৃতির পরিবর্ত্তে হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি অর্পিত হয়। কিন্তু চার্টরের যে বিধানমতে কোম্পানি সমাজভুক্ত হন সেই বিধান বিশেষরূপে ভারতবর্ষসম্পর্কীয় বিধান নয় ও ঐ আইন কোম্পানি বাহাদুরকে চার্টরপ্রাপ্ত সমাজ বলিয়া রাখিয়াছেন, অতএব উক্ত বিধান কোম্পানি বাহাদুরের পরিবর্ত্তে হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের উপর খাটে এমত জ্ঞান হইতে পারে না।

পরন্তু এইক্ষণে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে যে পত্র লেখা যাইবেক তাহাতে আমার অনুভব যথার্থ আছে কি না ইহা নিশ্চয়মতে জ্ঞাত হওয় উচিত। যদি যথার্থ নয় তবে সংশোধন করিতে হয়।

১৫। হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব চার্টরপ্রাপ্ত সমাজের তুল্য আছেন এই কথা স্পষ্টরূপে প্রকাশ করিলে, ভারতবর্ষেতে সম্পত্তি হস্তান্তর করিবার কার্য্যের যে আপত্তি হইতেছে তাহা অনায়াসে খণ্ডিয়া যায়, কেহ২ এমত বোধ করিতে পারিবেন। তাহা হইলে, কোন২ ভাবে ভাল হয় বটে, কিন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী সাহেবকে যে আইনমতে সম্পূর্ণরূপে চার্টরপ্রাপ্ত সমাজের তুল্য প্রকাশ করা যায় সেই আইনেতে, আমার উপরের লিখিত পরামার্শমতে, ভারতবর্ষেতে দস্তাবেজ ও চুক্তিপত্র করিবার স্পষ্ট বিধান না হইলে, এই দেশে অধিক ক্লেশ সম্ভাবনা। ইঙ্গলণ্ড দেশে পেনশ্যানপ্রভৃতির নিমিত্তে কোম্পানি বাহাদুরের নামে কোন২ নালিশ হইলে, আসামীরা চার্টরপ্রাপ্ত সমাজ হইয়াও যে চুক্তিপত্রের উপর নালিশ হয় তাহাতে সমাজের মোহর দেওয়া যায় নাই, কেবল ইহা বলিয়া ফরিয়াদী মোকদ্দমাতে পরাজিত হইয়াছেন।* সেই প্রকারের মোকদ্দমার বিচার সাধারণ আদালতে করা অত্যন্ত ক্লেশকর হইত। ঐ মোকদ্দমার ফরিয়াদীর পরাজিত হইবার অন্য২ কারণ থাকিতে পারে বটে। পরন্তু সেই প্রকারের কথা প্রকৃতমতে আদালতের বিচার্য্য নহে, ও আসামীরা চার্টরপ্রাপ্ত সমাজস্বরূপ আছেন বলিয়া আপত্তি করিলে, অত্যন্ত ক্লেশদায়ক সেই মোকদ্দমা চলিবার অক্লেশে নিবৃত্ত হয়। পরন্তু পূর্ব্বে লিখিয়াছি কোম্পানি বাহাদুর চার্টরপ্রাপ্ত সমাজ আছেন বলিয়া যে আপত্তি হয় তাহার এই দেশে সাধারণমতে অন্যায় ফল হইল, ও তাহাতে অক্লেশও হইত না অতএব হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী সাহেব যদি চার্টরপ্রাপ্ত সমাজের ক্ষমতাপ্রাপ্ত হন তবু ভারতবর্ষের মধ্যে দস্তাবেজ ও চুক্তি করিবার এক বিধান করা উচিত হয়।

১৬। ঐ আইন জারী হইবার পূর্ব্বে কোম্পানি বাহাদুরের মোহর দিয়া যে সকল দস্তাবেজ হইয়াছে তদ্বি-

* See Gibson *versus* the East India Company, by Brig N. C. 262.

Innes *versus* the East India Company, 17 Common Bench, Report 351.

[*Government Gazette*, *3rd May*, 1859.]

* যে মোকদ্দমাতে গিবসন সাহেব ফরিয়াদী ও কোম্পানি বাহাদুর আসামী তাহা দেখ ও যে মোকদ্দমাতে ইনিস সাহেব ফরিয়াদী ও কোম্পানি বাহাদুর আসামী তাহা দেখ।

late Act, an anomaly existed, which distinguished such deeds from those executed by other corporations. Generally speaking a corporation has but one seal which alone gives validity to deeds executed in the corporate name. The Charter of 1698 accordingly provides for the use of a single seal by the East India Company, and I cannot find that any Charter or Act of Parliament relating to the Company ever authorized the use of a second. The authorized seal is of course that kept at the India House. But a separate seal called the seal of the East India Company, has, I believe, since the time of Warren Hastings, been kept by the Governor General in Council, and by the Governors in Council of the several Presidencies, under which all deeds requiring the corporate seal have been executed in India, and which seal has always been treated by the Courts in India as the corporate seal of the Company.

I have not been able to trace the legal origin of these separate seals, but it will probably be difficult to assign any other than the necessity of the case, and the recognition of the use of such seals by the East India Company, both in India and at Home.

Should the Secretary of State in Council be incorporated, I think express provision should be made for the use of separate corporate seals by the Governments of India, and of the several Presidencies.

(Signed) W. RITCHIE,
Advocate General.

8th February 1859.

(True Copies,)

(Signed) E. T. TREVOR,
Secretary.

Boardof Revenue, Lower Provinces.
Fort William, the 22nd March 1859.

মধ্যে কিছু অসঙ্গতি ছিল। তাহাতে সেই দস্তাবেজ অন্যং সমাজের করা দস্তাবেজহইতে ভিন্ন হইত। সাধারণমতে চার্টরপ্রাপ্ত সমাজের একটি মোহর থাকে। সেই মোহরেতে সমাজের নামে করা সকল দস্তাবেজ সিদ্ধ হইত। তদনুসারে ১৬৯৮ সালের চার্টরেতে কোম্পানি বাহাদুরের একি মোহরের বিধান আছে, আর ঐ কোম্পানিসম্পর্কীয় অন্য কোন চার্টরে কি আক্‌ট পার্লিমেণ্টে দ্বিতীয় মোহর হইবার কোন বিধান পাই না। ইণ্ডিয়া হৌসে যে মোহর রাখা যায় তাহাই অবশ্য আইনমতের সেই মোহর। কিন্তু বোধ হয় ওয়ারেন্ হেষ্টিংস সাহেবের কালাবধি কোম্পানি বাহাদুরের মোহর বলিয়া আর এক মোহর হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের, ও নানা রাজধানীর হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্‌নর্‌ সাহেবেরদের নিকটে আছে। ভারতবর্ষের মধ্যে কোন দস্তাবেজে সমাজের মোহর দিতে হইলে তাহা দিয়া মোহর করা যায়, ও ভারতবর্ষের নানা আদালতে সেই মোহর কোম্পানির সমাজের মোহর বলিয়া স্বীকার হইয়াছে।

এই ভিন্নং মোহর কোন্ আইনমতে হইয়াছে তাহা আমি নির্ণয় করিতে পারি নাই। কিন্তু তদ্রূপ করা আবশ্যক ছিল, ও ভারতবর্ষে ও ইঙ্গলণ্ডে কোম্পানি বাহাদুরের সেই মোহরে কার্য্য করা স্বীকার হইয়াছে, এই ভিন্ন তাহার অন্য কোন কারণ নির্ণয় করা কঠিন হইবেক বোধ হয়।

হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব চার্টরপ্রাপ্ত সমাজতুল্য যদি প্রকাশ হন তবে ভারতবর্ষের ও নানা রাজধানীর গবর্ণমেণ্টের সমাজের স্বতন্ত্র মোহর থাকার স্পষ্ট বিধান করা আমার বিবেচনায় উচিত হয়।

ডবলিউ রিচি।
আডবোকেট জেনরল।

১৮৫৯ সাল ৮ ফেব্রুআরি।

(যথার্থ নকল।)

ই টি ট্রেবর সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২২ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 21st April 1859.

Moonshee Ameenooddeen Ahmed, to be Moonsiff of Soonamookhy, Zillah West Burdwan.

The 23rd April 1859.

Baboo Satcowry Deb, Moonsiff of Chowgong, to be Moonsiff of Serajgunge, and Pundit Mudun Mohun Turkobhoosun, Moonsiff of Serajgunge, to be Moonsiff of Chowgong, Zillah Rajshahye.

The 25th April 1859.

Jae Lall Sing to officiate as Moonsiff of Hazareebagh, Zillah Chota Nagpore, during the deputation of Moulvy Abdool Ruhim, to officiate as Sub-Assistant Commissioner.

LEAVE OF ABSENCE.

The 21st April 1859.

Baboo Juddoonath Mookerjea, Moonsiff of Satkherah, Zillah 24-Pergunnahs, for two weeks, under Section 9.

A. W. RUSSELL, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ২১ আপ্রিল।

শ্রীযুত মুনশী আমীনুদ্দীন আহমদ জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ হইবেন।

১৮৫৯ সাল ২৩ আপ্রিল।

[জব্দ হইবার হুকুম না হইয়া যে সম্পত্তি ক্রোক হয় তাহার কথা, ও অপরাধী এক বৎসরের মধ্যে আপনাকে ধরা না দিলে ও নির্দ্দোষিপ্রভৃতি না হইলে, ঐ ক্রোকের মাতবরীর কোন আপত্তি না হইবার কথা ও বর্জ্জিত বিধি।]

১৮ ধারা। যে অপরাধ সাব্যস্ত হইলে অপরাধির সম্পত্তি জব্দ হইত, এমত অপরাধের নিমিত্তে সরকারে জব্দকরা কি জব্দ হইবার যোগ্য সম্পত্তি বলিয়া কোন সম্পত্তি, যদি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক সাহেবের দ্বারা কাহারো দোষ সাব্যস্ত না হইয়া কিম্বা জব্দ করিবার হুকুম না হইয়া ক্রোক করা যায় কি ধরিয়া লওয়া যায়, তবে সেই অপরাধির, কিম্বা যাহাকে অপরাধী বলা গেল সেই লোকের সম্পত্তি ক্রোক হইবার পর এক বৎসরের মধ্যে যদি সেই লোক বিচার হইবার নিমিত্তে আপনাকে ধরা দিয়াছে, ও উপযুক্ত আদালতের সম্মুখে তাহার বিচার হইয়া যদি তাহাকে সেই দোষে নির্দ্দোষী না করা গিয়াছে, কিম্বা না করা যায়, ও বিচার হইবার ভয়ে সে পলায়ন করে নাই কি রূপোশ হয় নাই এই কথা যদি আদালতের খাতিরজমামতে প্রমাণ না করে, তবে কোন মোকদ্দমাতে কি ফরকারীতে কোন আদালত কি অন্য কার্য্যকারক সাহেব সেই সম্পত্তি ক্রোক করা কি ধরিয়া লওয়া মাতবর মহে বলিয়া কিছু আপত্তি করিবেন না। পরন্তু ১৮৫৮ সালের ১ নবেম্বর তারিখের কলিকাতা গেজেটের ক্রোড়পত্রে শ্রীশ্রীমতী মহারাণীর যে ঘোষণাপত্র ছাপা হইয়াছিল, সেই ঘোষণাক্রমে যে লোকেরা ক্ষমা পাইবার যোগ্য হয়, কিম্বা সম্পত্তি ক্রোক হইবার পর যে কোন লোক এক বৎসরের মধ্যে আপনাকে ধরা দিলে, তাহার নামে নালিশ না হইয়া তাহাকে গবর্ণমেণ্টের হুকুমমতে মুক্ত করিয়া দেওয়া যায়, এমত কোন লোকের উপর এই ধারার কোন কথা খাটিবেক না ইতি।

[Release of property attached as forfeited.

XIX. No Judge or other person acting as Commissioner under the provisions of Acts XIV. and XVI. of 1857 has power to release property attached or seized as forfeited or as liable to be forfeited to Government except under the provisions of Section VIII. Act XXV. of 1857, when the offender or alleged offender shall have surrendered himself for trial and shall be tried and acquitted by such Judge or Commissioner, and shall prove that he did not escape or keep out of the way for the purpose of evading justice; and any order passed by any such Judge or Commissioner for the release of any property attached or seized as forfeited or liable to be forfeited to Government, except upon the acquittal before him of the person accused, and upon proof that he did not escape or keep out of the way for the purpose of evading justice, is hereby declared null and void.

[জব্দ হইল বলিয়া যে সম্পত্তি ক্রোক করা যায় তাহা ছাড়িয়া দিবার কথা।]

১৯ ধারা। সরকারে জব্দ হইল কি জব্দ হইবার যোগ্য বলিয়া যে সম্পত্তি ক্রোক করা গিয়াছে কি ধরিয়া লওয়া গিয়াছে এমত সম্পত্তি, যে জজ সাহেব কি অন্য ব্যক্তি ১৮৫৭ সালের ১৪ আইনের ও ১৬ আইনের বিধানমতে কমিসানরস্বরূপ কর্ম্ম করেন, তিনি কেবল ১৮৫৭ সালের ২৫ আইনের ৮ ধারার বিধানমতে ছাড়িয়া দিতে পারিবেন, অর্থাৎ অপরাধী কিম্বা যাহাকে অপরাধী বলা গেল সেই ব্যক্তি বিচার হইবার নিমিত্তে আপনাকে ধরা দিলে, ও সেই জজ সাহেবের কি কমিসানর সাহেবের দ্বারা তাহার বিচার হইয়া তাহাকে নির্দ্দোষী করা গেলে, ও বিচার হইবার ভয়ে সে পলায়ন করে নাই কি রূপোশ হয় নাই ইহার প্রমাণ করিলে, তাহার সম্পত্তি ছাড়িয়া দেওয়া যাইতে পারিবেক। ও যাহার নামে অভিযোগ হইয়াছে সেই লোক ঐ জজ কি কমিসানর সাহেবের সম্মুখে নির্দ্দোষ না হইলে, ও বিচার হইবার ভয়ে সে পলায়ন করে নাই কি রূপোশ হয় নাই ইহার প্রমাণ না করিলে, সরকারে জব্দ হইল কি জব্দ হইবার যোগ্য বলিয়া তাহার কিছু সম্পত্তি ক্রোক হইয়াছে কি ধরা গিয়াছে তাহার যে সম্পত্তি ছাড়িয়া দিবার যে কোন হুকুম ঐ জজ কি কমিসানর সাহেব করেন সেই হুকুম ইহাতে বৃথা ও বাতিল, প্রকাশ হইল ইতি।

[Act not affect the rights of parties not charged with an offence punishable by forfeiture of property. Proviso.]

XX. Nothing in this Act shall be held to affect

[সম্পত্তি জব্দ করিয়া যে অপরাধের দণ্ড হয় এমত অপরাধের নালিশ যাহারদের নামে না হয় তাহারদের স্বত্ব এই আইনেতে খর্ব্ব না হইবার কথা ও বর্জ্জিত বিধি।]

২০ ধারা। যে অপরাধ সাব্যস্ত হইলে অপরাধির

any such Court without the previous sanction of the Governor General of India in Council.

[Court to consist of three Commissioners.]

II. Every Court established under this Act shall consist of not less than three Commissioners who shall sit together for the trial and determination of claims; but any one or more of them shall have power to make all such orders as may be necessary for preparing the cases that may be instituted for trial and decision.

[Notification of Establishment of Court in any District.]

III. Whenever any Court shall be established under the provisions of this Act, with jurisdiction in any district or districts, notice thereof shall be given by a written proclamation, of which copies shall be affixed in the several Courts and in the Offices of the several Collectors and Magistrates of such district or districts; and the powers heretofore vested in the Courts of such district or districts in respect of all cases cognizable by the Courts established under this Act, shall be suspended until such Courts shall be informed, by an order under the signature of the Secretary to Government, that the local jurisdiction of such Court of Special Commission has ceased, of which notice shall be given by proclamation in the manner aforesaid.

[Transfer of pending suits.]

IV. Any case pending before any Court sitting as a Court of original jurisdiction at the time of the passing of this Act, in respect of a matter made cognizable by Courts established under its provisions, shall be transferred to the Court of Special Commission, within the limits of whose jurisdiction the property in dispute is situate, and such Court shall summon the defendant and proceed to dispose of the case in the same manner as if it had been instituted before it.

[Court where to be held.]

V. The Courts established under this Act shall be held at such place within the limits of their respective jurisdiction, as shall from time to time be appointed by the local Government.

[Form of plaint.]

VI. The plaint in suits instituted under this Act shall be written on the stamp paper prescribed for petitions of plaint in regular suits, and shall contain the following particulars, namely,

The name, description, and place of abode of the plaintiff, the relief sought for, the subject of the

বাহাদুরের অনুমতি না হইলে সেই প্রকারের কোন আদালতের সংস্থাপনেতে অতিরিক্ত কিছু খরচ না হয় ইতি।

[এক২ আদালতে তিন জন কমিস্যনর থাকিবার কথা।]

২ ধারা। এই আইনমতের স্থাপিত প্রত্যেক আদালতে কমিস্যনর তিন জনের ক্ষম নিযুক্ত হইবেন না। দাওয়ার বিচার ও নিষ্পত্তি করিবার জন্যে তাঁহারা একত্রে বৈঠক করিবেন। কিন্তু যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহা বিচার ও নিষ্পত্তির জন্যে প্রস্তুত করিবার নিমিত্তে যে২ হুকুম আবশ্যক হয়, সেই সকল হুকুম করিবার তাঁহারদের কোন এক কি অধিক জনের ক্ষমতা থাকিবেক ইতি।

[কোন জিলাতে আদালত স্থাপন হইলে তাহার সয়াদ দিবার কথা।]

৩ ধারা। এই আইনের বিধানমতে কোন এক কি অধিক জিলার উপর এলাকা দিয়া কোন আদালত স্থাপন হইলে, তাহার সয়াদ ঘোষণাপত্রে লিখিয়া দেওয়া যাইবেক। ও ঐ এক কি অধিক জিলার সকল আদালতে, ও মাজিস্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের কাছারীতে ঐ ঘোষণাপত্রের এক২ কেতা নকল লটকাইয়া দেওয়া যাইবেক। ও এই আইনমতের স্থাপিত আদালত যে সকল মোকদ্দমার বিচার করিতে পারেন, সেই সকল মোকদ্দমার সম্পর্কে ঐ এক কি অধিক জিলার আদালতের যে ক্ষমতা পূর্ব্বাবধি হইয়া আসিতেছে সেই ক্ষমতা স্থগিত থাকিবেক। পরে সেই স্থানে ঐ বিশেষ কমিস্যনের আদালতের এলাকা রহিত হইয়াছে, এই মর্ম্মের সয়াদ গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের দস্তখৎকরা হুকুমক্রমে ঐ জিলার আদালতে পঁহুছিলে সেই২ আদালতের ঐ ক্ষমতা পুনরায় চলিবেক। ও সেই কমিস্যনের আদালতের ক্ষমতা রহিত হইবার সয়াদ পূর্ব্বোক্তমতে ঘোষণাপত্রের দ্বারা প্রকাশ হইবেক ইতি।

যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে তাহার খারিজদাখিল হইবার কথা।]

৪ ধারা। এই আইনমতে স্থাপিত আদালতে যে২ বিষয়ের বিচার হইতে পারে, এমত কোন বিষয় লইয়া যে সকল মোকদ্দমা এই আইন জারী হইবার সময়ে প্রথমবার শুনিবার ক্ষমতাপন্ন আদালত বলিয়া কোন আদালতে মুলতবী থাকে, সেই সকল মোকদ্দমা ঐ আদালতহইতে খারিজ হইয়া, যে সম্পত্তি লইয়া বিবাদ হয় সেই সম্পত্তি বিশেষ কমিস্যনের যে আদালতের এলাকার শামিল থাকে সেই আদালতে দাখিল করা যাইবেক ও সেই আদালতে মোকদ্দমা প্রথমে উপস্থিত করা গেলে ঐ আদালত যেমন করিতে পারিতেন, তেমনি আসামীকে তলব করিয়া ঐ মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

[ঐ আদালতের বৈঠক যে স্থানে হইবেক তাহার কথা।]

৫ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনমতের স্থাপিত নানা আদালতের এলাকার অন্তর্গত যে স্থান সময়ে২ নিরূপণ করেন, সেই স্থানে ঐ২ আদালতের বৈঠক হইবেক ইতি।

[নালিশের আরজী লিখিবার পাঠ।]

৬ ধারা। জাবেতামতের মোকদ্দমাতে নালিশের আরজী যে ইষ্টাম্প কাগজে লিখিবার বিধি আছে এই আইনমতের উপস্থিতকরা মোকদ্দমার আরজী সেই প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। ও তাহাতে এই২ কথা লিখিতে হইবেক, অর্থাৎ,

ফরিয়াদীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান, ও যে প্রকারের উপকার চাহে তাহা, ও যে বিষয়ের উপর দা-

claim, and the cause of action; and if the suit be brought against a defendant other than the Government or some Officer on the part of Government, the name, description, and place of abode of such defendant.

[Verification of plaint. Punishment for false averment in plaint.]

VII. The plaint shall be verified in the manner prescribed for the verification of plaints in Section XXVII. Act VIII. of 1859 *(for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter)*; and if the plaint contain any averment which the person making the verification shall know or believe to be false, or shall not know or believe to be true, such person shall be subject to punishment according to the provisions of the law for the time being in force for the punishment of giving or fabricating false evidence.

[Presentation of plaint.]

VIII. The plaint may be presented by the plaintiff in person or by his duly constituted representative, either in the principal Civil Court of original jurisdiction in the district in which the property or any part of the property in dispute is situate, or in the Court of Special Commission having jurisdiction over the claim under this Act. If the plaint be not presented in the Court of Special Commission, it it shall be forwarded to such Court without delay.

[Procedure before hearing of suit.]

IX. The Court shall fix a day for the appearance of the parties and for the hearing of the suit, of which due notice shall be given to the parties or their representatives, and on the day so fixed the parties shall bring their witnesses into Court, together with any documents on which they may intend to rely in support of their respective statements. If either party require the assistance of the Court to procure the attendance of a witness on such day, he shall apply to the Court in sufficient time before the day fixed for the hearing of the suit, and the Court shall issue a subpœna requiring such witness to attend the Court on that day. It shall be competent to the Court to require the personal attendance of the plaintiff on the day fixed for the hearing of the suit or at any subsequent stage.

[Procedure on hearing.]

X. On the day fixed for the hearing of the suit or as soon after as may be practicable, the Court shall proceed to examine the plaintiff or his representative (when his personal attendance is not required) and the witnesses of the parties, and upon such examination and after inspecting the documents of the parties and making any further enquiry that may appear necessary, shall proceed to pass such order in the case in respect both to the claim and to the costs of suit as it may consider just and proper.

ওয়া হয় তাহা, ও নালিশ করিবার মূল কারণ। ও যদি গবর্ণমেণ্ট কিম্বা গবর্ণমেণ্টের তরফে কোন কার্য্যকারকছাড়া অন্য কোন আসামীর নামে মোকদ্দমা হয়, তবে ঐ আসামীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান লিখিতে হইবেক।

[নালিশের আরজী সত্যহওয়ার কথা লিখিবার কথা ও আরজীতে অসত্য কথা থাকিলে তাহার দণ্ড।]

৭ ধারা। দেওয়ানী মোকদ্দমা বিচারার্থে যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন নামে, ১৮৫৯ সালের ৮ আইনের ২৭ ধারাতে নালিশের আরজী সত্যহওয়ার কথা লিখিবার যে বিধান আছে, সেই বিধানমতে ঐ নালিশের আরজীর কথা সত্য, ইহা লিখিতে হইবেক। ও যে জন তাহা সত্য বলিয়া দস্তখৎ করিয়াছে সে যাহা অসত্য জানে কি বিশ্বাস করে, কিম্বা সত্য বলিয়া না জানে কি বিশ্বাস না করে, এমত কোন এজহার যদি সেই আরজীতে থাকে, তবে তৎকালের চলিত আইনের কোন বিধানমতে মিথ্যা সাক্ষ্য দিবার কি সাজাইবার যে দণ্ড হয়, ঐ লোকের সেই দণ্ড হইতে পারিবেক ইতি।

[আরজী দাখিল করিবার কথা।]

৮ ধারা। যে সম্পত্তি লইয়া বিবাদ হয় তাহা কি তাহার কোন অংশ যে জিলার মধ্যে থাকে, সেই জিলাতে মোকদ্দমা প্রথমবার শুনিবার ক্ষমতাপন্ন প্রধান যে দেওয়ানী আদালত থাকে, হয় সেই আদালতে, না হয় এই আইনমতে ঐ দাওয়ার উপর বিশেষ কমিস্যানের যে আদালতের এলাকা থাকে সেই আদালতে, ফরিয়াদী আপনি, কিম্বা আপনার নিয়মিতরূপে নিযুক্ত স্থলাভিষিক্তের দ্বারা, ঐ আরজী দাখিল করিতে পারিবেক। আরজী যদি বিশেষ কমিস্যানের আদালতে দাখিল না করা যায়, তবে অগৌণে সেই আদালতে পাঠাইতে হইবেক ইতি।

[মোকদ্দমা শুনিবার অগ্রের কার্য্যের কথা।]

৯ ধারা। আদালত উভয় পক্ষের হাজির হইবার ও মোকদ্দমা শুনিবার দিন নিরূপণ করিবেন। তাহার উপযুক্ত সম্বাদ উভয় পক্ষকে কি তাহারদের স্থলাভিষিক্তদিগকে দেওয়া যাইবেক। ও সেই নিরূপিত দিনে উভয় পক্ষ আপন২ সাক্ষিদিগকে আদালতে উপস্থিত করিবেক, ও যে সকল দলীলক্রমে আপন২ কথা সাব্যস্ত করিতে মনস্থ করে তাহাও আদালতে আনিবেক। কোন সাক্ষিকে সেই দিনে হাজির করাইবার জন্যে যদি কোন পক্ষ আদালতের সাহায্য চাহে, তবে মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনের আগে উপযুক্ত সময় থাকিতে আদালতে দরখাস্ত করিলে, সেই দিনে সেই সাক্ষির আদালতে হাজির হইবার সফীনা আদালত জারী করিবেন। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে, কিম্বা তাহার পর মোকদ্দমা উপস্থিত থাকিবার অন্য কোন সময়ে, আদালত ফরিয়াদীকে নিজে হাজির হইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমা শুনিবার সময়ের কার্য্যের কথা।]

১০ ধারা। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে, কিম্বা তাহার পর অব্যাজে যে সময়ে হইতে পারে সেই সময়ে আদালত ফরিয়াদীর জোবানবন্দী লইবেন। কিম্বা যদি ফরিয়াদীর নিজে হাজির হইবার হুকুম না হইয়াছে, তবে তাহার স্থলাভিষিক্তের ও উভয় পক্ষের সাক্ষিরদের জোবানবন্দী লইবেন, ও সেই জোবানবন্দী লইলে পর, ও উভয় পক্ষের দলীল দুষ্টি করিলে পর, ও অন্য যে প্রকারের তদন্ত আবশ্যক জ্ঞান করেন তাহা করিলে পর, তিনি ঐ দাওয়ার বিষয়ে ও মোকদ্দমার খরচার বিষয়ে যে হুকুম ন্যায্য ও উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

aforesaid, and in default of payment of such sum immediately or within such time as the Magistrate shall direct, he shall issue his warrant to levy the same by distress and sale of the goods and chattels of the defaulting contractor.

[Property distrained.]

V. If any question shall arise whether any goods or chattels seized under the warrant of distress belong to the defaulter or are liable to be distrained and sold as aforesaid, the decision and order of the Magistrate shall be final and conclusive with respect thereto.

[Penalty for workmen neglecting or refusing to work.]

VI. Any artificer, workman, or laborer employed or engaged by a contractor within the meaning of this Act to execute any work of the nature mentioned in Section I., who shall wilfully and without lawful or reasonable excuse neglect or refuse to perform such work, shall be liable on conviction before the Magistrate to a fine not exceeding Rupees. The Magistrate may, at the request of the complainant or of any one authorized to act on his behalf, instead of fining such artificer, workman, or laborer, order him to perform or get performed the work according to the terms of his contract, and if he shall fail to comply with the order, the Magistrate may, upon proof to his satisfaction of such non-compliance, sentence such artificer, workman, or laborer to be imprisoned with hard labor for any term not exceeding months.

[Interpretation. 'Magistrate.']

VII. The word "Magistrate" in this Act shall include any person who may be specially empowered by the Executive Government to exercise the powers vested in a Magistrate by this Act.

[Operation of Act.]

VIII. This Act shall take effect only in those Districts or places to which it shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place.

W. Morgan,
Clerk of the Council.

The 30th April 1859.

The following Bill was read a first and second time in the Legislative Council of India on the 30th April 1859, and referred to a Select Committee who are to report thereon within a month :—

A Bill to provide for the more speedy disposal of Appeals in cases appealable to the Sudder Court and of applications for Special Appeals.

[Preamble.]

Whereas by reason of the large number of re-

আজ্ঞা করিবেন। ও সেই টাকা তৎক্ষণাৎ না দেওয়া গেলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে না দেওয়া গেলে, তিনি ঐ ত্রুটিকারি কন্ত্রাক্টরের মাল ও জিনিসপত্র ক্রোক ও নীলাম হইয়া ঐ টাকা আদায় হইবার পরওয়ানা জারী করিবেন ইতি।

[ক্রোককরা সম্পত্তির কথা।]

৫ ধারা। ঐ ক্রোকী পরওয়ানামতে যে মাল কি জিনিসপত্র ক্রোক করা যায় তাহা ঐ ত্রুটিকারির বটে কি না, ও উক্তমতে ক্রোক ও নীলাম হইবার যোগ্য কি না, এই কথা লইয়া কিছু বিবাদ হইলে, মাজিষ্ট্রেট সাহেব তাহার যে নিষ্পত্তি ও হুকুম করেন তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক ইতি।

[মজুরপ্রভৃতি লোকেরা কর্ম্মেতে শৈথিল্য করিলে কি কর্ম্ম করিতে স্বীকার না করিলে তাহারদের দণ্ড।]

৬ ধারা। এই আইনের অর্থমতের কোন কন্ত্রাক্টর ১ ধারার লিখিত প্রকারের কোন কর্ম্ম করিবার জন্যে যে কোন কামার কি ছুতার কি রাজপ্রভৃতিকে কি মজুরকে কর্ম্ম দেয় কি নিযুক্ত করে, সে যদি জানিয়াশুনিয়া, ও ন্যায্যমতের কি উপযুক্ত ওজর না থাকিতেও, সেই কর্ম্ম না করে, কি করিতে স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার এত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। ফরিয়াদী কিম্বা তাঁহার পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কোন লোক প্রার্থনা করিলে মাজিষ্ট্রেট সাহেব ঐ কামার কি ছুতার কি রাজপ্রভৃতিকে কি মজুরকে জরীমানা না করিয়া তাহার করারমতে কর্ম্ম নির্ব্বাহ করিতে কি অন্যের দ্বারা করাইয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। ও সেই লোক ঐ হুকুমমতে কর্ম্ম না করিলে, ও তাহার সেই হুকুমমতে কর্ম্ম না করিবার প্রমাণ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে করা গেলে, তিনি সেই কামার কি ছুতার কি রাজপ্রভৃতির কিম্বা মজুরের এত মাসের অনধিক কোন মিয়াদপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট এই শব্দের অর্থ।]

৭ ধারা। "মাজিষ্ট্রেট সাহেব" এই আইনের মধ্যে এই শব্দেতে, এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবকে যে ক্ষমতা দেওয়া গেল সেই ক্ষমতামতে কার্য্য করিতে কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে কোন লোককে বিশেষমতে শক্তি দেন তাঁহাকেও বুঝায় ইতি।

[এই আইন আমলে আসিবার কথা।]

৮ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুকুমমতে কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে এই আইন যে২ জিলাতে কি স্থানে প্রবল করা যায় কেবল সেই২ জিলাতে কি স্থানে চলিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৩০ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ৩০ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে প্রথম ও দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। তাঁহারা এক মাসের মধ্যে তাহার রিপোর্ট করিবেন।

সদর আদালতে মোকদ্দমার আপীল হইতে পারিলে ঐ আপীল ও খাস আপীলের দরখাস্ত, আরো অন্য২ করিয়া নিষ্পত্তি করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সদর

gular appeals preferred in the Sudder Courts of the Presidency of Fort William in Bengal, much delay occurs in the hearing and determination of such Appeals; and it is expedient that measures should be provided for the more speedy disposal of the same: and whereas it is also expedient that in cases of application for special appeal any order passed by a single Judge of either of the said Courts for the admission or the rejection of any such appeal should be final; It is enacted as follows:—

[Appeals, in suits decided by Principal Sudder Ameens below Rupees 10,000, to lie to Zillah Judge.]

I. In suits decided by Principal Sudder Ameens in any part of the said Presidency where the amount or value of the suit shall be less than ten thousand Rupees, the appeal shall lie to the Zillah Judge, and shall not lie to the Sudder Court, any thing in Section IV. Act XXV. of 1837 to the contrary notwithstanding.

[Applications for special appeals to be heard by a single Judge of the Sudder Court. Proviso.]

II. All applications for special appeal, which are now pending in either of the said Sudder Courts, or which have been presented in any subordinate Court for transmission to the Sudder Court, and all such applications which may be hereafter presented under the provisions of Act XVI. of 1853, may be heard, and on hearing may be either admitted or rejected by a single Judge of the Sudder Court, and the order passed by such Judge either for the admission or the rejection of the appeal shall be final, any thing in Clause 4 Section VIII. of Act XVI. of 1853 to the contrary notwithstanding. Provided always that, except under the circumstances and for the purpose described in Clause 1. of the said Section, no case shall be remanded to the Court which passed the decree by the order of a single Judge; but when such Judge shall make an order for remand, the case shall be dealt with in the manner provided in Clauses 4 and 5 of the said Section.

W. Morgan,
Clerk of the Council.

The 30th April 1859.

The following Bill, as settled in Committee of the whole Council, was ordered to be published for general information, and to be re-considered after two months:—

A Bill for the establishment of Courts of Small Causes beyond the local limits of the jurisdiction of the Supreme Courts of Judicature established by Royal Charter.

[Preamble.]

Whereas, with a view to the more easy recovery of small debts and demands, it is expedient to establish Courts of Small Causes beyond the local limits of the jurisdiction of the Supreme Courts of judicature established by Royal Charter at the several Presidencies of Calcutta, Madras, and Bombay; It is enacted as follows:—

আদালতে আবেদনমতের অনেক আপীল উপস্থিত হওয়াতে ঐ সকল আপীল শুনিবার ও নিষ্পত্তি করিবার অনেক বিলম্ব হয়। ও তাহার আরো ত্বরা করিয়া নিষ্পত্তি করিবার উপায় করা বিহিত। ও খাস আপীলের দরখাস্ত হইলে উক্ত দেওয়ানী কি নিজামৎ আদালতের কোন এক জন জজ সাহেব তদ্রূপ আপীল গ্রাহ্য কি অগ্রাহ্য করিবার যে হুকুম করেন তাহা চূড়ান্ত হওয়া বিহিত। এই কারণে এই২ হুকুম হইল।

[১০০০০৲ টাকার কম মূল্যের যে সকল মোকদ্দমা প্রধান সদর আমীন নিষ্পত্তি করেন তাহার উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইবার কথা।]

১ ধারা। উক্ত দেশের কোন স্থানে প্রধান সদর আমীনেরা যে সকল মোকদ্দমা নিষ্পত্তি করেন তাহা দশ হাজার টাকার কম কোন টাকার বাবৎ, কিম্বা তত টাকার কম মূল্যের বিষয়ের বাবৎ হইলে, তাহার উপর আপীল সদর আদালতে না হইয়া জিলার জজ সাহেবের নিকটে হইবেক। ১৮৩৭ সালের ২৫ আইনের ৪ ধারাতে ইহার বিপরীত কোন বিধি থাকিলেও হইবেক ইতি।

[খাস আপীলের দরখাস্ত সদর আদালতের এক জন জজ সাহেবের শুনিবার কথা ও বর্জ্জিত বিধি।]

২ ধারা। খাস আপীলের যে সকল দরখাস্ত উক্ত সদর দেওয়ানী কি সদর নিজামৎ আদালতে এখন উপস্থিত থাকে, কিম্বা সদর আদালতে পাঠাইবার জন্যে অধীন কোন আদালতে দাখিল করা গিয়াছে, ও যে সকল দরখাস্ত ইহার পরে ১৮৫৩ সালের ১৬ আইনের বিধানমতে দাখিল করা যায়, সেই সকল দরখাস্ত সদর আদালতের এক কি জন জজ সাহেব শুনিতে পারিবেন, ও শুনিয়া হয় গ্রাহ্য, না হয় অগ্রাহ্য করিতে পারিবেন। ও আপীল গ্রাহ্য করিবার কিম্বা অগ্রাহ্য করিবার যে হুকুম ঐ জজ সাহেব করেন সেই হুকুম চূড়ান্ত হইবেক। ১৮৫৩ সালের ১৬ আইনের ৮ ধারার ৪ প্রকরণেতে ইহার বিপরীত কোন কথা থাকিলেও চূড়ান্ত হইবেক। পরন্তু ঐ ধারার ১ প্রকরণের লিখিত স্থল ও অভিপ্রায় ছাড়া, ডিক্রী যে আদালতে হইয়াছিল সেই আদালতে কেবল এক জন জজ সাহেবের হুকুমমতে মোকদ্দমা ফিরিয়া পাঠান যাইবেক না। কিন্তু যদি সেই জজ সাহেব মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার হুকুম করেন, তবে সেই মোকদ্দমা লইয়া ঐ ধারার ৪ ও ৫ প্রকরণের লিখিত বিধিমতে কার্য্য হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৩০ আপ্রিল।

কৌন্সেলের সমুদয় সাহেবেরা কমিটি হইয়া আইনের এই মুসাবিদা, নির্দ্ধার্য্য করিলেন, ও তাহা সকল লোকের জ্ঞাত হইবার জন্যে প্রকাশ করা যায় ও দুই মাসের পরে তাহার পুনর্বিবেচনা হয় এমত হুকুম হইয়াছে।

রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত সুপ্রিম কোর্টের এলাকার সীমানার বাহিরে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

অল্প কর্জ ও দাওয়া আরো সহজে আদায় হয় এই কারণে, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত সুপ্রিম কোর্টের এলাকার সীমার বাহিরে ক্ষুদ্র২ মোকদ্দমার আদালত স্থাপন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[Constitution of Small Cause Courts. Limits of territorial jurisdiction to be fixed.]

I. It shall be lawful for the Executive Government of any of the said Presidencies or of any place, with the previous sanction of the Governor General in Council, to constitute Courts of Small Causes, with the required establishment of Officers, at any place within the limits of their respective Governments, for the trial of suits under this Act. Whenever any such Court may be so constituted, the Executive Goverament shall fix the territorial jurisdiction of such Court, and may, from time to time, alter the same as may appear proper.

[ক্ষুদ্র২ মোকদ্দমার আদালত সংস্থাপনের কথা ও তাহার এলাকার সীমা নির্দ্ধার্য্য করিবার কথা।]

১ ধারা। উক্ত কোন রাজধানীর কি কোন স্থানের কর্ত্তৃস্থ কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া, আপন২ কর্ত্তৃত্বাধীন দেশের সীমানার অন্তঃপাতি কোন স্থানে এই আইনমতের মোকদ্দমার বিচার করিবার জন্যে ক্ষুদ্র২ মোকদ্দমার আদালত স্থাপন করিতে পারিবেন, ও সেই২ আদালতের উপযুক্ত সিরিশ্তার নিয়ম করিতে পারিবেন। যখন সেই প্রকারের কোন আদালত তদ্রূপে স্থাপন হয়, তখন সেই আদালতের এলাকা যত দূর হইবেক তাহা কর্ত্তৃস্থ কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিবেন, ও যেমন উচিত বোধ হয় তেমনি সময়ে২ তাহা পরিবর্ত্তনও করিতে পারিবেন ইতি।

[Description of suits cognizable by Small Cause Courts. Proviso.]

II. The following are the suits which shall be cognizable by Courts of Small Causes constituted under this Act, namely, claims for money due, whether on bond or other contract, or for rent, or for personal property, or for the value of such property, or for damages, when the debt, damage, or demand does not exceed in amount or value the sum of five hundred Rupees. Provided that no action shall lie in any such Court on a balance of partnership account, unless the balance shall have been struck by the parties or their agents; or for a share or part of a share under an intestacy, or for a legacy or part of a legacy under a will; or for any claim for the rent of land or any other claim for which a suit may be brought before a Revenue Officer, if commenced in due time; or for the recovery of damages on account of alleged personal injuries, unless special damage of a pecuniary nature shall have resulted from such injury.

[ক্ষুদ্র২ মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমার কথা ও বর্জ্জিত বিধি।]

২ ধারা। এই আইনমতে ক্ষুদ্র২ মোকদ্দমার যে আদালত স্থাপন হয় তাহাতে এই২ মোকদ্দমার বিচার হইতে পারিবেক। অর্থাৎ খৎ কি চুক্তিপত্রক্রমে, কিম্বা খাজানার কি ভাড়ার বাবতে, কিম্বা অস্থাবর সম্পত্তির বাবতে, কিম্বা সেই সম্পত্তির মূল্যের বাবতে, কিম্বা খেসারতের বাবতে কিছু টাকা পাওনা হইলে, সেই কর্জ্জ কি খেসারতের টাকা কি দাওয়া যদি পাঁচ শত টাকার অধিক না হয় কি পাঁচ শত টাকার অধিক মূল্যের না হয়, তবে সেই প্রকারের দাওয়ার বিচার হইতে পারিবেক। পরন্তু যৌতার কর্ম্মে, হিসাবের বাকীর বাবতে তদ্রূপ কোন আদালতে নালিশ হইবেক না। কিন্তু যদি ঐ হিসাবের বাকী উভয় পক্ষের দ্বারা কি তাহারদের মোখ্তারেরদের দ্বারা কাটা গিয়াছে তবে হইতে পারিবেক। ও কেহ উইল না করিয়া মরিলে তাহার সম্পত্তির ভাগ কিম্বা কোন ভাগের এক অংশ পাইবার জন্যে, কিম্বা উইলক্রমে দত্ত সম্পত্তি কি সেই সম্পত্তির এক ভাগ পাইবার জন্যে, ঐ আদালতে নালিশ হইবেক না। ও জমীর খাজানার কোন দাওয়ার, কিম্বা অন্য যে কোন দাওয়ার মোকদ্দমা উপযুক্ত সময়ে আরম্ভ হইলে রাজস্বের কার্য্যকারকের সম্মুখে উপস্থিত করা যাইতে পারে, তাহার বাবৎ কোন নালিশ ঐ আদালতে হইতে পারিবেক না। ও ব্যক্তির আঘাতপ্রভৃতি হইয়াছে বলিয়া তাহার বাবতে ক্ষতির শোধের নালিশ ঐ আদালতে হইবেক না, কিন্তু যদি সেই আঘাতপ্রভৃতিতে টাকা ধরিয়া বিশেষ ক্ষতি হয় তবে সেই টাকার বাবতে ঐ আদালতে নালিশ হইতে পারিবেক ইতি।

[Jurisdiction of the Courts.]

III. Every Court of Small Causes constituted under this Act shall have cognizance of all such suits as are mentioned in the last preceding Section, if the cause of action shall have arisen or the defendant at the time of the commencement of the suit shall dwell or personally work for gain within the local limits of the jurisdiction of such Court.

[আদালতের এলাকার কথা।]

৩ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যে সকল মোকদ্দমা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা করিবার কারণ যদি এই আইনমতের স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের এলাকার সীমানার মধ্যে হয়, কিম্বা মোকদ্দমা আরম্ভ করিবার সময়ে যদি আসামী সেই সীমার মধ্যে বাস করে, কি লাভের নিমিত্তে আপনি কর্ম্ম করে, তবে সেই প্রকারের সকল মোকদ্দমা ঐ আদালত গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

[Seal of the Court. Court to be generally subject to the Zillah Judge and Sudder Court.]

IV. Every Court constituted under this Act shall use a seal, bearing the following inscription in English and in the language of the Court—"Court of Small Causes of;" and every such Court shall be

[আদালতের মোহরের কথা, ও সেই আদালত সাধারণমতে জিলার জজ সাহেবের ও সদর আদালতের অধীন থাকিবার কথা।

৪ ধারা। এই আইনমতে যে কোন আদালত স্থাপন হয় তাহার মোহর থাকিবেক। তাহাতে ইঙ্গরেজী ভাষাতে ও আদালতের চলন ভাষাতে এই কথা থাকিবেক "অমুক স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আ-

subject to the general control and orders of the Judge of the District and of the Sudder Court.

[Suits cognizable by a Small Cause Court under this Act not to be cognizable in any other Court.]

V. Whenever a Court of Small Causes is constituted under this Act, all suits cognizable under the provisions of this Act, for any amount exceeding twenty Rupees which shall arise within the limits of the jurisdiction of such Court, shall be heard and determined in such Court and shall not be cognizable in any other Court.

[Saving of jurisdiction of Magistrates, &c. of Village Moonsiffs and Village or District Punchayets in Madras, of Military Courts of Request—of single Officers appointed to try small suits in Madras and Bombay, and of Military Punchayets in Madras.]

VI. Nothing in this Act shall be held to take away the jurisdiction which a Magistrate, or a person exercising the powers of a Magistrate, or an Assistant or a Deputy Magistrate, can now exercise in regard to debts or other claims of a Civil nature; or the jurisdiction which can be exercised by Village Moonsiffs or Village or District Punchayets under the provisions of the Madras Code, or by Military Courts of Request, or by Cantonment Joint Magistrates invested with Civil jurisdiction under Act III. of 1859, or by a single Officer duly authorized and appointed under the rules in force in the Presidencies of Fort St. George and Bombay respectively, for the trial of small suits in Military Bazars, in Cantonments, and Stations occupied by the troops of those Presidencies respectively, or by Punchayets in regard to suits against Military persons, according to the rules in force under the Presidency of Fort St. George.

[Courts where to be held.]

VII. Courts of Small Causes constituted under this Act shall be held at such place or places within the local limits of their respective jurisdictions as shall from time to time be appointed by the local Government to which such Courts are subordinate.

[Time of holding Courts, if they be directed to be held in more places than one.]

VIII. Whenever any such Court is directed to be held at more places than one within the local limits of its jurisdiction, the Judge of such Court, subject to the control of the Judge of the District, shall appoint the time at which the Court shall hold its sittings in every such place. Due notice of the time so appointed shall be given by a proclamation to be fixed up in some conspicuous place in the Court-house or other building in which the sittings of the Court are to be held.

[Procedure, Proviso.]

IX. The procedure to be observed in the trial of cases cognizable under this Act, shall be that prescribed in Act VIII. of 1859 *(for simplifying the*

দালত।" ও তদ্রূপ প্রত্যেক আদালত সাধারণমতে জিলার জজ সাহেবের ও সদর আদালতের কর্তৃত্বের ও হুকুমের অধীনে থাকিবেক ইতি।

[এই আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমা অন্য কোন আদালতে বিচার্য্য না হইবার কথা।]

৫ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালত যখন এই আইনমতে স্থাপন হয়, তখন এই আইনের বিধানমতে বিচার্য্য বিশ টাকার অধিক মূল্যের যে সকল মোকদ্দমা ঐ আদালতের এলাকার সীমার মধ্যে উদয় হয়, তাহা সেই আদালতে শুনা যাইবেক, ও বিচার হইবেক, ও অন্য কোন আদালতে তাহার বিচার হইতে পারিবেক না ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতির, ও মান্দ্রাজে গ্রামের মুনসেফেরদের ও গ্রামের কি জিলার পঞ্চায়তের, ও সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকেষ্টের, ও মান্দ্রাজে ও বোম্বাইতে ক্ষুদ্র মোকদ্দমার বিচার করিতে নিযুক্ত সেনাপতি সাহেবেরদের, ও মান্দ্রাজে পল্টনের পঞ্চায়তের ক্ষমতা বহাল থাকিবার কথা।]

৬ ধারা। কর্জের কি দেওয়ানী প্রকারের অন্য দাওয়ার সম্পর্কে মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য লোকের, কিম্বা আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেটের যে ক্ষমতা আছে তাহা কিম্বা মান্দ্রাজদেশের চলিত আইনের বিধানমতে গ্রামের মুনসেফেরা, কিম্বা গ্রামের কি জিলার পঞ্চায়ত, কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকেষ্ট, কিম্বা পল্টনের ছাউনি স্থানের যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবেরা ১৮৫৯ সালের ৩ আইনমতে দেওয়ানী ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারা, কিম্বা মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর চলিত বিধানমতে সেই২ রাজধানীর যে ছাউনি স্থানে ও মোকামে সৈন্যেরা থাকে সেই২ স্থানের পল্টনের বাজারে ক্ষুদ্র মোকদ্দমার বিচার করিবার জন্যে উপযুক্তমতে ক্ষমতাপন্ন ও নিযুক্ত এক২ জন সেনাপতি সাহেব, অথবা মান্দ্রাজ রাজধানীর চলিত বিধানমতে পল্টনের লোকেরদের নামে যে২ মোকদ্দমা হয় তাহাতে পঞ্চায়ত, যে২ ক্ষমতামতে কার্য্য করিতে পারেন—সেই২ ক্ষমতা এই আইনের কোন কথাতে রহিত হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[আদালত যে২ স্থানে বসিবেক তাহার কথা।]

৭ ধারা। এই আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত স্থাপন হয়, তাহা স্থানবিশেষের যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট ঐ আদালতের এলাকার সীমানার মধ্যে যে এক কি অধিক স্থান সময়ে২ নির্দ্ধার্য্য করেন, সেই স্থানে কি সেই২ স্থানে বসিবেক ইতি।

[যদি দুই কি ততোধিক স্থানে বসিবার আজ্ঞা হয় তবে বসিবার সময়ের কথা।]

৮ ধারা। যদি সেই প্রকারের কোন এক আদালতের এলাকার সীমার অন্তর্গত দুই কি ততোধিক স্থানে বসিবার আজ্ঞা হয়, তবে যে স্থানে যে সময়ে বসিবেক তাহা ঐ আদালতের বিচারকর্ত্তা, জিলার জজ সাহেবের অনুমতির অপেক্ষা করিয়া, নির্দ্ধার্য্য করিবেন। ও আদালতঘরের কিম্বা সেই আদালত অন্য যে কোন ঘরে বসিবেক সেই ঘরের কোন প্রকাশ স্থানে ঘোষণাপত্র লট্‌কাইয়া, সেই নির্দ্ধারিত সময়ের উপযুক্ত এত্তেলা দিতে হইবেক ইতি।

[কার্য্য চলিবার বিধি ও বর্জ্জিত বিধি।]

৯ ধারা। "দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই, সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন" নামে

Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter), in so far as the same may be applicable and necessary. Provided that in all suits under this Act the summons to the defendant shall be for the final disposal of the suit, and provided also that, at the time of passing a decree under this Act, the Court may on the verbal application of the party in whose favor the decree is passed direct immediate execution of the same by the issue of a warrant directed either generally against the personal property of the judgment debtor wherever it may be found within the local limits of the Court's jurisdiction, or specially against any personal property belonging to the judgment debtor within the same limits which may be indicated by the judgment creditor.

১৮৫৯ সালের ৮ আইনে যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, সেই বিধি এই আইনমতের বিচার্য্য মোকদ্দমার বিচার করিবার কার্য্যেতে যেপর্য্যন্ত খাটিতে পারে ও আবশ্যক হয়, সেইপর্য্যন্ত তাহা মানিয়া কার্য্য হইবেক। পরন্তু এই আইনমতের সকল মোকদ্দমাতে, আসামীর নামে যে সমন দেওয়া যায় সেই সমন মোকদ্দমার শেষ নিষ্পত্তির নিমিত্তে সমন বলিয়া দেওয়া যাইবেক। আরো এই আইনমতে ডিক্রী হইবার সময়ে, যাহার পক্ষে ডিক্রী হয় সে যদি ঐ ডিক্রী জারী হইবার প্রার্থনা আপন মুখে করে, তবে আদালত তৎক্ষণাৎ ঐ ডিক্রী-জারী হইবার হুকুম করিতে পারিবেন, অর্থাৎ আদালতের এলাকার সীমা মধ্যহদ্দের মধ্যে যে কোন স্থানে ডিক্রীমতের খাতকের অস্থাবর সম্পত্তি পাওয়া যায়, সেই স্থানে ঐ সম্পত্তির উপর সাধারণমতের পরওয়ানা বাহির করিয়া, কিম্বা ডিক্রীমতের মহাজন ডিক্রীমতের খাতকের যে কোন অস্থাবর সম্পত্তি ঐ সীমার মধ্যে দেখাইয়া দেয় সেই সম্পত্তির উপর বিশেষমতের পরওয়ানা বাহির করিয়া, ঐ ডিক্রী জারী করিবেন ইতি।

[Execution against immoveable property, if moveable property not sufficient.]

[অস্থাবর উপযুক্ত সম্পত্তি না থাকিলে স্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী হইবার কথা।]

X. In the execution of a decree under this Act, if, after the sale of the moveable property of a judgment debtor, any portion of a judgment shall remain due and the holder of such judgment desire to issue execution upon any immoveable property belonging to the judgment debtor, the Court, on the application of such judgment creditor, shall grant him a copy of the judgment and a certificate of any sum remaining due under it, and on the presentation of such copy and certificate to any Civil Court having general jurisdiction in which the immoveable property of the judgment debtor is situate, such Court shall proceed to enforce such judgment according to its own rules and mode of procedure in like cases.

১০ ধারা। এই আইনমতের ডিক্রী জারীক্রমে, ডিক্রীমতের খাতকের অস্থাবর সম্পত্তি নীলাম হইলে পর, যদি ডিক্রীর কিছু টাকা শোধ হইবার বাকী থাকে, ও ডিক্রীমতের খাতকের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হয় ডিক্রীদার যদি এমত ইচ্ছা করে, তবে ডিক্রীদার দরখাস্ত করিলে আদালত তাহাকে ঐ ডিক্রীর এক কেতা নকল দিবেন, ও সেই ডিক্রীমতে তাহার যত টাকা বাকী পাওনা থাকে তাহার এক সর্টিফিকট তাহাকে দিবেন। ও ডিক্রীমতের খাতকের ঐ স্থাবর সম্পত্তি যে স্থানে থাকে, সেই স্থানে দেওয়ানী যে আদালতের সাধারণ এলাকা থাকে, সেই আদালতে ঐ নকল ও সর্টিফিকট দাখিল হইলে, সেই আদালত তদ্রূপ স্থলে যে বিধি ও নিয়মমতে কার্য্য করিয়া থাকেন সেই বিধি ও নিয়মমতে ঐ ডিক্রী জারী করিবেন ইতি।

[Decision in certain suits to be final. Proviso.]

[কোন২ মোকদ্দমার নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা ও বর্জ্জিত বিধি।]

XI. In suits tried under this Act, all decisions and orders of the Court shall be final. Provided that it shall be competent to the Court, if it shall think fit, to grant a new trial if applied for within the period of thirty days from the date of the decision.

১১ ধারা। এই আইনমতে যে সকল মোকদ্দমার বিচার হয় তাহাতে আদালতের সকল নিষ্পত্তি ও হুকুম চূড়ান্ত হইবেক। পরন্তু নিষ্পত্তির তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে যদি বিচার পুনরায় হইবার প্রার্থনা হয়, তবে আদালত উচিত বোধ করিলে পুনর্ব্বিচার হইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[Court may refer questions of law &c. to Sudder Court.]

[আইন প্রভৃতির কোন কথা হইলে সদর আদালতে জিজ্ঞাসা করিবার কথা।]

XII. If in the trial of any suit under this Act any question of law or usage having the force of law or the construction of a document affecting the merits of the decision shall arise, on which the Court may entertain reasonable doubts, the Court may, either of its own motion or on the application of any of the parties to the suit, draw up a statement of the case and submit it, with its own opinion, for the decision of the Sudder Court.

১২ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমার বিচার হইবার সময়ে যদি আইনঘটিত কোন কথা, কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারের কথা, কিম্বা যে দলীলেতে নিষ্পত্তির দোষগুণের হ্রাসবৃদ্ধি হয় তাহার অর্থের কোন কথা উত্থাপন হয়, ও সেই বিষয়ে যদি আদালতের উপযুক্তমতে সন্দেহ হইতে পারে, তবে আদালত স্বেচ্ছামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের দরখাস্তমতে সেই কথার বেওরা লিখিয়া, ও তদ্বিষয়ে আপনার মত লিখিয়া, সদর আদালতের নিষ্পত্তির নিমিত্তে পাঠাইতে পারিবেন ইতি।

[Court may pass decree contingent upon the opinion of the Sudder Court, pending which execution not to issue.]

[আদালত সদর আদালতের রায়ের অপেক্ষায় ডিক্রী করিতে পারিবেন, কিন্তু ডিক্রীজারীর পরওয়ানা না হইবার কথা।]

XIII. The Court may proceed in the case, notwithstanding a reference to the Sudder Court, and

১৩ ধারা। সেই কথা সদর আদালতে জিজ্ঞাসা হইলেও আদালতে মোকদ্দমার বিচার চলিতে পা-

may pass a decree contingent upon the opinion of the Sudder Court on the point referred; but no execution shall be issued in any case in which a reference may be made to the Sudder Court, until the receipt of the order of that Court.

[Full bench of the Sudder Court to decide cases referred under this Act.]

XIV. Cases referred for the opinion of the Sudder Court shall be dealt with by a full bench of that Court.

[Sudder Court to fix an early day for the hearing of the case. Proclamation thereof.]

XV. The Sudder Court shall fix an early day for the hearing of the case, and shall notify the same by a proclamation to be fixed up in the Court-house of that Court.

[Parties may appear and be heard in person or by pleader.]

XVI. The parties to the case may appear and be heard in the Sudder Court in person or by pleader.

[Decision of Sudder Court how to be transmitted.]

XVII. The Sudder Court, when it has heard and considered the case, shall transmit a copy of its judgment, under the seal of the Court and the signature of the Register, to the Court by which the reference was made; and such Court shall, on the receipt thereof, proceed to dispose of the case conformably to the decision of the Sudder Court.

[Costs of reference to Sudder Court.]

XVIII. Costs, if any, consequent on the reference of a case for the opinion of the Sudder Court shall be costs in the suit.

[No appeal from decision of any existing Court subordinate to a District Court in suits below 20 Rupees. Proviso.]

XIX. No appeal shall lie from a decree of any existing Court subordinate to a District Court in any suit of the description contained in Section II., when the debt, damage, or demand shall not exceed twenty Rupees, but every such decree shall be final, Provided that the provisions of Section IX. and the proviso in Section XI. shall be applicable to every suit in which the decree is by this Section made final.

[No special appeal from decision of any Court subordinate to the Sudder Court in suits below 500 Rupees.]

XX. No special appeal shall lie from any decision or order passed on regular appeal by any Court subordinate to the Sudder Court in any suit of the nature described in Section II., when the debt, damage, or demand for which the original suit shall be instituted, shall not exceed five hundred Rupees. But every such order or decision shall be final.

[*Government Gazette*, 10*th May*, 1859.]

রিবেক, ও যে কথা সদর আদালতে জিজ্ঞাসা হইয়াছে সেই কথার উত্তর পাইবার অপেক্ষায়, ডিক্রীও হইতে পারিবেক। কিন্তু কোন কথা সদর আদালতে জিজ্ঞাসা হইলে, যাবৎ সেই কথার উত্তর না পাওয়া যায় তাবৎ ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[এই আইনমতের জিজ্ঞাসাকরা কথার নিষ্পত্তি সদর আদালতের সমস্ত জজ সাহেবের দ্বারা হইবার কথা।]

১৪ ধারা। সদর আদালতের রায় জানিবার জন্যে যে সকল কথা জিজ্ঞাসা করা যায়, তাহার বিচার ঐ আদালতের সমস্ত জজ সাহেবের বৈঠকে হইবেক ইতি।

[সদর আদালতে সেই মোকদ্দমা শুনিবার দিন অবধারণ নিরূপণ হইবার ও তাহার এত্তেলা দিবার কথা।]

১৫ ধারা। সদর আদালত ঐ মোকদ্দমা শুনিবার দিন অবধারণ নিরূপণ করিবেন, ও সেই আদালত ঘরে তাহার ঘোষণাপত্র লটকাইয়া ঐ দিনের সম্বাদ দিবেন ইতি।

[উভয় পক্ষের স্বয়ং কি উকীলের দ্বারা হাজির হইয়া শুনা যাইবার কথা।]

১৬ ধারা। মোকদ্দমার উভয় পক্ষ নিজে কি উকীলের দ্বারা সদর আদালতে হাজির হইতে পারিবেক, ও তাহারদের কথা শুনা যাইতে পারিবেক ইতি।

[সদর আদালতের নিষ্পত্তি পাঠাইবার কথা।]

১৭ ধারা। সদর আদালতের সাহেবেরা মোকদ্দমা শুনিয়া বিবেচনা করিলে পর, আদালতের মোহর ও রেজিষ্টর সাহেবের দস্তখৎযুক্ত আপনারদের রায়ের এক কেতা নকল, যে আদালতহইতে জিজ্ঞাসা করা যায় সেই আদালতে পাঠাইবেন। ও সেই আদালত তাহা পাইলেই সদর আদালতের নিষ্পত্তিঅনুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

[সদর আদালতে জিজ্ঞাসা করিবার খরচের কথা।]

১৮ ধারা। সদর আদালতের রায় জানিবার জন্যে কোন মোকদ্দমা অর্পণ হইলে, তাহার যদি কিছু খরচ লাগে তবে তাহা মোকদ্দমার খরচা হইবেক ইতি।

[জিলার আদালতের অধীন আদালতে ২০৲ টাকার কম মূল্যের মোকদ্দমা হইলে ঐ আদালতের নিষ্পত্তির উপর আপীল না হইবার কথা ও বর্জিত কথা।]

১৯ ধারা। জিলার আদালতের অধীন যে কোন আদালত এখন থাকে, সেই আদালতে ২ ধারার লিখিত প্রকারের কোন মোকদ্দমাতে যদি বিশ টাকার অনধিক কর্জ কি খেসারৎ কি দাওয়ার বাবতে নালিশ হয়, তবে সেই মোকদ্দমাতে ঐ আদালতের ডিক্রীর উপর আপীল হইবেক না। তদ্রূপ প্রত্যেক ডিক্রী চূড়ান্ত হইবেক। পরন্তু এই ধারামতে যে ডিক্রী চূড়ান্ত করা গেল, সেই ডিক্রী যেং মোকদ্দমাতে করা যায় ঐ মোকদ্দমার উপর ৯ ধারার বিধান ও ১১ ধারার বর্জিত বিধি খাটিতে পারিবেক ইতি।

[সদর আদালতের অধীন কোন আদালতে ৫০০৲ টাকার কম মূল্যের মোকদ্দমাতে যে নিষ্পত্তি হয় তাহার উপর খাস আপীল না হইবার কথা।]

২০ ধারা। ২ ধারার লিখিত প্রকারের কোন মোকদ্দমাতে, যদি ৫০০৲ টাকার অনধিক মূল্যের কর্জ কি খেসারত কি দাওয়ার বাবতে আসল মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে সেই মোকদ্দমাতে সদর আদালতের অধীন কোন আদালত জাবেতামতের আপীলমুখে যে কোন নিষ্পত্তি কি হুকুম করেন তাহার উপর খাস আপীল হইবেক না। কিন্তু সেই প্রকারের প্রত্যেক হুকুম কি নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।